- (3) there is no indication as to how the Government have been going to remodel the existing high schools without dislocating the existing system and without restricting the existing facilities for high school education;
- (4) there is no mention of University education, a cursory reference to Bengal Engineering College and the College of Engineering and Technology, Jadavpur, being excepted, and no mention has been made of increasing grants to colleges affiliated to the University; and
- (5) there is no indication as to the principles on which reorganization of States should be effected."

Janab Abdul Halim:

মিস্টার চেয়ারম্যান, স্যার, মাননীয় রাজ্যপাল মহোদয় সেদিন যে ভাষণ এথানে দিয়েছেন, আমি সেটা খুব মনোযোগ সহকারে পড়েছি। প্র্ব প্র্ব বংসরের ন্যায় এবারও তাঁর ভাষণে তিনি সোনালী আশার রঙ্গীন স্বন্দ তুলে ধরেছেন—তাতে আমাদের কোন আপান্ত নেই। নৈতিক বন্ধব্য এবং সদ্পদেশ ছাড়া তাঁর ভাষণে ন্তন কোন কথা দেখি না। এ বছর রাজ্যসরকার যেসব কাজ করেছেন—পথঘাট নির্মাণ, কুটিরাশিলপ, গভীর সম্দ্রে মংস্য শিকার—১৯৫০ সাল থেকে ১৯৫৫ সাল পর্যন্ত ৪৩ হাজার মণ মাছ তাঁরা ধরেছেন—হরিণঘাটায় খাটাল স্থানাস্তর, বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা—দ্বাপান্ব প্রোজেক্ট, ময়্রাক্ষী প্রোজেক্ট এবং আরও বিভিন্ন পরিকল্পনায় যেসব অর্থ বায় হয়েছে, তার একটা ফিরিস্টিত তার ভাষণে আছে। মাননীয় রাজ্যপালের বক্তৃতা পড়ে মনে হয় যেন, সমস্যাসত্বল পশ্চিমবাংলার সব সমস্যার সমাধান হয়ে গেছে। সেইজন্য তাঁর ভাষণের শেষে, তাঁর দ্বিভিপথে ভবিষাতের রঙ্গাঁণ ছবি ভেসে উঠেছে—উর্বর

কৃষিক্ষেত্রগর্নাল সোনালী ফসলে ভরে উঠেছে, বাংলাদেশের সমস্ত সহর এবং গ্রামগর্নাল শ্রমিকদের সদত্বট চিত্তের আনন্দ কোলাহলে মৃখর হয়ে উঠেছে, ছাত্র যুবকরা সেখান থেকে কুণ্টি ও সংস্কৃতির শিক্ষালাভ করছে—সেইসব তার মধ্যে আছে। তিনি তাঁর স্বন্দ নিয়ে থাকুন তাতে আমাদের আপত্তি নেই—তাঁর স্বন্দ আমরা ভাঙ্গাতে চাই না। "স্বন্দ যদি মধ্র হয়, হোক না মিছে কল্পনা। তব্ আমায় জাগাইও না, জাগাইও না"—অনেক কবি এই গান গেয়ে থাকেন। যাক তাতে আমাদের আপত্তি নেই।

রাজ্যপাল মহোদয়ের ভাষণের উত্তরে আমি এই কথাই উল্লেখ করব যে, আজ আমরা খবে গুরুতর পরিস্থিতির মধ্যে একটা সঙ্কটজনক পরিস্থিতির মধ্যে বাস করছি। আমাদের এ**ই** মাতভাম বাংলাদেশকে, ভাষাভিত্তিক রাণ্ডে পূনুগঠিন করার চেণ্টাকে জলাঞ্জলি দিয়ে তাকে বিল_রণ্ড করার জন্য প্রচেন্টা হচ্ছে। বাংলাদেশকে নৃতনভাবে ভাষাভিত্তিক রাষ্ট্র হিসাবে গঠন করার জন্য বাংলাদেশে ও ভারতবর্ষে জাতীয় আন্দোলন মারফং বহু বংসর ধরে আমরা চেষ্টা করে এসেছি। ইংরাজ আমলে তারা দেশকে বিচ্ছিন্ন করেছিল—দেশকে ভেঙ্গে দিয়ে ট্রকরা ট্রকরা করে তাদের ইচ্ছামত দেশকে শাসন করবার চেণ্টা করেছিল। আমরা আশা করেছিলাম যখন দেশ স্বাধীন হবে তখন ভারতবর্ষে বিভিন্ন ভাষাভাষী রাষ্ট্রগুলি তাদের নিজেদের ভৌগোলিক সীমানার মধ্যে তাদের ভাষা ও সংস্কৃতিকে সংরক্ষণ করে ঐক্যবন্ধ হয়ে ভারতবর্ষকে গড়ে তুলবে । কিন্তু আমরা দেখতে পাচ্ছি সেদিকে কোন লক্ষ্য নেই । আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় তিনি যেমন এদেশের নাগরিক, আমরাও তেমন এদেশের নাগরিক। কিন্তু তিনি আমাদের কারও সঙ্গে কোন পরামর্শ না করে, এখানকার ২ কোটি ৪৮ লক্ষ লোকের মতামত না নিয়েই বাংলাদেশকে বিহারের সঙ্গে সংযান্তিকরণের চেন্টা করছেন। আমি এর তীব্র প্রতিবাদ করছি —বাংলাদেশের প্রত্যেকটা মানুষ এর তীব্র প্রতিবাদ করবে। আমরা আশা করেছিলাম বাংলা-দেশের কংগ্রেস স্বাধীনতা পাবার পর থেকে স্বুষ্ঠ্যভাবে দেশকে উন্নতির পথে এগিয়ে নিয়ে যাবে, দেশে শান্তি প্রতিষ্ঠা হবে। কিন্তু কংগ্রেস রাজত্বে কি দেখছি? বাংলাদেশে সমস্ত শান্তিপূর্ণ আন্দোলনকে দমন করা হচ্ছে, ভাষাভিত্তিক রাষ্ট্র গঠন করার জন্য যে প্রচেষ্টা হচ্ছে তাকে গলা টিপে হত্যা করা হচ্ছে। এ°রা আহিংসার বাণী প্রচার করে থাকেন। আজকে বাংলাদেশে জাতীয় আন্দোলনকে দমন করার চেণ্টা হচ্ছে—বোন্দেব, উড়িষ্যায়ও সেই চেণ্টা হচ্ছে —এই রকম করে সমগ্র বাংলাদেশে, সমগ্র ভারতবর্ষে বিশৃত্থলার সূচ্টি হচ্ছে এবং অরাজকতার **স**ৃষ্টি হচ্ছে। আজ বাংলাদেশ যে চেণ্টা করছে তাতে আমাদের ঐক্য, আমাদের শান্তি. আমাদের সংস্কৃতি ফিরে আসবে। আমরা বিহারের সমস্ত জমি নিতে চাইনি। চেয়েছিলাম ভাষাভিত্তিক রাষ্ট্র, কন্টিগিউয়াস এলাকা—জনমত এবং সংস্কৃতির কালচার রক্ষার ভেতর দিয়ে দেশকে গড়ে তুলতে হবে, কিন্তু জানি না কেন বিহার সেই জায়গাগর্বল আমাদের দিতে চায় নি। যদি তাঁদের সংঘ্রন্তিকরণের ইচ্ছাই ছিল, তাহলে সেদিন বাংলার যে দাবী ছিল সেগর্নুল নিয়ে বাংলাদেশকে ঐক্যবন্ধ করে ভাষাভিত্তিক প্রদেশ গঠন করার চেণ্টা তাঁরা করেন নি কেন? আজ ডাঃ রায় জামসেদপূরের পাঁচশ' স্কোম্বার মাইলস জায়গা ছেড়ে দিয়ে এলেন--তারপরে থবর পেলাম বাংলা-বিহার সংযাত্তিকরণের চেণ্টা করা হবে-একটা হাইকোর্ট হবে. রাজ্যসভা হবে, পরিষদ হবে। তা ছাড়া সমস্যাগ**ুলির জন্য প**ুলিশ একটা থাকা**র** দরকার হবে। বড় বড় লোক, ধনিকদের স্বার্থ রক্ষার জন্য পর্বালশ একটা করার দরকার হবে —হাঙ্গামা দমনের জন্য দরকার হবে। আমি বলচ্ছি বাংলাদেশের কোন স‡স্থর্মাস্তত্ক মান**্**ষ এই প্রস্তাব সমর্থন করবে না। আমি মনে করি হয়ত কংগ্রেসের মধ্যেও গ্রন্তান উঠেছে, তাঁদের কেউ কেউ হয়ত এ সম্বন্ধে আপত্তিও তুলেছেন—আমি মনে করি এই প্রস্তাবের বিরুদ্ধে তাঁরা তীর প্রতিবাদ করবেন। যখন এই প্রস্তাব আসবে তখন এ সম্বন্ধে বিস্তারিত আলোচনা করব। কিন্তু অত্যন্ত দ্বঃথের সঙ্গে আজ আমি বলতে বাধ্য হচ্ছি যে, আমাদের সামনে এই যে সমস্যাগ্রিল এসেছে, রাজ্যপাল মহাশয়ের ভাষণে সে সম্বন্ধে কোন নির্দেশ আমরা পাই নি —আমরা জানতে পারি নি তিনি কিভাবে এটার সম্বন্ধে চিন্তা করছেন। তিনি আমাদের স্টেটের কর্ণধার—তাঁর কাছ থেকে আমরা আশা করেছিলাম বাংলাদেশের ভবিষ্যৎ কিভাবে গ'ড়ে উঠবে, কিভাবে বাংলাদেশের সমাজ গ'ডে উঠবে, কিভাবে বাংলাদেশের পলিসি নির্ধারিত হবে, সে সম্বন্ধে কিছ্ শ্নতে পাব—সে সম্বন্ধে তাঁর কিছ্ বলারও প্রয়োজন ছিল। তিনি বাংলা-দেশের শাসনব্যবস্থার পরিচালক। কিভাবে দেশে সমাজ গ'ড়ে উঠবে, দেশ কোন্ পথে যাবে, তাঁর কাছ থেকে সে সন্বন্ধে স্নিদিশ্টি নির্দেশ আমরা আশা করেছিলাম কিন্তু তা আমরা পাই নি। এ সন্পর্কে আর বেশি কিছু বলব না। এ প্রস্তাব যখন আসবে তখন আমরা সমস্ত শক্তি দিয়ে বাংলাদেশে প্রতাকটা লোক তাদের সমস্ত শক্তি দিয়ে এই মার্জারের বিরুদ্ধে লড়বে। আমি এখন মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে যেসমস্ত কথাগ্লি বাদ পড়েছে বা তিনি যা বলেছেন সে সন্পর্কে গা্টি কয়েক কথা বলব।

মাননীয় রাজ্যপাল মহাশয় ল্যান্ড রিফর্মস বিল এবং এস্টেটস এাাকুইজিশন এাাক্টের সন্বন্ধে বলেছেন এবং সংগে সংগে বলেছেন যে. ৮ হাজার তহশীলদার সংগৃহীত হয়েছে। কিন্তু বাংলাদেশ ভূমিসমস্যায় জর্জরিত, সেখানে ৬০ লক্ষ লোকের জিম নেই। ভাগচাযী, জিমহীন মজরুর, তাদের পরিবারসহ ৬০ লক্ষ লোক সেখানে বাস করে। সরকার আশা করেছিলেন, লাান্ড রিফর্মস বিল পাশ করার পর ৬ লক্ষ একর জিম তাঁরা পাবেন, কিন্তু সেই জিম কিভাবে ভূমিহীন চাষীদের দেওয়া হবে? কিভাবে সেগালি বন্টন করা হবে, সতাই ভূমিহীন চাষীসে জিম পাবে কিনা, সে সম্পর্কে কোন নির্দেশ গভর্নমেটের পক্ষ থেকে আমরা পাই নি। আজকে জিমদার ও জোতদারেরা সমস্ত জিম হস্তান্তর করে দিছেন, উঠবন্দী প্রজা, ঠিকা প্রজা বাপকহারে জিম থেকে উচ্ছেদ হছে। ২৪-পরগনা, মেদিনীপ্রে, বীরভূম, বর্ধমান সর্বত্রই এক অবস্থা। আজকে সেখানে খুন, জথম হচ্ছে। জিমদার শ্রেণীর লোকেরা চাষীয়া যাতে ঘরে ফসল তুলতে না পারে, সেই চেণ্টা করছে—যে ভাগচাষীয়া ধান তৈরি করে, তাদের ধান কেড়ে নিছে এবং সেখানে প্রলিস জমিদারদেরই সমর্থন করছে। কাজেই গরীব জনসাধারণের স্বার্থ যে আপনারা সংরক্ষণ করছেন এমন কোন ব্যবন্থা আমরা এর মধ্যে দেখতে প্রাছিছ না।

[9-50—10 a.m.]

শ্রমিক সম্পর্কে তিনি অনেক কথাই বলেছেন, ১৯৫৫ সালে চা-বাগানে যে ধর্মঘট হয়েছিল, স্টীমার কোম্পানির ধর্মঘট, সে সম্বন্ধে রাজাপাল মহাশয় কিছ, উল্লেখ করেছেন। সরকারী শ্রমনীতি শ্বেতা স্বালিকদের স্বার্থে পরিচালিত হচ্ছে। চা-বাগানে দার্জিলিং ও ডয়ার্সের শ্রমিকদের জ্বন মাস এবং অগাস্ট মাসে ৬৮টি টি গার্ডেনএর মধ্যে ৬৩টি টি গার্ডেনে ধর্মঘট হয়েছিল। তাদের দাবী ছিল বোনাস, ওয়েজ স্কেল রিভিসন, মজ্রী বৃদ্ধি ইত্যাদি। এই সব নিয়ে তারা যথন আন্দোলন আরম্ভ করেছিল তথন শ্বেতাঙ্গ মালিকদের কাছ থেকে প্রথমে বাধা আসে। তার ফলে শ্রমিকরা ধর্মাঘট করতে বাধ্য হয়েছিল। তখন সরকার থেকে এদের উপর গুলী চালিয়ে ৬ জনকে খুন করা হ'ল এবং যারা শ্রমিক আন্দোলনে নেতৃত্ব করেছি**ল** তাদের গ্রেপ্তার করা হ'ল। এদের মধ্যে রতনলাল ব্রাহ্মণ এবং আরও অনেক নেতাদের গ্রেপ্তার করা হ'ল। শেযে শ্রমিকদের চাপে সরকার ওয়ারেন্ট উইথড্র করতে বাধ্য হ'ল। এই সব শ্রমিক নেতারা যারা একটা আপোষ নীমাংসার জন্য চেণ্টা কর**িছল তাদেরই উপরে সরকারের** দূর্ণিট বেশ্বী করে পডল। যদিও ট্রিপার্টাইট কনফারেন্সএ তাদের ডি.এ এবং অন্যান্য দা**বী** কতকটা স্বীকৃতি লাভ করেছিল, কিন্তু এই শ্বেতাণ্গ মালিকরাই তাদের আবার ১৯৫৪ সালের বোনাস দিতে অস্বীকার করল। ট্রাইবানোলএর সিম্পান্ত পর্যন্ত তারা মেনে চলে না। কিন্তু আজও তার কোন স্মৃত্যু মীমাংসা হ'ল না। তারপর পাটকল সম্বন্ধে দেখি, **শ্রমিকদের** অবস্থা আরও ভয়াবহ। সেখানে রেসানালাইজেশনএর নাম করে ছাঁটাই হচ্ছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আপনি একট্ আন্তে বল্ন। আমার বৃদ্ধি কম সেজন্যে ব্রুতে পারছি না।

Janab Abdul Halim:

আপনার বৃদ্ধি খৃব প্রথর, নতুবা বাংলাদেশকে এই অবস্থার মধ্যে নিয়ে যেতে পারতেন নাঃ

Mr. Chairman: Mr. Halim, please speak low and slow

Janab Abdul Halim:

আমি আস্তে বলতে পারি, কিন্তু

I am afraid that my time will be curtailed.

আই, জে, এম, এ, থেকে বলা হরেছিল রিট্রেণ্ডমেন্ট করা হবে না, কিন্তু এখন তারা তা ডিনাই করছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এখন বেশ শুনা যাচ্ছে।

Janab Abdul Halim:

বেশ, আমি যে কথা বলছিলাম শ্নুন্ন।

আই, জে. এম. এ. সাড়ে তিন আনা মজ্বরের সামান্য দাবী সেট্কুও তাঁরা কেটে নিতে যাচ্ছেন। কর্নাসলিয়েশন মেসিনারী সম্পর্কে আমি বলতে চাই—তাঁরা খবে আন্তে কাজ করেন। ব্যুনালের সামনে শ্রমিকদের যে-কোন কেস উপস্থিত করা হয় সে কেস মাসের পর মাস চলতে থাকে। যথনই তাঁরা শ্রামকদের 'ফর'এ অর্থাৎ পক্ষে কোন সিম্পান্ত দেন মালিকেরা তা কার্যকিরী করতে চান না; তাতে যথেণ্ট গোলমাল হয়। আমরা জানি যে, রাজ্যপাল মহাশয়ের ভাষণে আছে যে, সোভিয়েট দেশ থেকে মহামান্য নেতারা এসেছিলেন, সেজন্য তাঁদের প্রতি শ্রন্থা দেখাবার অনেক কিছু ব্যবস্থা হয়। সেইজন্য বেলঘরিয়ার কারখানার শ্রমিকেরা কাজ বন্ধ করে তাঁদের দেখতে আসার জন্য ছুটি চেয়েছিল। তারা অনেকে যখন এসে কলকাতা শহরে মহামান্য অতিথিদের দেখবার জন্য সমবেত হয়েছিল তখন তাদের বেতন পর্যন্ত কাটা হল। সেটাকে ছাটি হিসাবে ঘোষণা করা হল না। সেইজন্য আমি বলতে চাইছি—গভর্নমেন্টের **যে** শ্রমনীতি সেটা হচ্ছে মালিকঘে ষা শ্রমনীতি তাতে যে সমুহত জটিল অবস্থার স্টিট করেন তা <u>"বারা শ্রমিকেরা "স্টাইকের' পথে যেতে বাধ্য হয়। দিনের পর দিন মাসের পর মাস না খেয়ে</u> থেকে কেউ 'স্ট্রাইক' করতে চায় না কিন্ত সরকারের শ্রমনীতি বাধ্য করে শ্রমিকদের 'স্ট্রাইক' করতে। আমরা চাই শ্রমিকেরা কারখানায় কাজ কর্ত্বক, উপযুক্ত বেতন পাক, নিজেদের কাজ নিজেদের জিনিস নিজেরা ম্যানেজ কর্ক, তাহ'লে তারা নিজেদের কালচারের উল্লতি করার জন্য সময় দিতে পারে, এইটে আমরা চাই। কিন্তু গভর্নমেন্ট পক্ষ থেকে সে চেন্টা করেন না। रुठे हेन्সि अत्रन्म लिवात्तत अरक्क, किन्कु स्मिशात नाना तकम विभाष्यमा हरू । तवार्षे हाफ्यन কোম্পানির কারখানায় একটা লোক জখ্ম হয়ে যায়। সেখানে তাকে স্টেট হাসপাতা**লে** ভর্তির জন্য চেণ্টা করে কোনো ফল হয় না, শ্রামকেরা স্ট্রাইকের হুর্মাক দিয়ে বাধ্য করল যখন, তখন তাকে হাসপাতালে ভতি করার জন্য পাঠানো হয়। এই ত অবস্থা শ্রমিকের ব্যাপারে!

তারপর রাজ্যপাল মহাশয় বলেছেন রেফিউজীদের সম্পর্কে, উন্বাস্তুদের সম্পর্কে ২ লক্ষ ৪০ হাজার এখনও ক্যাম্পে আছে, ৩০ লক্ষ বাস্তৃহারা পূর্ববংগ থেকে এসেছে। রাজ্যপাল বলেছেন—বাস্তৃহারা প্নের্বাসন সম্বন্ধে সরকার সাধামত চেন্টা করছেন। তবে স্থানাভাব ও আর্থিক সংকটের অবস্থায় উন্নতি ধীরে ধীরে হবে। কিন্তু কিভাবে প্রনর্বাসন হবে. গভর্ন-মেন্টের যে কি নীতি সে সম্পর্কে কোন উল্লেখ তাঁর ভাষণে দেখছি না। আমি একটা বিষয় গভর্নমেন্টের নজরে আনতে চাই। তাঁরা জানেন না ২ লক্ষ ৪০ হাজার উদ্বাস্ত্ যারা নাকি ক্যান্দেপ আছে, কিভাবে তারা জীবনযাপন করছে। সেখানে যেসব 'ওয়ার্ক'সাইট' ক্যান্প আছে সেখানে ছোট ছোট তাঁবতে শীতের রাত্রে, গ্রীন্মে, বর্ষায়, হিমে, রোদ্রে ও ব্রিটতে কিভাবে তারা বাস করে তা যদি আপনারা দেখেন তাহলে আশ্চর্য হয়ে যাবেন। বেলম্ডি, পাল্লাবোড় এবং বীরভূমে, রাজাপালের ভাষণে শূনলাম বীরভূমে সেখানে সমস্ত দেশের চেহারা বদলে গিয়েছে, প্রাকৃতিক অবস্থা বদলে গিয়েছে। গ্রীষ্মকালে গিয়ে দেখেছি গত বছর মে মাসে সেখানে কলেরা লেগেছে অনেক লোক তাতে আক্রান্ত হয়েছে। কিন্তু সেখানে জলের বাবস্থা নাই। কাঠফাটা রোদ অথচ জলের বাবস্থা নাই। দুধারে জমি, Verdant green সেখানে এখনও পর্যানত ফসল হওয়ার সম্ভাবনা দেখা দেয় নি। কেবল খালের ধারে এক একটা বাবলা গাছ আছে। সেদিন তিলপাড়া যাওয়ার আগে দেখলাম যেসমস্ত ওয়ার্কসাইট ক্যাম্প রয়েছে তাদের ক্যাশডোল দেওয়া বন্ধ হয়েছে। অথচ জায়গাগ**্নলি এমন যে, কোন মান**্ব স্পানে বাস করতে পারে না। এ অবস্থায় মানুষের পুনর্বাসন হয় না। মানুষ চায় তার

বাড়ীঘর জারগা-জমি নিয়ে বাস করতে, লাইনের ধারে বা রেলের ধারে ছোট ছোট টেন্টে, কাচ্চাবাচ্চা নিয়ে দ্ব' হাত উ'চু একটা টেন্টে থাকার ফলে মান্ধের সংস্কৃতির—তার কালচারের কি হতে পারে—সেটা ভেবে দেখতে হবে। মান্ধ যখন বনে জণ্গলে বর্বর যুগে বাস করত, তখন তারা ঐ অবস্থায় বাস করতে পারত। কিন্তু এখন আর ঐ অবস্থায় বাস করা সম্ভব নয়।

[10-10-10 a.m.]

এখন বেকার সমস্যা সম্পর্কে আমি সামান্য করেকটি কথা বলব। মাননীয় রাজ্যপাল মহাশয় বেকার সমস্যার কথা বলেছেন। কিন্তু বেকার সমস্যা সমাধানকলেপ সরকারের যে কি পরিকলপনা তার কোন উল্লেখ নাই। এ সম্বন্ধে সরকারের যে কি নীতি তা জানা দরকার। গত বংসর রাজাপালের যে ভাষণ তা আলোচনাকালে দেখেছিলাম তখন ৩ লক্ষ ৫৮ হাজার মধ্যবিত্ত সাধারণ লোক চাকরী খুলছে, আর এক লক্ষ কয়েক হাজারের মতন অর্ধ বেকার। বাংলাদেশের বেকারের সংখ্যা ছিল ৯ লক্ষেরও বেশী। জানি না সে সম্যত হতভাগা কিভাবে আছে। কিভাবে তারা পথে-ঘাটে জীবন্যাপন করছে! তাঁর ভাষণে দেখেছি স্টেট ট্রান্সপোর্টে তিন হাজারকে কাজ দিয়েছেন, আর প্রাইমারী শিক্ষকর্পে ২০ হাজারকে স্পেশাল কেডার হিসেবে নিযুক্ত করেছেন। এই ২০ হাজার এখন চাকরীতে নিযুক্ত আছে। আর সিভিল সাণ্লাইয়ের ১৫,৫৪৯ জনের মধ্যে ১১ হাজারকে কাজ দেওয়া হয়েছে। বাকি যারা বেকার সেই হতভাগারা, এম-এ, বি-এ পাস-করা ছেলেরা বেকার সেজে বেকারের লিস্টে বা রেজিস্টারীজে নাম লিখিয়েছে—তাদের আজ কি অবস্থা—তারা ব্যুভুক্ষ্বর জীবন্যাপন করছে। আশা করি সরকার এ বিষয়ে জবাব দেবেন।

তারপরে কয়েকটা কথা বলে বক্তব্য শেষ করব—সেটা হচ্ছে প্রলিশ রিপ্রেসন সম্বন্ধে। যথন স্ট্রাইক দেখি, আমি দাজিলিংএর কথা উল্লেখ করে বলেছি, ডক শ্রমিক আন্দোলনের কথা বলতে পারি। স্টীমার ওয়ার্কারস বা সিমেন ওয়ার্কারস থেকে যথন কোন আন্দোলন করা হয় গভর্নমেন্টের তথনি যে অস্ত্র রয়েছে সিকিউরিটি এ্যাক্ট এবং ডিফেন্স অফ ইন্ডিয়া এ্যাক্ট তা দ্বারা তাদের নেতাদের ধরা হয়, তারপর শ্রমিকেরা যথন তাদের দাবী-দাওয়া নিয়ে অগ্রসর হতে যায়, কৃষকেরা যথন তাদের দাবী-দাওয়া নিয়ে আন্দোলন করতে যায়, তখন প্রলিশ মহাপ্রভরা আছেন-তারা সেখানে গিয়ে তাদের মারধাের করে, ১৪৪ ধারা জারী প্রভৃতি যত রকমে সম্ভব সিভিল লিবার্টি কারটেল করে। তার পর আন্দোলন বন্ধ করবার জন্য তাদের জেলে পাঠানো হয়। তারপরে পি, ডি, এ।ক্টে মামলা করে তাদের আটক রাখা হয়। চা-বাগানের কথা আগেই বলেছি। সেখানে স্ট্রাইক হ'ল, পর্বালশ এসে শ্রমিকদের গ্রেপ্তার আরম্ভ করল। মাস এ্যারেস্ট এবং সংগে সংগে গ্লীও চলল! যখন এ নিয়ে কোন্চেন করা হয় তখন উত্তর হয় — "হার্টী. গুলী চালাবার প্রয়োজন ছিল।" তাদের হাতে গুলী আছে, বারুদ আছে, অদ্র আছে, কাজেই গ্লী চালাতে পারে, গ্লীর মর্ম জানি। জেলের আস্বাদও অনেক পেয়েছি। তারপরে আর একটা কথা মনে পড়ে গেল। শুনে আসছি গভর্নমেন্ট আমাদের সব কিছুই করবেন। সব ব্যবস্থারই মালিক তাঁরা। এই ধর্ন, ভেজাল নিয়ে যত কিছ্ব করা হ'ল, লোকদের ধরা হ'ল, কিন্তু তারপরে কি—তা জানি না। ফলে ভেজাল যেমন ছিল-তেমনি চলছে—খাদ্যে ভেজাল, ওষ্ট্রপত্রে ভেজাল, কোন কিছুরই প্রতিকার হয় না। সর্ব**ত্রই** 'ক্রাপশন র্য়াপ্প্যান্ট'—

কিন্তু গভর্নমেন্ট কোনদিন সাধারণ লোকের কাছে সহযোগিতা বা সাহাযা চান নি। যেসমন্ত অসাধ্ ব্যবসায়ী ও দোকানদার ভেজাল জিনিসের চোরাকারবার চালাচ্ছে, ভেজাল জিনিসের বাজারে বিক্রয় করছে, সেই ভেজাল কারবার বন্ধ করবার জন্য তাঁরা জনসাধারণের সহযোগিতা চান নি। আজ দেশ করাপ্শন, দ্নীতিতে ভ'রে গেছে। রাজ্যপাল মহাশরের ভাষণে তার কোন উল্লেখ নেই। দেশের শাসনকর্তারা—৩০ জন মন্ত্রী এখানে আছেন—তাঁরা এ বিষয়ে কি করছেন; তাঁদের পর্নলস আছে, বিভিন্ন বিভাগ আছে, এইসব ভেজাল কারবার ও দ্নীতিম্লক কাজকর্ম দমন করবার কি নীতি অবলন্বন করেছেন—তা আমরা জানি না। এ সম্বন্ধে মাননীয় রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই। এ বিষয়ে তাঁর গভর্নমেন্ট কোন

পরিকল্পনা নিয়েছেন কিনা তাঁর বস্তৃতার মাধ্যমে আমরা জানতে পারি নাই। আমি আর বেশী কথা বলতে চাই না—দরকার হ'লে পরে বলব।

Mr. Chairman: Dr. Chakrabarty wants to speak on his amendment later. Prof. Bhattacharyya, do you want to speak on your amendment now?

8j. Nirmal Chandra Bhattacharyya: Sir, I shall speak on my amendment later.

Mr. Chairman: Sjkta. Anila Debi, please speak on your amendment now.

Sjkta. Anila Debi:

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ আমাদের কাছে করেছেন. সেই ভাষণের মধ্যে শিক্ষাসংক্রান্ত নীতি সম্পর্কে কোন কথার উল্লেখ নেই—যে কথাগ**়িল থাকা উচিত ছিল বলে আমার মনে হয়।** আমি সে সম্বন্ধে আমার বক্তব্য উপস্থিত করছি। মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর সরকারের শিক্ষাপ্রচেন্টার দ্রুত উল্লয়নের কথা বলেছেন —কিছ্ম কিছ্ম ফ্যাক্টস ফিগার্স ভাষণের মধ্যে দিয়ে দিয়েছেন। সেই উন্নয়ন প্রচেণ্টা কত দ্রুভ-তালে চলেছে, সে সম্বন্ধে বিতর্কের মধ্যে না গিয়েও আমি তাঁর একটা বস্তুব্যের বিষয় এখানে উপস্থিত করতে চাইছি—সেটা হচ্ছে যে, মাননীয় রাজ্যপাল মহাশয় যদিও বলেছেন যে, শিক্ষক-দের সাভিস কন্ডিসন ইমপ্রভ করবার জন্য কিছ্ব টাকা বরান্দ করেছেন, কিন্তু সেই প্রসংগ এটা স্বীকার করতে হচ্ছে যে, তাঁর বস্তুতার কোথায়ও শিক্ষকদের বেতনবান্ধি সম্পর্কে কোন উল্লেখ নাই। এই প্রসংগে আমার বস্তব্য কেন্দ্রীয় সরকারের শিক্ষা উপদেষ্টা জনাব হুমায়ুন কবীর যে ঘোষণা করেছিলেন. তাতে তিনি বলেছিলেন. কোন স্তরের শিক্ষকেরই নতুনতম বেতন ১০০ টাকার কম হওয়া উচিত নয়। আমার মনে হয়—রাজ্যপালের ভাষণে সে কথার উল্লেখ থাকা উচিত ছিল। দিবতীয় কথা হচ্ছে—দিবতীয় পণ্ডবার্ষিকী পরিকল্পনায় শিক্ষা-খাতে কেন্দ্রীয় সরকারের শিক্ষা বিভাগ যে ১,০৮০ কোটি টাকা দাবী করেছিল, সেই দাবী উপেক্ষা করে স্ব্যানিং কমিশন টাকা বরান্দ ক্রমাগত কমিয়ে কমিয়ে বর্তমানে ৩২০ কোটি টাকায় এনে দাঁড় করিয়েছে—সে সম্বন্ধে আমাদের রাজ্যসরকারের কি দাবী ছিল—তাঁর বক্ততায় তার উল্লেখ থাকা উচিত ছিল। কারণ যদি পর্যাপ্ত টাকা কেন্দ্র থেকে না পাওয়া যায়, এবং র্যাদ রাজ্য সরকারও উপযুক্ত পরিমাণে টাকা দিতে না পারেন—তাহলে তিনি যদি ঘোষণা করেন শিক্ষকদের সার্ভিস কন্ডিসন ইমপ্রভ করার জন্য তাঁর সরকার ব্যবস্থা করেছেন সেটা মিথ্যা প্রতিপন্ন হবে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের রাজ্যসরকার নানা উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করতে যাচ্ছেন কিন্তু অতি দুঃখের সংখ্য একথা বলতে বাধ্য হচ্ছি যে. শিক্ষার উন্নতির জন্য কোনপ্রকার স্বচ্ছ ও স্বৃষ্ঠ্ব দ্বিটভগ্গীর কোন পরিচয় আমরা ভাষণে পাচ্ছি না। মেসিনারী তাঁরা তৈয়ার করতে চাচ্ছেন কিন্তু মেসিন চালকগণকে উপযুক্ত করার কোন প্রচেণ্টা আমরা দেখতে পাই না। স্বৃতরাং আমাদের মনে হয় উল্লয়ন্যলকে স্বৃত্যুভাবে কাজে এগিয়ে নিয়ে যাবার কোন সৎ উদ্দেশ্য যদি থাকত, তাহলে উন্নয়নযন্ত্রের যারা যন্ত্রী, সেই শিক্ষক সমাজের সর্ববিধ উল্লতিবিধানের কথা, পরিষ্কারভাবে চিন্তা করে নিয়ে, জনসমক্ষে সেটা ঘোষণা করা রাজ্যপালের উচিত ছিল।

[10-10-10-20 a.m.]

তৃতীয়তঃ প্রাইমারি শিক্ষার কথা এখানে রাজ্যপাল ঘোষণা করেছেন বটে, কিন্তু সেখানে আমার বস্তবা এই যে প্রাইমারি শিক্ষা কলকাতা সহরে এবং অন্যান্য মিউনিসিপ্যাল এরিয়াতে কি ধরণে প্রসারিত করা হবে, সে সম্বন্ধে কোন উদ্ভি তাঁর ভাষণে নেই। আমাদের কন্সটিটিউসনএর ডাইরিক্টিভ অন্সারে যে প্রতিগ্র্তি আমরা সাধারণ মান্ধের কাছে রাখতে দেখেছি সরকারকে সেই প্রতিগ্র্তি তাঁরা যেভাবে পালন করছেন, সেইভাবে পালনের মাধ্যমে তাঁদের প্রতিগ্রতি অদ্রভবিষাতে রক্ষিত হবে ব'লে আমি মনে করি না। আমাদের এই বাংলাদেশে প্রাথমিক শিক্ষাব্যবস্থা সম্পর্কে আমরা যে তথা পাই, তাতে দেখি যে ৡ অংশ প্রাথমিক শিক্ষা পাছেছ।

বিশেষভাবে আমরা কলকাতা শহরে তো দেখছি—প্রাথমিক শিক্ষার ব্যবস্থা কি হবে. তার কোন একটা নিদিন্টি নীতি নেই। প্রথমতঃ করপোরেশন একরকম প্রার্থামক শিক্ষা পরিচালনা করেন। দ্বিতীয়তঃ বেসিক আদশে কিছ, কিছ, বিদ্যালয় পরিচালিত করার চেণ্টা হচ্ছে। তৃতীয়তঃ দেখা যায় যে. মাধ্যমিক বিদ্যালয়ের সঙ্গে সংশ্লিষ্ট রেখে প্রাথমিক শ্রেণীগুলি পরিচালিত হচ্ছে। এই সমস্ত প্রাথমিক শিক্ষকদের জন্যে বিভিন্ন ব্যবস্থা, করপোরেশন তার নীতি জনুসারে শিক্ষকদের বেতন নির্ধারণ করে, মহার্ঘ ভাতা নির্ধারণ করে। বেসরকারী স্কুল— অন্যান্য প্রাথমিক বিদ্যালয় যারা পরিচালনা করেন—সেখানে শিক্ষকদের বেতন কি হারে নির্বারিত হবে, মহার্ঘ ভাতা কি দেওয়া হবে, তা পরিচালকদের সহাদয়তার উপর নির্ভার করে। তার পর আমরা দেখি মাধ্যমিক বিদ্যালয়গুলির সংশে সংশিল্ট যে প্রাথমিক বিভাগ আছে তার অবস্থা আবার অন্যরূপ। আমরা জানি যে, সরকার বংসরখানেক আগে সমুস্ত প্রাথমিক দেকসন সম্পর্কে নির্দেশ দিয়েছিলেন—মহার্ঘ ভাতা পেতে হলে প্রাথমিক বিভাগগালিকে মাধামিক সেকসনএর সংগে সম্পূর্ণ বিচ্ছিন্ন হতে হবে, না হয়ে যদি যায়, তাহলে মহার্ঘ ভাতা प्ति असे होना हिन्दु के स्वाप्ति के सि य. মাধ্যমিক বিদ্যালয় সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা যারা মাধ্যমিক বিদ্যালয়ের ২।১টা শ্রেণী গ্রহণ করেন, তাঁদের মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের হার অনুযায়ী মহার্ঘ ভাতা দেওয়া হবে। কোথায় কোথায়ও অবশ্য তা দেওয়া হয়েছে—আবার কোথায় কোথায়ও তা হয় নি: সেখানে একটা নিদিভি নীতি ছিল না। তারপর আবার আমরা শনেছি বলা হয়েছে যে, মাধ্যমিক সেকসন্ত্র সংগে প্রাথমিক সেকসন্ত্র আপাততঃ বিচ্ছিন্ন হওয়ার প্রয়োজন নেই। এইসবে আমাদের ধারণা হয় যে, সরকার একটা স্কুট্র নীতিমত কাজ করতে পারছেন না। यथारन रायमन मूर्तिया जारे प्यायमा करत यात्र्वन। जात मर्रा नौजित रकान वालारे रनरे।

তারপর আমার কথা হচ্ছে মাধ্যমিক বিদ্যালয়ের সংগে সংশিলণ্ট প্রাথমিক শিক্ষকদের এখনও সাড়ে সতের টাকা মহার্ঘ ভাতা সরকার মঞ্জুর করেন নি। বংসরকাল আগে মাধ্যমিক থেকে প্রথমিক বিভাগকে বিভিন্ন করবার যে প্রয়োজনীয়তা তাঁরা অনুভব করেছিলেন, বর্তমানে যদি সেই বিভিন্নকরণ না হলেও চলে, সে প্রয়োজন যদি অবশ্যসাধন না হয়, তাহলে এখন পরিষ্কার সরকার পক্ষ থেকে ঘোষণা থাকা উচিত যে, মহার্ঘ ভাতা সম্বন্ধে প্রাথমিক বিভাগ এবং মাধ্যমিক বিভাগের মধ্যে কোনবক্ম বিভেদ থাকবে না।

আমার আর একটি কথা হচ্ছে যে, রাজ্যপাল মহাশয়ের ভাষণে যেখানে শিক্ষা সংক্রান্ত গুলোচনা করেছেন বিশেষ করে মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে সেথানে সেকেন্ডারি বোর্ড অব এ ভকেশন রিকনাস্টিটিউসন কিরুপে হবে কি না হবে সে কথা তিনি পরিষ্কার ঘোষণা করতে পারেন নি। অবশ্য দীঘদিন ধরে আমরা শ্রনছিলাম মুদালিয়ার কমিশন রিপোর্টএ যে সুপারিশ হুবা দিয়েছেন সেকেন্ডারী বোর্ড অফ এডকেশনকে বিকন্স্টিটিউশনএর জন্য সেটা নাকি আমাদের সরকার অনুসরণ করবেন। অবশ্য রাজ্যপাল মহাশয় তাঁর ঘোষণায় উল্লেখ করেছেন ১৯৫৪ সালে এই পশ্চিন বাংলায় মাধ্যমিক শিক্ষা কমিশন তাঁরা বাসয়েছিলেন, সে শিক্ষা কমিশন সেকেন্ডারী বোর্ড এর প্রনগঠিন সম্বন্ধে কতকগ্রাল স্থারিশ করেছেন, আমরা যদিও সাধারণভাবে বোর্ড গ্রাল গঠনে মুদালিয়ার কমিশনএর সুপারিশ এবং পশ্চিমবাংলার মাধ্যামক শিক্ষা কমিশনের সুপারিশ বোনটাই পূর্ণভাবে সমর্থন করছি না। কিন্ত সেখানে আর একটা মুস্কিল দেখা গেছে--সেটা হচ্ছে—সরকারের নিয়োজিত পশ্চিমবাংলার মাধ্যমিক শিক্ষা কমিশন মাধ্যমিক শিক্ষা বোর্ড সম্বন্ধে যে স্পারিশগালি করেছেন তার মধ্যে এবং পশ্চিমবর্ণা সরকার ডিসেম্বর মাসে যে সাকুলার বের করেছেন, এই বোর্ড গঠন সম্বন্ধে যে কথা বলেছেন, তার মধ্যে মিল নেই। পশ্চিমবংগর এই মাধ্যমিক শিক্ষা কমিশন বলেছেন বোর্ড যদিও সরকারের মাধ্যমিক শিক্ষা বিভাগের এডভাইসরি বডি হবে কিন্তু তার কতকগুলি ক্ষমতার কথা তাঁরা সুপারিশ করেছেন। সেই সপোরিশে তাঁরা বলেছেন মাধ্যমিক শিক্ষার নীতি নিধারণ করবে, এই বোর্ড সিলেবাস, সার্কুলার ইত্যাদি নির্দিণ্ট করবে এবং ডি, পি, আই, সেই সমস্ত নীতিগুলি এক্সিকেউট করবেন। কিন্তু সরকারী ঘোষণার মধ্যে দেখতে পাচ্ছি তাঁরা বলেছেন, এই বোর্ড হবে ডি. পি. আই-এর কর্ত্তবাধীনে এ্যাডভাইজরি বোর্ড এবং ডি. পি. আই. রাজ্যের মাধ্যমিক শিক্ষানীতি সম্বন্ধে

এই বোর্ডকে কখনও জিজ্ঞাসা করতেও পারেন, নাও করতে পারেন। স্কুতরাং সরকারের যে কি নীতি এই বোর্ডের প্রনর্গঠনের সম্বন্ধে সে কথা রাজ্যপালের ভাষণের মধ্যে পরিম্কারভাবে থাকা উচিত ছিল। আমরা জানি বর্তমানে মাধ্যমিক শিক্ষা পরিচালিত হয় যে রেগ্লেশন বা আইনে তার কোন স্থিরতাই নাই। দু বছর আগে বর্তমানে বাতিল করা বোর্ডএর যখন অহিতত্ব ছিল সেই বোর্ড থেকে যে স্কুল কোড রচনা করা হয়েছিল এবং রচনা করে সরকারের এ্যাপ্রভ্যালএর জন্য সরকারী দণ্তরে পাঠিয়ে দেওয়া হয়েছিল, দ্ব বছর কেটে গেল, সে সম্বন্ধে সরকারের কোন নির্দিষ্ট সিম্ধান্ত আইনাকারে বা রেগ,লেশন আকারে বা কোড আকারে বেরিয়ে এল না। এখানে আমরা দেখতে পাই, যখন তখন বিভিন্ন সার্কলারএর মাধ্যমে আমাদের রাজ্যের মধ্যশিক্ষা পরিচালিত হচ্ছে, মধ্যশিক্ষায় সাকুলারএর রাজত্ব চলছে। কোন নির্দিণ্ট আইনকাননে নয় সেখানে সরকারী সার্কুলারএর রাজত্ব চলছে। সেখানে আমার পরিব্বার বক্তবা হচ্ছে এই যে, আমরা আশা করেছিলাম রাজ্যপালের ভাষণে অন্ততঃ মাধ্যমিক বিদ্যালয়গর্বল নিয়ন্ত্রণের নীতি সম্বন্ধে তাঁদের সিম্ধান্তের স্কুস্পট ঘোষণা থাকবে। এখানে রাজাপাল মহাশয় এক প্যারাগ্রাফএর মধ্যেই রাজ্যের শিক্ষার সমস্ত উন্নতির কথাগ্রলি উল্লিখিত করে গিয়েছেন। এত দ্রুত উন্নতি যদি শিক্ষায় ঘটে থাকে তাহ'লে নিশ্চয়ই আরও বিস্তত-ভাবে তিনি বলতেন। অবশ্য এটা নিশ্চিত যে সব কিছ্ব ভাষণের মধ্যে তিনি দেবেন না, আমরা তা আশাও করছি না; সেটা সম্ভবও নয়, বলে মানি। কিন্তু বাংলাদেশের শিক্ষাক্ষেত্রে উম্লতির যে সমুস্ত তথ্য তিনি উল্লেখ করেছেন তার মধ্যে স্পর্ফ ধারণা যদি দেবার চেন্টা করতেন, তা হ'লে এই একটা পৃষ্ঠার অর্ধেকের মধ্যে মাত্র কতকগালি ফিগার শা্ধা সন্নিবেশিত হত বলে আমি মনে করি না। সৈদিক থেকে আমার মনে হয়, রাজ্যপাল মহাশয় শিক্ষা-সংক্রান্ত বিষয়ে যে ভাষণ দিয়েছেন স্পণ্টতার অভাবে, নীতির স্কুস্পন্ট ঘোষণার অভাবে—সেটা অত্যন্ত অর্থাশূন্য হয়ে গিয়েছে।

[10-20-10-30 a.m.]

Mr. Chairman: Shri Satya Priya Roy.

- 8j. Nirmal Chandra Bhattacharyya: Sir, all the amendments have already been moved—they have been taken as moved. So it is desirable that somebody from the Government benches should also speak so that we can reply to them.
- Mr. Chairman: Let the movers of the amendments make their speeches first.
- 8]. Nirmal Chandra Bhattacharyya: All the amendments have been moved, and all of us have amendments. So if we speak we will not be able to reply to the arguments advanced by our friends on the other side.
- Mr. Chairman: As I explained, the movers will move their amendments first—whether they read them out or not is another matter. So they will make their speeches first. Then if the other side wish to speak, they will speak.
- 8j. Nirmal Chandra Bhattacharyya: I have a humble suggestion to make in this behalf. You have said that the amendments will be taken as having been moved—and they have been moved already—and it is desirable that for the purpose of facilitating discussion somebody from the other side should speak.
- Mr. Chairman: I cannot have any objection to that. My idea was that the movers of amendments would make their speeches first. If you think that the other side should speak, then I can ask them to do so. Dr. Bijanbihari Bhattacharya.

Dr. Bijanbehari Bhattacharya:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি ভেবেছিলাম যে. এদের বন্তব্য শেষ হলে পর আমার বন্তব্য আরম্ভ হবে। সেজন্য এখনি আমি ঠিক প্রস্তুত ছিলাম না এবং আমার বন্তব্য বিষয়ে দুই একটি পয়েন্ট ঠিক করে নিচ্ছিলাম, আপনি যখন আহত্তান করেছেন তখন প্রথমে আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বন্তব্য আরম্ভ করছি। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উত্তরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাব সমর্থন করতে গিয়ে আমি প্রধানতঃ শিক্ষা-সম্পর্কে রাজ্যপাল মহাশয় যে উত্তি করেছেন তার সম্পর্কে কিছু বলব।

(Dr. Monindra Mohan Chakrabarty:

অনিলা দেবীও কিছ, কিছ, বলেছেন।)

শ্রীমতী অনিলা দেবী রাজ্যপাল মহাশয়ের ভাষণ সন্বন্ধে যে উত্তি করেছেন সে সন্বন্ধে বলবার তাঁর অধিকার আছে কিনা সে সম্পর্কেই আমার যথেষ্ট সন্দেহ আছে। কারণ কোন সভাদেশে যখন লেজিসলেচার বসে তথন রাজাপাল মহাশয় যখন সেই সভায় বন্ধতা করেন, সেই সময় সেই সভা পরিত্যাগ করে যাওয়াটা আমি মনে করি না কোন সভাদেশের সদস্যের লক্ষণ। সাধারণভাবে আমাদের উচিত রাজাপাল মহাশয়ের বক্তৃতায় যদি কোন কিছু আপত্তিজনক থাকে তার আলোচনা করা এবং যদি কোন অনুক্ত জিনিস থাকে তার আলোচনা করে বিরোধী পক্ষের উচিত সেই জিনিসের প্রতি তাঁর দূল্টি আকর্ষণ করা এবং সমালোচনা এভাবেই হওয়া উচিত যে, যা বলা উচিত ছিল তা বলা হয় নি. এবং সেই অ-বলা কথার উপরই জোর দেওয়া হয়। এটা ঠিক যে, যে কথাগুলি বলা হয়েছে তার মধ্যে রাজ্যপাল মহাশয় সমস্ত পশ্চিমবংশ্যর শাসন বিষয়ে সব কিছুই একত্রে সাম্নবেশিত করতে পারেন না। আমি নিজেও বিশ্বাস করি এমন কয়েকটি বিষয় ছিল যা আমাদের জানান উচিত ছিল, সেই উদ্ভি সম্বন্ধে সেই সমুস্ত বিষয়ে আমরা জানতে পারি নি—একথাও আমরা অস্বীকার করব না। আমি বিশেষ করে মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে প্রধানতঃ বলব। যেহেতু শ্রীমতী অনিলা দেবী মাধামিক শিক্ষা সম্বন্ধে বলেছেন এবং শ্রী চক্রবত্তীও মাধামিক শিক্ষা সম্পর্কে বলেছেন সেজন্যে আমি আমার বক্তব্য এই সম্বন্ধেই নিবন্ধ রাথব। মাধ্যমিক শিক্ষা প্রস্থেগ প্রধান কথা या तत्निष्ट्न रय, रमरकन्छाती रवार्ध—रय रवार्ध मृदे वश्मत यावर व्यार्धिमानरम्प्रोजेतवत अधीतन পরিচালিত হচ্ছে এবং আজ পর্যন্ত নতুন বোর্ড সম্পূর্ণরূপে গঠিত হয় নি। যে দুইটি কমিশন ইতিপূর্বে নিষ্কু হয়েছিল সৈ দুর্টি কমিশনেরই রিপোর্ট বেরিয়েছে এবং তা অবলম্বন করে যথন সরকার বোর্ড সংগঠিত করবার জন্যে প্রস্তৃত হয়েছেন তখন আমাদের ইচ্ছা এবং আমরা আশা করি সরকার যত শীঘ্র সম্ভব বোর্ডটা সংগঠিত করে তুলবেন। অনেক-দিন ধরে ইতিপূর্বে দু'টি পরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হয়েছেন এবং তাঁরা নির্বাচিত সদস্য সম্বন্ধে ও নীতির পর্ম্বতি ও আইনকাননে রচনা করেছেন। এখন সেকেন্ডারী এডকেশন বোর্ড এ যে কাজটা চলছে সেটা নিতানত সাময়িক। যতদিন না স্পরিকল্পিত ব্যবস্থা গৃহীত হয় তত্দিন পর্যন্তই এই সরকার কর্তক নিয়ন্ত এ্যাডমিনিস্টেটর সাময়িকভাবে কার্য নিল্পন্ন করছেন। তার ফলে সাধারণ শিক্ষক সমাজের মধ্যে একটা আন্দোলন উপস্থিত হয়েছে এবং তাঁরা অন্ততঃপক্ষে এইটে চাইছেন যে, যত শীঘ্র সম্ভব এই বোর্ড যাতে নতন করে সংগঠিত হয়। আমরা সতি। কথা বলতে কোন সময়ই ভয় পাই নে যখন যা প্রয়োজন হয় এ পক্ষ থেকে বলা হয়। সেজন্যে বিশেষভাবে আমরা আপনার দূষ্টি এ বিষয়ে আকর্ষণ করতে চাই।

আর একটি বিষয় হ'ল প্রতক নির্বাচনের ব্যাপার। আমাদের প্রতক নির্বাচন সম্পর্কে এটা উদ্দেশ্য নয় যে, বোর্ড কোন উপার্জন নীতি গ্রহণ করে। যদিও বিশ্ববিদ্যালয়ের এরকম একটা নীতি ছিল যে বিশ্ববিদ্যালয়ের যেসমহত পাঠ্যপ্রতক তৈরি করতেন এবং বিক্রী করতেন তার থেকে একটা লাভ বিশ্ববিদ্যালয়ের অনেক খরচ চালাতে সহায়তা করত। কিন্তু তখন ইংরাজ আমল ছিল। এখনও টেক্সট ব্রুক কমিটি পাঠ্যপ্রতক নির্বাচনের সময় সামানা কিছ্ টাকা প্রকাশকদের কাছ থেকে গ্রহণ করে থাকেন। সেকেন্ডারী এড়কেশন বোর্ডে পাঠ্যপ্রতক গ্রহীত হওয়ার জন্য টেন্ডার আহ্বান করা হয়। যে প্রকাশক বইয়ের সর্বাপেক্ষা কম ম্লা করবেন এবং যিনি সর্বাপেক্ষা অধিক টাকা বোর্ডকে রয়্যালিট দেবেন তার বই গ্রহীত হয়। বোর্ডএর এই রয়্যালিট

নেওয়া ব্যক্তিসপাত বলে আমি মনে করি না। রয়্যান্টি নেবেন কে? বিনি লেখক এবং গ্রন্থকার তাঁরাই নেবেন।......

[10-30-10-40 a.m.]

কিছুকাল পূর্বে এই পরিষদ ভবনে আমাদের বন্ধ, সত্যপ্রিয় রায় মহাশয় আছেন, তিনিও এ বিষয়ে বোর্ড কে 'রয়্যাল্টি' দিয়ে তাঁদের যে ব্যবসায় প্রতিষ্ঠান—এ, বি. টি. এ—সেই এ, বি. টি, এ, থেকে কিছু, পুস্তক বিক্রয় করেছেন। যদি দোষ হয়ে থাকে তাহ'লে সেই এইডিং এন্ড এ্যাবেটিংএর দোষ তাঁদেরই হয়েছে। (ডাঃ মণীন্দ্রমোহন চক্রবর্তীঃ 'দক্ষিণা দিয়েছেন') সেই 'রয়্য়াল্টি'র বাংলা দক্ষিণা কিনা জানি না। বর্তমানে আর একটা বিষয়ের দিকে আমি আপনার মারফং শিক্ষামন্ত্রী মহাশয়ের দূড়ি আকর্ষণ করছি। যেহেতু আমাদের রাজ্যপাল মহাশয় উচ্চশিক্ষা, প্রাথমিক শিক্ষা এবং মাধ্যমিক শিক্ষা—এই তিনটা শিক্ষা সম্বন্ধেই উদ্ভি করেছেন, সেই তিনটা শিক্ষা সম্পর্কে একটা সমন্বয় সাধনের প্রয়োজন আছে এবং সেই সমন্বয়-সাধন সম্পর্কে আমি আশা করি নিশ্চয়ই পরিকল্পনা আছে। আমরা সকলেই—িক সরকার পক্ষীয়, কি বিরুদ্ধ পক্ষীয়—আমরা সকলেই আশা করব যে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশ্য় যখন এ বিষয়ে আলোচনা করবেন তিনি এই সমন্বয় সাধনের কথা যেটা এর মধ্যে পরিষ্কার ক'রে বল। নাই সে সম্বন্ধে ভাল ক'রে বলবেন। যে মাধ্যমিক শিক্ষার জন্য সরকার বহু লক্ষ টাকা বায় করছেন সেই মাধ্যমিক শিক্ষায় ১১শ শ্রেণী পর্যব্ত কি পঠন পাঠন হবে তা আমরা ভাল করে জানি না। একাদশ শ্রেণী পর্যন্ত কয়েকটি স্কুল তৈরি করা হচ্ছে এবং এজন্য বহু লক্ষ্ণ টাকা বায় করা হচ্ছে। আমরা যদি ব্রুবতে পারি যে, সমস্ত ভারতবর্ষের মধ্যে একই রুকম শিক্ষা-পর্ণ্ধতি প্রবর্তনের জন্য, কলেজের জন্য থ্রি ইয়ার্স কোর্স এবং সেকেন্ডারী স্কুলের জন্য একাদশ শ্রেণী পর্যন্ত ঠিক করেছেন-এই রকম সর্বভারতীয় বাবস্থা যদি সর্বসম্মতিক্রমে গ্রহীত হয় তাতে আমাদের আপত্তি নাই। কিন্তু বাংলাদেশে আমরা দেখতে পাচ্ছি যেখানে বহুসংখ্যক মাধ্যমিক বিদ্যালয় আছে সে বিদ্যালয়ে ক্লাশ টেন পর্যন্ত অর্থাৎ দশম শ্রেণী পর্যন্ত প'ডে ফাইন্যাল প্রীক্ষা দেয়, তারা সেই স্কল ফাইন্যাল দেবার পর কোথায় গিয়ে কোথায় ভর্তি হবে? যারা পডবে. পর্য•িত পড়বে, যার জন্য এ বছর স্কুল হচ্ছে, তারা ১১ শ্রেণীতে কি পড়বে? তার 'সিলেবাস' কোথায়? তার সেই পাঠাতালিকা কোথায় তা জানি না। সেই পাঠাতালিকার বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বুঝিয়ে দিলে পর আমরা নিশ্চিন্ত হতে পারি। ১১শ শ্রেণীতে ফার্স্ট ইয়ার সম্বন্ধে কিছ্ম পড়েনি সেই রকম ছেলেরা 'ফার্স্ট ইয়ার'এর পরীক্ষা কোথায় দেবে, তা জানি না। যে বই পড়ে তারা একাদশ শ্রেণী থেকে বিদায় নিয়ে এল, তারা যখন আই. এস-সি সেকেন্ড ইয়ারে ভর্তি হতে চাইল বা ভর্তি হ'ল তখন তারা দেখল ফার্স্ট ইয়ারের পড়ার অর্ধেক শেষ হয়েছে, কেমিন্টি ও ফিজিক্সএর দুই 'চ্যাপটার' শেষ করে অন্য ছেলেরা সেকেন্ড ইয়ারে পডছে—এই অবস্থায় কোন ছেলে ভর্তি হতে গেলে সে ত নিতান্ত অসহায় অবস্থায় পড়বে। তার বেলা কি করবেন? আর এই যে কলেজ-সেই কলেজের শিক্ষকদেরই বা কি অবস্থা হবে? অবশ্য সেগনলি অর্থনীতিক ব্যবস্থা; অর্থনীতি সম্পর্কে এই পরিষদ ভবনে অনেকে আমার চেয়ে বেশী বোঝেন, তাঁরা সেই সম্পর্কে আলোচনা করবেন। আমি আমার ছাত্রদের প্রয়োজনে এই কথাই চিন্তা করি যে, তাদের কি হবে, তাদের জন্য আমি বিচলিত হই। আমার মনে হয় যে, সেকেন্ডারী এডকেশন. তাই কলেজিয়েট এডকেশন, প্রাইমারী এডকেশন এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষা—এই চারি শ্রেণীর শিক্ষার মধ্যে একটা সমন্বয় সাধনের ব্যবস্থা করা একান্ত আবশ্যক। প্রতিটি বিভাগ সম্পূর্ণ দ্বতন্ত্র থাকবে: 'অটোনমি' প্রাইমারী ডিপার্টমেন্টে থাকবে, সেকেন্ডারী ডিপার্টমেন্টে থাকবে, কলেজিয়েট ডিপার্টমেন্টে থাকবে এবং ইউনিভার্সিটি ডিপার্টমেন্টেও থাকবে : কিন্তু উপরে এমন কোন কমিটি বা ব্যক্তি থাকবেন যাঁর বিদ্যাবতার উপর, যাঁর শক্তির উপর আমরা সকলেই নির্ভার করতে পারি। এমন কোন কমিটি বা ব্যক্তি উপরে থেকে সর্ববিধ শিক্ষার স্তরে সমন্বয় সাধন করবেন। তা না হলে আমরা যে অসহায়তার মধ্যে পড়ব তা থেকে উত্তীর্ণ হবার পথ পাব না।

প্—তক নির্বাচন সম্পর্কে আমি আর একটি কথা বলছি। আমরা প্রতি বংসর দেশের প্রচুর অর্থ নন্ট ক'রে থাকি। একটা হিসাব করলে দেখব অন্ততঃ ১০ লক্ষ ২০ লক্ষ টাকার মত

হবে। এদেশের যে এত সম্পদ অন্থক নন্ট হয় একথা আপনার মারফত আমি আজ শিক্ষামন্ত্রী মহাশয়কে জানাই। আমাদের শিক্ষার যে বোর্ড আছে সেই বোর্ডের টেক্সট বুক কমিটি বুটিশু আমূলে কিভাবে ছিল এবং সেই আমূলে কিভাবে বই নেওয়া হত সেই কথা এই সভায় একট জানাতে চাই। তথন বই নেওয়া হ'ত এইভাবে স্প্রকাশকদের কাছ থেকে বই চাওয়া হ'ড যে, তোমরা বই ছাপিয়ে আমাদের কাছে পাঠাও। বিভিন্ন শ্রেণীর বিভিন্ন বিষয়ের ও বিভিন্ন ধরনের এক একটা শ্রেণীর ১০টা বই, এবং প্রতিটি বই ছাপা হয়ে আসত, এই রকম এক বিষধ্নে এক শ্রেণীর একশটা বই। স্বতরাং প্রতি শ্রেণীর জন্য বিভিন্ন বই প্রতি বংসর ৫০০ কি ৬০০ এসে উপস্থিত হল এবং তার প্রত্যেকটি আলাদা করে ছাপা। এই একশ'র মধ্যে ৩০খানা বই অনুমোদিত হল আর বাক্রী ৭০খানা বই যা ছাপা হয়েছিল তা নন্ট হল। এত কাগজ খরচ, মাদুণ থরচ, দণ্টরী থরচ এইসব করে আমাদের প্রতি বংসর লক্ষ্ণ লক্ষ্ণ টাকার উপর অপবাষ रूट। गर्डन स्मिन्ट योन अपन वावन्था करतन स्य. अरे वरे एहरन एनवात श्राह्माक्षन रनरे. स्य वरे দিতে হবে সে হবে হস্ত লখিত এবং সেই ২স্তলিখিত বই দেখে বিচানকেরা বিচার করবেন এবং বিচার ও পর্রীক্ষা করে যে বই মনেনীত করবেন সেইগর্মালই পরে ছাপা হয়ে আসবে তাহলে দেশের বহু, লক্ষ্ণ টাকা অনর্থাক যে বায় করা হয় সেটা বাঁচতে পারে। এ বিষয়ে ইচ্ছা করলে গভর্নমেন্ট যেমন ধরনে কিশ্লয় করেছেন তেমনি তাঁরা আপনারা নির্বাচনের ভার সম্পূর্ণভাবে নিন—

(ডাঃ মণীন্দ্রমোহন চক্রবত্ীঃ কিশলয় যে দুম্প্রাপ্য সে কথা বল্ন।)

সে কথা পরে বলব। অনেকেই সে বিষয়ে অবগত আছেন। এই প্রুস্তক সম্বন্ধে শিক্ষামন্দ্রীর দূর্গিট আকর্ষণ কর্বাছ। এ একটা দ্বঃসহ অবস্থা হয়েছে দেশের লোকের পক্ষে। আগে ঐ হবে, তার পরে প্রকাশকেরা বড় বড় মানের বই তৈরি করবেন, 'মেড-ইজি' বই তৈরি করবেন এবং এগ্র্লো বহ্মূল্য দিয়ে ছেলেরা কিনতে বাধ্য হবে—এদ্বর্ভাগ্য ত ছেলেদের আছেই। এখন দেশের এই সম্মত অপবায় নিবারণ করার প্রয়োজন আছে।

সর্বশেষে আর একটা কথা বলে আমি আসন গ্রহণ করব। এ বংসর যে দ্রত পাঠ্যপ্রুম্ভক নির্বাচিত হয়েছে তার মধ্যে রবীন্দ্রনাথের প্রুতক নির্বাচিত হয় নি. রবীন্দ্রনাথের 'গলপগ্লুছ' যা কলিকাতা বিশ্ববিদ্যালয়ে প্রেশিকা পরীক্ষায় দ্রুতপাঠ্যরপে নির্বাচিত ছিল, যা এতকাল চলেছে এবং যথন এই বোর্ড প্রথম গঠিত হয় সেই অন্য যত এইটিই থাক কিন্তু সেই বোর্ড রবীন্দ্রনাথের প্রুতক বাংলায় দ্রুতপাঠ্যরপে নির্বাচিত করেছিলেন : কিন্তু এ বছর দেখি সেই বই দ্রুতপাঠ্যপ্রুতকর্পে নির্বাচিত হয় নি। সেই দ্রুতপাঠ্যপুরুতক সম্বন্ধে যদি এই কথা বলা হয় যে, যে বই সাবমিট করা হয় তাতে প্রুতা কম বা বেশি হয়, স্মৃতরাং সাবমিট করা হয় নি, তাহলে বলব যে, দেশের মধ্যে যা প্রেণ্ঠ প্রুতক, যা ছেলেদের জ্ঞানের সহায়ক, উন্নতির সহায়ক, তা যদি না কেনা হয় তাহলে শ্রুল বোর্ডের সেই প্রকার এইটি না করে আমাদের সন্তানদের কাছে ঐ প্রকার পাঠ্যপ্রুতক দেওয়া দরকার। আর সেটা না করলে আমি সেটা এইটি বলেই মনে করব। আজ সেই সেকেন্ডারী বোর্ড অবিলন্দ্রে স্ব্রাঠত হউক, এই প্রস্তাব ক'রে মাননীয় রাজ্যপালের ভাষণের উত্তরে যে সমর্থনস্কুচক প্রস্তাব আনীত হয়েছে আমি তাই সমর্থন করে আসন গ্রহণ করছি।

[10-40-10-50 a.m.]

Sj. Ram Kumar Bhuwalka:

সভাপতি মহোদয়, মাননীয় রাজপোল মহাশয়ের ভাষণ সমর্থন ও অভিনন্দন জানিয়ে আমি বর্তমানে দেশের এনতা গ্রেডির সমস্যা সম্বদেব দুই-একটি কথা বলতে চাই।

- Sj. Satya Priya Roy: Sir, may I point out that this is neither Hindinor Bengali?
 - Mr. Chairman: Is there any difficulty in following him?
 - Dr. Bijanbihari Bhattacharya: We do not find any difficulty.
 - 8j. K. P. Chattopadhyay: Please go on.

8j. Nirmal Chandra Bhattacharyya: Sir, we would like to hear Mr. Bhuwalka speak in Bengali.

Sj. Ram Kumar Bhuwaika:

আজ বাংলাদেশে আমাদের মাননীয় মুখ্যমনতী মহাশয় প্রদৈশ সংযুত্তির প্রস্তাবের ভিতর দিয়ে ধ্বে বোল্ড লিড দেশকে এগিয়ে নেবার পথে যে দ্রেদ্শিতার পরিচয় দিয়েছেন, তার জন্য আমরা তার কাছে কৃতজ্ঞ। এটা যদি কার্যকরী হয় তার ফল দেশের পক্ষে খ্ব ভাল হবে বলে আমাদের মনে হয়। কেননা আমরা জানি ১৯১২ সালের আগে বঙ্গ-বিহার-উড়িষ্যা-আসাম একসংখ্য ছিল। ইংরাজ ক্টরাজনীতিক উদ্দেশ্য নিয়ে দেশকে দূর্বল করবার অভিসন্ধি নিয়ে প্রশাসনিক সাবিধার অজাহাতে এই সম্মিলিত মহাপ্রদেশকে থান্ডত করে ছিল। এই ভাঙ্গা-চুরার ফলে আমাদের দেশে যে গোলমাল, প্রস্পর বিদেব্য ও মনোমালিনা দেখা দিয়েছে— প্রাদেশিকতা মাথা চাড়া দিয়ে উঠেছে—সেটা কি করে বন্ধ করা যায়—সেই ভাণ্যন. সেই অনৈক্য কি করে জ.ডতে পারা যায়—সেটা বা**স্তবিক ভাববার কথা। কেননা—যত**দিন আমাদের দেশ ছিম্ন-বিচ্ছিন্ন থাকবে ততদিন ঐক্যবোধ, দৈশাত্মবোধ ব্যাহত হতে বাধ্য। জাতীয়তার দিক থেকে তার ফল কদাচ ভাল হতে পারে না। আমরা ব্রুতে পারি না, দেশের একগ্রেণীর লোক, তাঁরা এই যান্তির সত্যতা ও আবশাকতা উপলব্ধি করতে পারছেন না কেন। যে দেশ কিছু দিন আগেও একর ছিল, মিলিত ছিল, তাকে ভাষ্গাভাষ্গি করে দেশকে যে সংকীর্ণতা ও গন্ডীবন্ধতার ভিতর ফেলা হয়েছে, তার কুফল ও জাতীয়তাবিরোধী বিরোধের কথা বিশেষ চিন্তা বিবেচনা করে ডাঃ রায় ও ডাঃ সিংহ এই মিলনের প্রস্তাব করেছেন। এর ফল ক্রমণ আরও সুদরে-আমরা বলে আশা করি এবং আমরা এই যে যুক্তকরণের প্রস্তাব—উড়িষ্যা ও আসামও এর মধ্যে আসবে। ভারতবর্ষের সব লোক যদি একামবোধে উদ্বোধিত হয় তাহলে তাতে দেশের উপকার হবে, কল্যাণ হবে বলে আমি মনে করি। অবশ্য সব জিনিসেরই ভালমন্দ কিছু আছেই এবং বিরোধী পক্ষ থেকে কিছুটা প্রতিবাদ হবেই। তবে দেশের বৃহত্তর স্বার্থে ওপ্রশস্ত দুট্টিভিন্গি নিয়ে একথা বলতেই হবে ষে. এই জিনিস—এই যে মিলনের প্রস্তাব এখানে এসেছে—এতে সব দিক দিয়েই দেশের প্রভত মজাল হবে। তাই এই প্রস্তাব আমি সর্বান্তঃকরণে সমর্থন করি।

Dr. Monindra Mohan Chakrabarty:

ব্যবসায়ীদের অবশ্য ভাল হবে।

Sj. Ram Kumar Bhuwaika:

হাঁ—তাই ভাল হবে। দেশের ব্যবসাদির বিশেষ উন্নতি হবে। সকল দিক দিয়েই দেশ সম্ব্ধ হবে। বাংলা, বিহার, উড়িষ্যা, আসাম—এক প্রদেশ হলে ক্ষুদ্র প্রাদেশিকতা দেশ থেকে দ্রে হবে। এবং তার ফলে যে বিশাল প্রদেশ গঠিত হবে—তার মাধ্যমে দেশের বহু সমস্যা—যেমন বেকার-সমস্যা, উদ্বাদ্তু-সমস্যা—এসবের আশ্ব সমাধান হবে। যারা আজ এখানে বাইরে থেকে এসেছে—যাদের বসবাসের সংস্থান আমরা করতে পারছি না—তাদের স্থানাভাব হবে না। এবং সবাই মিলে মিশে এখানে থাকবে। ভিন্ন ভিন্ন প্রদেশের কথা সেখানে থাকবে না—তাই আমার অন্বরোধ—আপনারা ভেবে দেখুন—বিবেচনা কর্ন—এইভাবে দেশ এক হলে তার ফল ভাল হবে কিনা।

Dr. Monindra Mohan Chakrabarty:

ডাঃ রায় যখন বলছেন, তখন ফল ত ভালই হবে নিশ্চয়।

Sj. Ram Kumar Bhuwalka:

ঠিক কথা। ডাঃ রায় ১৯৪৮ সাল থেকে এখানে মুখ্যমন্ত্রী হয়ে আছেন এবং তিনি যে কাঞ্চ করছেন তাতে তার শ্রেষ্ঠত্ব আপনারা সকলেই মনে মনে স্বাকার করেন তা আমি জানি। আজকে এখানে ডিবেটের মধ্যে বিরোধিতার মনোব্ত্তি নিয়ে হয়ত সেকথা বলতে পারেন না কিন্তু বাইরে সকলেই তার শ্রেষ্ঠত্ব আপনারা স্বাকার করেন। এ বিষয়ে আমাদের ও অন্য পার্টির কোলিগ্রের সঙ্গে আমার বহু আলাপ-আলোচনা হয়েছে। তাতে আমার ধারণা, ডাঃ রায় ও ডাঃ সিংহ যে বোল্ড স্টেপ নিয়েছেন, সেটা সমর্থনযোগ্য। আপনারা বিরোধী পার্টি থেকে প্রতিবাদ করবেন জানি, আমরা তা শ্নব, কিল্তু আপনারীও ভাব্ন এর ফল ভাল হবে কিনা—জয় হিন্দ।

Sj. K. P. Chattopadhyay:

্যাননীয় সভাপতি মহাশয়, আমরা আজ রাজ্যপালের ভাষণ সম্বন্ধে আলোচনার জন্য এখানে দমবেত হয়েছি। নানামত নিশ্চয়ই প্রকাশ করতে হবে, কিন্তু নিয়ম হচ্ছে, পরিষদে যেসব কথা বলা উচিত ছিল কিন্তু বলা হয় নি সে সম্বন্ধেই প্রধানতঃ বক্তৃতা হওয়া উচিত, এবং বলা চলে য় সম্বন্ধে সে কথা বলা ঠিকভাবে হয় নি, তারই কিছু কিছু উল্লেখ করছি।

একটা কথা আমার বন্ধ্ব হালিম সাহেব বলেছেন, সেটা—সংখ্যুক্তরণের যে প্রস্তাব—তার বিরোধিতা করে। আর বন্ধ্বর রামকুমার ভুয়ালকা মহাশয় বলেছেন—একসণেগ থাকা বড় ভাল কথা এবং সেটা হলে খ্ব ভাল হবে। কিন্তু অতীত অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি যে, একসংগ থাকায় ঝগড়াঝাটি বেড়েছে। বাংলা, বিহার, উড়িয়াা, একসংগা ছিল কিন্তু ঝগড়া করে তারা আলাদা হয়ে গেল। মাদ্রাজের মধ্যে অন্ধদেশ ছিল, তামিলনাদ ছিল, তারা একসংগা ছিল ইংরাজ আমলে। কংগ্রেস আমলে তারা আলাদা হয়ে গেল। এবং সেখানে এমন রাগারার্গ ঝগড়া করে আলাদা হল যে, তাতে একজন লোক মারা গেল। মধ্যপ্রদেশে হিন্দীভাষী ও মহারাণ্ডভাষী লোকেরা বাস করত এবং এতাবংকাল তারা ক্রমাগত খিটিমিটি করে চলছিল। যারা এ বিষয়ে কিছু খবর রাখেন, তারা জানেন যে, শিক্ষাক্ষেরে যেখানে ঝগড়া কম হওয়া উচিত সেখানেও ভাষাগত ব্যাপারে ভিন্ন ভাষাভাষী লোকের মধ্যে বিভেদ ও ঝগড়ার অবধি নেই। স্বতরাং স্বংনরাজ্যে বিচরণ করে লাভ নেই। যাঁরা তা চাইছেন তাঁরা ফ্যাক্টস বা কঠোর সতোর অপলাপ করছেন। ভাল হবে বলে চেণ্চালেই কিছু হবে না। এ বিষয়ে কাউয়ে সাহেব যা বলেছিলেন—

"every day and in every way I am getting better and better". তা হ'লেই ভাল হয়ে যাবে মনে করলে চলবে না।

[10-50-11 a.m.]

প্রতিদিন সর্বপ্রকারে আরও আমার ভাল হয়ে যাচ্ছে সেটা মনে করলেই ভাল হয়ে যাবে না। ভায়ে ভায়ে যখন ঝগড়াঝাঁটি করে তখন এক বাড়ীতে না থেকে আলাদা বাড়ীতে থাকলে তারা আবার সম্ভাবে থাকতে পারে। সেইজনা ব্টিশ আমলে বিহার আলাদা হয়ে গিয়েছিল। যা হ'ক সে সম্বন্ধে আলোচনা আজকে হচ্ছে না। আজ শ্ধ্ বন্ধর রাজ্যপালের ভাষণের মধ্যে এর উল্লেখ করা উচিত ছিল, এ সম্বন্ধে তাঁর একটা মতামত প্রকাশ করা উচিত ছিল। এর বেশী আর কিছ্ বলব না। এ বিষয়ে বলবার অনেক জিনিসই আছে, তার জন্য আলাদা দিন আছে। সেটা আমরা জানি এবং আমাদের যা বন্ধব্য আছে সেদিন তা প্রাপ্রির বলে যাব। বিশ্ববিদ্যালয়ের সিনেটে অবশ্য এ সম্বন্ধে বলেছি; বিরোধী মত নিয়ে বন্ধ্বের বিজনবাব্ত কিছু কিছু সেখানে বলেছেন। এর পরে ধারাবাহিকভাবে আমি অন্য কয়েকটা কথা বলব।

দেখতে পাচ্ছি একটা জায়গায় লেখা আছে,

"road development work proceeds apace"

রাস্তা উন্নতির কাজ অতি দুত্গতিতে হচ্ছে, কোথায় তৈরি হচ্ছে তা অবশ্য আমরা জানি না। বন্ধ্বর অন্নদা চৌধ্রী মহাশয় এইমাত্র চলে গেলেন। তিনি অনেকবার রাস্তা সন্বন্ধে প্রশনকরেছেন। ১৯৫২ সালে একটা রাস্তা হবে বলে আমার কাছে সরকারের লেখা চিঠি আছে। ঐ রাস্তার জন্য আমি চিঠি লিখেছিলাম ১৯৪৯ সালে; তার উত্তরে সরকারী পক্ষ হ'তে তাতে লেখা ছিল যে, ১৯৫১ সালে রাস্তাটা স্ব্র্হবে ও ১৯৫২ সালে শেষ হবে। ১৯৫৫ সালে অক্টোবর মাসে ঐ গ্রাম অণ্ডলে দেখা গেল—সেই রাস্তায় হাঁটা চলে না; আলের উপর দিয়েই সহজেই যাওয়া যায়। ঐ রাস্তা তৈরি করার চেণ্টা হচ্ছে, এখনও সমাশ্ত হয় নি—১৯৫২ সালে সেটা শেষ হওয়া উচিত ছিল কিন্তু প্রধানমন্ত্রী মহাশয়ের ১৯৫৫ সালের ডিসেম্বর মাসে সেখানে যাওয়ার কথাতে রাস্তা তৈরির কাক্ষ তাড়াতাড়ি এগিয়ে গেল। বোধহর

এখন শেষ হয়েছে—যদিও শ্নিছি রাস্তা এরই মধ্যে নেমে যাচ্ছে। আমার বন্ধব্য হচ্ছে. যেটা ১৯৫২ সালে শেষ হওয়ার কথা ছিল, সেটা ১৯৫৫ সালে যখন শেষ হল তখন "আঁত দ্র্ত-গতিতে কাজ অগ্রসর হচ্ছে" এটা না বলে. "শম্বুকগতিতে কাজ অগ্রসর হচ্ছে"—এই উল্লেখ করলে প্রশুস্ত হ'ত।

তারপরে লেখা আছে.

"deep sea fishing scheme continues to operate".

ভাল কথা; বাঙালী মানুষ মাছ না পেলে দুঃখবোধ করে। সামান্য চুনো, পণুটিমাছ খেলেও বলে মাছ খেয়েছি। কথাই আছে মছ্লী খানেওয়ালা বাংগালী। মাছ না খেলে তাদের চলে যা। অনেক মাছ ধরা হয়েছে বলা হছে ৪৩ হাজার মণ মাছ ধরা হয়েছে। কিন্তু ১৯৫০ দাল থেকে কেন বলা হ'ল তা বুঝাতে পারলাম না। ১৯৫০ সাল থেকে কেন হিসাব টানা হ'ল ছামি মা। কি ব্রক্ম খেন মনে হতে তাহুলে কি ১৯৫৫ সালে বিশেষ বিশ্বু হয় নি হ অবশ্য আমি জানি না। সেজনা ব্যাজি ৫ বছরের ফিরিখিত কেন দেওয়া হ'ল আর তাই যদি দেওয়া হ'ল, তাহুলে ভাগাভাগি বরে দেওয়া হ'ল না কেন, তাহুলে আম্বা বুঝাতে পারতাম ক্রমান্তি হছে কি না হছে।

তারপরে লেখা আছে এনেক হাসপাতালের বাবস্থা হয়েছে, হেল্থ সেণ্টার গ্রামে বেড়েছে। গ্রামে বেড়েছে একথা স্বীকার করি। আমি একটা স্বাস্থ্যকেন্দ্রের জন্য আজ পাঁচ বংসর শেখালেখি করছি-চিঠি আছে যে হবে কিন্তু হ'ল, এটা শ্নেতে অত্যন্ত দেরী হচ্ছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

দ্বিতীয় পঞ্বার্ষিকী পরিকল্পনার মধ্যে হয়ে যাবে।

8j. K. P. Chattopadhyay:

ততদিন যদি আমরা টি'কে থাকি। আর একটা কথা এথানে উল্লেখ করতে চাই। শেঠ সুখলাল কারনানি হসপিটাল সম্বন্ধে এথানে খ্ব প্রশাস্তি আছে কিন্তু সেটা সম্বন্ধে অনেক নিন্দাবাদ শোনা যাচ্ছে। একজন সিন্ধী ভদ্রলোক চিঠি লিখেছিলেন এবং মাইকোটের বার লাইরেরীর সম্পাদকের কাছ থেকেও অনেক নিন্দাবাদ শোনা গেছে। স্তরাং এত প্রশাস্তি না দিলেই ভাল হ'ত। এটার সম্বন্ধে স্বাস্থামন্ত্রী মহাশয় যেন একট্ম দ্বিট দেন। হাসপাতাল পরিচালনা সম্বন্ধে নানা লোকের নানা রকম সমালোচনা করবার বা কোন নিন্দার কথা বলবার স্থোগ থাকা উচিত নয়। কারণ সেখানে মানুষের সেবার প্রশ্ন, জীবনমরণের প্রশ্ন আছে। স্ত্রাং সে বিষয়ে এমন ব্যবস্থা হওয়া উচিত নয় যাতে নিন্দাবাদ উঠতে পারে।

শিক্ষা সন্বন্ধে আমি বিভিন্ন সময়ে কথা বলেছি। আজকে দেখছি শিক্ষামন্ত্রী মহাশয় উপস্থিত আছেন; অনেকদিন তাঁর চেহারা দেখিনি। সেজন্য তাঁর দৃষ্টি আকর্ষণ করছি—মাস আণ্টেক কি দশেক আগে—ঠিক আমার মনে নেই আর মনে রাখাও যায় না—আমি একটা প্রশ্ন করেছিলাম যে কতগুলি ছেলে প্রাথমিক বিদ্যালয়ে বছর দুই আগে পড়ত, এখনও তার উত্তর পাই নি। বোধহয় আমাদের থাকতে থাকতে সেই উত্তর পাওয়া যাবে না। কিন্তু এখানে ভাষণে লেখা আছে যে, বহু প্রাইমারী স্কুল বেড়ে গেছে। প্রাইমারী স্কুল বাড়লেই কি শিক্ষা বেড়ে যাবে? এই রকম হয় না। আমি এককালে প্রার্থামক শিক্ষার একট্ তদারক করতাম। সংখ্যা বাড়লেই ছেলে পড়ানো ভাল হছে, এটা প্রমাণিত হয় না। অবশ্য ছাত্র অনেক বেড়ে গেছে। তাহলেও সংখ্যাগুলি জানাতে আপত্তি কেন? বিভিন্ন শ্রেণীতে কত ছাত্র পড়ে আমি সেটা জানতে চেয়েছিলাম। সেটা রাজ্যপালের ভাষণে থাকলে ভাল হ'ত। উন্নতি হয়েছে বললেই হয় না। এইসব জিনিসগ্লোও জানানো দরকার। তাহলে উন্নতি হ'ল কিনা সেটা আমরা ব্রুতে পারতাম। কথা হছে এই যে, রাজ্যপাল মহাশরের ভাবণে তার বিভাগীয় মন্ত্রীরা ত তাঁকে পরামর্শ দেন, কাজেই পরামর্শটা তাঁরা আর একট্ ভালভাবে দিতে পারতেন। বাধ্যতাম্লক প্রাথমিক শিক্ষা না হলে আমাদের চেয়ে যেসমন্ত উন্নত দেশ আছে এইরকম বহু জায়গায়ও তারা সব ছেলেমেয়েকে নিয়মিত স্কুলে আনতে পারে না। তাই বাধ্যতাম্লক শিক্ষা

না হ'লে বহু লক্ষ টাকা নণ্ট হয়। টাকা নণ্ট করাটা ত আমাদের স্বার্থ নয়। দেশে ছেলে-মেয়েরা যাতে শিক্ষা পায়, তার যাতে একটা স্পূর্ত্ব বাবস্থা হয়, সেটাই আমাদের করা উচিত। সেদিকে দেখতে পাছিছ ব্রুটি ঘটেছে এবং তার কোন উল্লেখ নেই। থানিক আগে অধ্যাপক বিজন ভট্টাচার্য মহাশয় ছেলেরা স্কুল ফাইন্যাল পড়ে কলেজে কিভাবে পড়বে সেই প্রশ্ন তুলে-ছিলেন। স্কুল ফাইনাল পড়ে তারা যে কলেজে পড়বে তার জন্য লেখা আছে

"six new colleges in or near about Calcutta have been sanctioned to cater to the need of displaced persons."

আশা করি এগুলি শীঘ্র শীঘ্রই হবে। একটা কথা মনে পড়ছে। পরেইতে গেলে দেখতে পাবেন যে, পর্রানো অনেক ধর্মশালা আছে যেগর্নল মেরামতের অভাবে অথবা টাকার অভাবে, যত্নের অভাবে নন্ট হয়ে যাচ্ছে। কিন্তু আবার নৃত্ন ধর্ম শালা তৈরি হচ্ছে। প্রাতন ধর্ম-শালাগর্নল একট্ খরচ করে সারিয়ে নিলে তীর্থযাত্রীদের স্কবিধা হতে পারে। তেমনি শিক্ষার দিক দিয়ে যেসমুহত কলেজগুলি আছে সেগুলিকে কিঞ্চিৎ সাহায্য করলে শিক্ষা**তীর্থে** যারা আগমন করে তাদের অনেক সংবিধা হতে পারে। সাহায্য যে এইসব ক**লেজের পাবার** অধিকার আছে একথা আমি জাের করে বলতে পারি। আমি বিদ্যাসাগর কলেজের গভানিং বিভিন্ন সভা। কয়েক বংসর আগে যতীন্দ্রকিশোর চৌধুরী মহাশয় ঐ কলেজের অধ্যক্ষ ছিলেন। বহু,সংখ্যক উদ্বাস্ত ছেলেদের শহরে তখন ভিড় হচ্ছে। তাদের কলেজে জায়গা দিতে হবে। স্তরাং বাড়ী বাড়ানোর দরকার হল। আমাদের হাতে যথেষ্ট টাকা ছিল না। সরকার वाशानुत ७थन উन्वान्त्र एहलएमत जना होका एमरवन वर्तन। अधाक्क होधुती भशामग्रस्क आभि বললাম যে, টাকা খরচের অস্ক্রিধা আছে। আপুনি সরকারী মহল হ'তে জেনে আস্ক্রন টাকা পাওয়া যাবে কিনা। তিনি খবর নিয়ে এসে বললেন সরকার টাকা দেবেন বলেছেন। পরিমাণ হাজার ষাটেক হবে। সিটি কলেজের অধ্যক্ষ অমিয় সেন মহাশয়ও বললেন যে, তাঁদেরও সরকার টাকা দেবেন বলেছেন; তার পরিমাণ আশী হাজার টাকা। আমি অধাক্ষদের বললাম মাথের কথাই শানে এলেন। কিন্তু সরকার পক্ষের মাথের কথা হাওয়াতে উড়ে চলে যায়। যাই হোক, দুই কলেভই তো টাকা খুরচ করে বাড়ী তলল। কিন্ত শেষ পর্যন্ত দেখা গেল যে. এক প্রসাও কেউ পেল না, না সিটি কলেজ, না বিদ্যাসাগর কলেজ। সরকারী আশ্বাস হাওয়াতে মিলিয়ে গেল।

সভাপতি মহাশয়, আপনি জানেন যে, কলকাতা সহরে কত উদ্বাস্তু ছেলে পড়ে। এটার আমি একবার তদ্দত করে হিসাব করেছিলাম। তাদের কলেজের অভাব শহরে যথেণ্ট আছে। $[11-11-10~\mathrm{a.m.}]$

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I may inform my friend that six colleges near about Calcutta have just been sanctioned by the Refugee Rehabilitation Department for taking off the pressure.

Sj. K. P. Chattopadhyay:

আমি এর আগেই ঐ দুটি লাইন পড়েই বলেছিলাম যে, নৃতন ধর্মশালা হচ্ছে কিন্তু প্রাতন ধর্মশালাগুলো সংস্কারের অভাবে নন্ট হয়ে যাছে সেই কথাই বলছিলাম।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: তাহলে অধর্ম হবে যে!

8j. K. P. Chattopadhyay:

অধমের কথা বলছেন? বেগ্লো আছে সেগ্লিকে সাহায্য করাই উচিত ছিল। ভারই উদাহরণ দিয়ে বলে গেলাম সিটি কলেজ আর বিদ্যাসাগর কলেজের কথা। তারা প্রতিশ্রতি পেয়েও সাহায্য পেল না। যাক, এ সম্বন্ধে আর বলব না। আমার শেষের কথা হচ্ছে, রাজ্য-পালের ভাষণের মধ্যে বিশ্ববিদ্যালয়ের কোন উল্লেখ নাই। কিছ্বিদন প্রের্ব আমি একটা প্রশন দিয়েছিলাম যে, সেকেন্ডারী বোর্ড হতে ১৯৫১ সালের স্কুল ফাইন্যালের টাকা বিশ্ববিদ্যালয়কে দিয়েছে কিনা। তাতে বলা হয়েছিল দেওয়া হয় নাই। আইনে নাই বলে দেওয়া হয় নাই।

আইনটা সরকার কর্তৃক রচিত : তাই বলেছিলাম এই বঞ্চিত করা কি দ্বেচ্ছাকৃত ? প্রধানমন্ত্রী মহাশয় বলেন ঐ জন্য পরে বাড়িত টাকা দেওয়া হয়েছে। কিন্তু কোষাধ্যক্ষ সতীশ ঘোষ মহাশয় জানান যে, টাকা বিশ্ববিদ্যালয় পায় নি। আমি একথা এখানে জানাই যে, বিশ্ববিদ্যালয় টাকা পায় নি। তখন প্রধানমন্ত্রী মহাশয় বলেন, তা হ'লে টাকা দেবার ব্যবস্থা করে দেবেন। কিন্তু এখনও টাকা মেলে নাই। রাজ্যপালের ভাষণের মধ্যে এই ব্যাপারের কোনও উল্লেখ নাই। যাক, আমি আর বিশেষ কিছু বলব না, বিশ্ববিদ্যালয় সম্বন্ধে বিশেষ করে আপনার দ্ছিট আকর্ষণ করতে চাই। কারণ এখনও আমরা যে তিমিরে সেই তিমিরেই আছি। শ্রেছি টাকা দেওয়া হয়েছে অথচ টাকা বিশ্ববিদ্যালয় পায় নি। এই আমার বন্তব্য।

Sj. Satya Priya Roy:

মিঃ চেরারম্যান, স্যার, রাজ্যপালের ভাষণে আমরা আশা করেছিলাম ভবিষ্যৎ সরকারী নাঁতি কি হবে তার ইণ্গিত এবং আভাস পাব। কিন্তু দ্বঃথের বিষয় রাজ্যপালের ভাষণের মধ্যে নাঁতির কোন ইণ্গিত বিশেষ কিছু নাই। রাজ্যপালের ভাষণে সরকারের প্রশিদ্ত ছাড়া আর কিছুই নাই। সরকার অনেক কাজ করেছেন, সরকারের অনেক উর্লাত হয়েছে এবং সরকারের গ্রেণান ছাড়া রাজ্যপালের ভাষণে আর কিছুই নাই। কোথায় কোন কাজ করতে গিয়ে সরকারের হুটে হয়েছে, কোথায় ন্তন অভিজ্ঞতা লাভ করেছে সেসব কিছুই নাই, প্রশিদ্তি গাওয়া ছাড়া।

তারপর বঙ্গ-বিহার একীকরণ সম্বন্ধে বলা হয়েছে, এই প্রস্তাব একান্ত ব্যক্তিগত প্রস্তাব ছাড়া আর কিছনুই নয়। পশ্চিমবঙ্গের মনুখামন্ত্রী হিসাবে তাঁর এই প্রস্তাব দেওয়ার অধিকার নাই।

Sj. Bejoy Singh Nahar:

নিশ্চয়ই এই অধিকার আছে।

Sj. Satya Priya Roy:

কংগ্রেসের সম্পাদক ডাঃ রায়কে নির্লেজ্জভাবে সমর্থন করে বললেন অধিকার তাঁর আছে কিন্তু ডাঃ রায়ের সে অধিকার নাই। এমন কি কংগ্রেস দলও তাঁকে সমর্থন করে না। জনসাধারণ তাঁকে সমর্থন করে না, বিধান পরিষদ, বিধানসভা কেহই তাঁকে সমর্থন করে না। এটা তাঁর সম্পূর্ণ ব্যক্তিগত প্রদতাব এবং এই প্রদতাব দেওয়ার তাঁর কোন অধিকার নাই।

Sj. Bejoy Singh Nahar:

অধিকার আছে কি নাই তা পরীক্ষা করবে কে?

Sj. Satya Priya Roy:

জনসাধারণই তার পরীক্ষা নেবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

জনসাধারণ কারা?

Sj. Satya Priya Roy:

'৫৭ সালে যখন নিব′াচন আসবে তখন দেখতে পাবেন, জনসাধারণ কারা। জনসাধারণ<mark>কে</mark> উপেক্ষা করে যে বাদশাগিরি করতে দাঁডিয়েছেন তখন এ প্রশন উঠবে-–

Mr. Chairman: Let him go on. Neither side should assume representative character for itself.

Si. Satya Priya Roy:

বাংলা বিহার সংযুক্তি করণের-

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I would rise on a point of order. There is no question of merger in the Governor's address; therefore, reference to it is out of place.

Mr. Chairman: One member has spoken on it, viz., Sri Bhuwalka, and you can give a reply to what he has said.

Sj. Satya Priya Roy: And also by way of referring to what Professor Chattopadhyay and other members have said.

Janab Abdul Halim: There is no reference to reorganisation of boundaries of the States on linguistic basis.

Sj. Satya Priya Roy:

হঠাৎ উত্তেজিত হবার কোন কারণ নাই। আমি আশা করব ভাওয়ালকা মহাশয় যে প্রশতাব করে গিয়েছেন সেটা যেন দলীয় প্রশন না হয়, দেশের মঙ্গল এবং কল্যাণের প্রশন সেটা, দলের কাছে সারমন হিসেবে যেন না আসে। দলের যাঁরা সভ্য তাঁরা যেন মনেপ্রাণে বোঝেন—বাংলার যে অবলাপিত ঘটতে যাচ্ছে—সেই প্রশন বিবেচনা করতে গিয়ে আমরা যেন দলের প্রশন না ভেবে দেশের স্বাথের কথা ভাবি। ও'র ব্যক্তিগত মত হতে পারে, কিন্তু জনসাধারণের তা মত নয়। চলান বাইরে দেখতে পাবেন। বাইরে ত য়ান না, যখন যান সংগ্য সংগ্য বেয়োনেট ও আরমস্ ঘিরে থাকে। জনসাধারণের কাছে সোসবে।

Mr. Chairman: I think you have disposed of that point. Would you please pass on to another point?

Sj. Satya Priya Roy:

আমি এ সম্পর্কে পরিষ্কারভাবে যা বলতে চাই, আমাকে বাধা দেওয়ায় তা বলা হয় নাই। আমি বলছি মারজার বা একীকরণের যে প্রস্তাব, সেটা নিতান্তই ডাঃ রায়ের বান্তিগত প্রস্তাব। সে প্রস্তাব সরকারের পক্ষ থেকে বা পশ্চিমবঙ্গ কংগ্রেসের পক্ষ থেকে বা বাংলাদেশের প্রতিনিধিস্থানীয় কোন প্রতিষ্ঠানের পক্ষ থেকে করা হয় নাই।

[11-10—11-20 a.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: My scheme has been accepted by the Cabinet of the West Bengal Government and also by the Congress Working Committee.

Sj. Satya Priya Roy: But the party has not yet accepted it.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: You said Congress Government, you talked about the Government. Government has accepted it.

I shall now very briefly refer to the refugee problem which in the language of the Chief Minister is stupendous and looks like a never-ending one. Sir, it has been our sorry experience that we have not been able to rehabilitate the refugees outside West Bengal.

[10-50—11 a.m.]

In this context I would refer to the bold conception of our Chief Minister of forming some sort of an union between West Bengal and Bihar..... [Laughter from the Opposition Benches] so that its one effect will be that the refugees rehabilitated in the united region would feel as if they are living in their own State. With these words, Sir, I conclude my speech and I thank you, Sir, for giving me this opportunity.

Dr. Charu Chandra Sanyal:

সভাপতিমহোদয়, ১৯৫৬-৫৭ সালের যে বাজেট আমাদের সামনে উপস্থাপিত করা হয়েছে— সে সন্বন্ধে প্রথমে বলা যায় যে এবারে প্রায় ১৭ কোটি টাকা ঘাটতি নিয়ে এই বাজেট সূত্র **रायाद** ; **এবং তার কারণ স্বর**্বপ বলা হয়েছে যে কেন্দ্রীয় সরকার থেকে যে সাহায্যের जेका পাবার কথা ছিল, তার থেকে ১০ কোটি টাকা কম পাওয়া গিয়েছে. এবং কাজেই এই খাতের সংখ্যা অনেক বেশী হয়েছে। আগামী ৫ বছরে জনগণের উপর কল্যাণকর টাক্স চাপবে ১২ কোটে টাকা। তাছাড়া আরও ৫ কোটি টাকা ট্যাক্স বৃদ্ধির আবশ্যকতা হতে পারে যদি ২২৫ কোটি টাকা। কিন্তু দেটট র পী বইয়ের ১৮ পাতায় যা আছে, তাতে দেখা যায় ঋণের পরিমাণ কোটি টাকা। কিন্তু ভেটটর্পী বইয়ের ১৮ পাতায় যা আছে, তাতে দেখা যায় ঋণের পরিমাণ হবে ৩৩ কোটি টাকা, এই ২২ কোটি টাকাতে কুলাবে না। অর্থমন্ত্রীমহাশয় বলেন যে এতে জনগণের অশেষ কল্যাণ হবে ও মাথা প্রতি আয় বৃদ্ধি হবে যথেণ্ট পরিমাণ। কিন্তু এই যে ডেফিসিট ফাইনান্স তাতে জনগণের কি প্রচুর কল্যাণ হবে? তারপর জনস্বাস্থ্য খাতে সমগ্র শিক্ষাখাতে অংশ ·3 210 অংশ ব্যয় করবার भीग लजातीनान নন্দ সেদিন লোক <u> দ্বিতীয়</u> সভায় বলেছেন যে তারপর হবে উৎপাদনের ব্যবস্থা। পরিকল্পনার প্রথম কাজ হবে বেকারকে কাজ দেওয়া. প্রথমেই অর্থাৎ সোজা কথায় বলতে হয় যে উপরোক্ত দ-ই খাতে শিক্ষক নিযুক্ত করা হবে তারপর চিকিৎসা ও শিক্ষার ব্যবস্থা ধীরে ধীরে হবে. ছ'ল কথা। তারপর গত পণ্ডবার্ষিকী পরিকল্পনার ফল গ্রাম্য বা ইউনিয়ন চিকিংসাকেন্দ্র ও প্রার্থামক বিদ্যালয়গুলির অধিকাংশের আভান্তরিণ অবস্থা দেখলে স্বতঃই মনে হবে স্মতিকিৎসার বা স্থানক্ষার বাবস্থা করা সরকারের মুখ্য উদ্দেশ্য নয়। কতকগ্রলি ইউনিয়ন চিকিৎসা কেন্দ্রের বারান্দায় বহু চতুৎপদ জন্তু বসিয়া বা চলিয়া বেড়াতে দেখা যায়। এগত্নলিরও र्চिकिश्मात वावन्था स्मथात्न आएए किना जानि ना। मन्त्रीगण भीत्रमणात्न यावात भारत जारमत সাময়িকভাবে স্থানাশ্তরিত করা হয়, আর দেখান হয় তখনকার মত সাজান রঙ্গমণ্ডে উত্তম कार्यের অভিনয়। পরিদর্শক কর্মচারীদল বেশী কিছু লিখতে বা বলতে পারেন না, কারণ কার কোথায় যোগ আছে জানা নেই—ফ্যাসাদে পড়বার আশঙলা আছে। কাজেই তারা কোন রকমে তাদের চাকরী বজায় রাখবার মত একটা রিপোর্ট দিয়ে চলে আসেন।

সহর হাসপাতালগ্নলিতে সিভিল সার্জেনের কোনই ক্ষমতা নেই। তিনি বর্ত্তমানে একটি উচ্চস্তরের কেরাণী মাত্র। এমন কি সাময়িক কোন সংস্কার কার্য বা কোন নার্সকে ছ্র্টি দেওয়া বা সাসপেণ্ড করবারও তার ক্ষমতা নেই।

দ্রাম্যান ম্যালেরিয়া নিবারক শিক্ষা সংস্থার মোটর গাড়ীর একটা সেদিন দেখলাম একেবারে অচল হয়ে গেলো। হয়তো যে একট্ঝানি মেসিনের পার্ট খারাপ হয়েছিল, সেটা পরিবর্তন করবার বায় ৫ টাকা। কিন্তু সেই ৫ টাকা থরচ করে গাড়ী সারানর ক্ষমতা এদের কারও নাই; তারজন্য কলকাতায় চিঠি লিখলেন, এবং কলিকাতার অনুমোদন ও কোটেশন ও রেট প্রভৃতির হাঙ্গামে কেটে গেল এক মাস; তারপর রিপেয়ার হল। আর এদিকে ড্রাইভার এক মাস বসে বসে বেতন নিলো ১০০ টাকা। এমনিভাবে চারিদিকে অর্থের অপচয় হচ্ছে। এমনিধারা অক্তথা চলতে থাকলে অর্থের অপবায় হবে এবং কাজও অগ্রসর হবে না। একটি জাতির

অপ্রগতি হয় কর্মে, টাকা ব্যয়ের অঞ্চ কাজের মাপকাঠি নয়। যে সকল হাঁসপাতাল বা স্কুল প্রতিষ্ঠিত হয়েছে, সেগ্নলিকে প্রথমেই সম্পূর্ণ করে তোলা দরকার, এইভাবে টাকা অপবায় হতে দেওয়া উচিত নয়।

গ্রাম্য স্কুলগর্নার অবস্থা আরও ভয়ানক খারাপ। তার বেড়ার তলার শেষট্রক একেবারে নেই। সেখানে কয়েকটা বেণ্ড ও একটা র্য়াকবোর্ড ছাড়া আর কিছুই নেই বললে চলে। মান্টারমহাশয় যে কি যন্ত্রপাতি দিয়ে ছায়েদের শেখাবেন তা জানি না। অর্থাৎ শিক্ষা দেবার উদ্দেশ্য নয়, উদ্দেশ্য হচ্ছে কেবল শিক্ষক নিযুক্ত, এবং সেই উদ্দেশাই সফল হয়েছে। এ বিষয় আমি বিশেষ করে স্বাস্থ্যমন্ত্রীর ও শিক্ষামন্ত্রীর দ্বিট আকর্ষণ করছি। এই হিসাব প্রস্তাকাকারে যে বাজেট, তাতে লেখা আছে

''increase of Dispensaries and establishment of Public Health Unit'' খাতে টাকা কম করে দিয়ে এখন

"Rehabilitation and improvement of existing hospitals"

খাতে বেশী অর্থ বরান্দ করা উচিত; আর রিলিফ অফ এডুকেটেড আনএমপ্রার্থেড খাতে ১৮ হাজার শিক্ষক নিয়্ত্ত করা হয়েছে, তাদের বেতন বাবদ ব্য়ে ১ কোটি ৬০ লক্ষ টাকা বরান্দ হয়েছে। কিন্তু তাঁরা যে সমস্ত বিদ্যালয়ে শিক্ষা দেবেন সেগালির সাজ-সরজাম বাবদ ব্য়ে মাত তিন লক্ষ টাকা ধরা হয়েছে। অর্থাৎ গড়ে প্রতি স্কুলের বরান্দ ৩০ টাকা মাত্র। এতে মনে হয় যে তাঁদের প্রকৃত উদ্দেশ্য শিক্ষাদান নয়, তাঁদের একমাত্র উদ্দেশ্য হচ্ছে শিক্ষক নিয়ত্ত করা। তারপর জিনিষপত্রের মূল্য, লগত পাঁচ বছরের কার্যকালে দেখা যায়, যে শিল্পজাত সামগ্রীর উৎপাদন প্রচুর বান্দ্র পেয়েছে। ১৯৪৬ হতে ১৯৫৪ সনে দেড়গাল বান্দ্র হয়েছে অথচ কয়লার দাম বেড়েছে সিমেন্টের ক্রমবান্দ্র মূল্য পীড়াদায়ক হয়েছে, টিন ও লোহার মূল্য বংসরের পর বংসর বেড়ে চলেছে। ইমপোর্টেড সিমেন্ট নামক এক প্রকার সিমেন্ট পাওয়া যায়, যেটা মাদ্রাজ হতে জাহাজে করে কলকাতায় আসে; এগালির দাম দেড়গাল বেশী, অগচ সরকানের তরফ হতে এইগালি জাের করে লােকের উপর চাপাবার ব্যবস্থা হয়েছে। দেখা যায় কন্ট্রোলের মারফত অনবরত এই ধরণের সিমেন্টগালি ঢালাবার চেন্টা হচ্ছে।

তারপর মন্ত্রীমহাশয় বলেছেন চিনির দর একেবারেই বাড়েনি, ঠিক আছে। কিন্তু খ্চরা চিনির দর দেখা যাছে সের প্রতি ১০ আনা হতে ১৪ আনায় উঠেছে, এতে যদি দাম বাড়া না হয়, তাহলে তাতে আমার আপত্তি নাই। কিন্তু আমাদের সাধারণের মত যে চিনির দাম বেশী হয়েছে, অথচ চিনির উৎপাদন দিগুলুণ হয়েছে। উৎপাদন বৃণ্ধির ফলে মালা বৃদ্ধি হয়, এ বোধ হয় "আজব দেশের আজব কারখানার" মত। তারপর আর একটা বিষয় আমার বন্ধবা হছে, এই কন্টোল সম্বন্ধে। দ্বঃথের বিষয় কন্টোলমন্ত্রী এখানে উপস্থিত নেই। তিন, সিমেন্ট ও চিনি, এই দুবাগুলিব উৎপাদন প্রচুর হয়েছে, তব্ত এগুলির উপর কন্টোল এখনত চলছে। এই কন্টোল এখনই তুলিয়া লওয়া উচিত; এ বিষয়ে কন্টোল বিশেষজ্ঞ মন্ত্রীমহাশয়কে বিশেষ অনুরোধ জানাই।

তারপর জীবনযাত্রার মান। উৎপাদন বহুল পরিমাণে বেড়েছে, এবং অর্থামন্ত্রীমহাশয় নিজেই স্বীকার করেছেন যে শ্রামিকদের জীবনযাত্রার বায় ১৯৫৫ সনে অনেক কমে গিয়েছে। অথচ দ্রবের মূল্য বেশী হওয়ার দর্ন অতিরিক্ত ভাতা ও বেতনের দাবী উঠছে ও সরকার এই দাবীতে সায় দিয়েছেন। এটা একটা অর্থানৈতিক প্যারাডক্ত। সরকার হতে সাধারণভাবে সরাসরি মজ্বরী বৃদ্ধি করলে কোন কথাই ছিল না। বাংসরিক ধর্মাঘটের নিকট সরকারের নতি স্বীকার করা এটাও আর একটা প্যারাডক্স। সম্ভবতঃ সরকার পক্ষ এই ভাষাটাই বৃধতে পারেন।

[1!—11-10 a.m.]

অর্থ মন্দ্রী দেখিয়েছেন যে জনগণের গড় আর ১৯৫০-৫১ সন হতে ১৯৫৫-৫৬ সনে এক-দশমাংশ বেড়েছে। এই সঙ্গে এ-কথাও স্বীকার করেছেন যে উচ্চ ও নিন্দ সমাজের আয় বেড়েছে কিন্তু মধ্যবিত্ত সমাজের আয় বহ**্ল প**রিমাণে কমেছে। বস্তৃতঃ আয় সর্স্বাপেক্ষা বেড়েছে উচ্চবিত্ত সমাজের, এবং এই স্বল্প-পরিমাণ লোকের প্রভৃত আয় গড়ের অঞ্চ বাড়িয়েছে।

অর্থমন্দ্রী দেখিয়েছেন যে ১৯৫৫-৫৬ সনে জনপ্রতি বাৎসরিক আয় হয়েছে ২৫১ টাকা, যে পরিবারে লোক সংখ্যা দশজন তার আয় এই হিসেবে বংসরে ২৫১০ টাকা। পশ্চিম-বাংলার শতকরা ৮০টি পরিবারের এই আয় নাই, অতএব এই হিসেব নির্ভূল নয়। এই সাংঘাতিক গড় হিসেব সরকার ও জনগণকে বিদ্রান্ত করেছে। কলকাতায় প্রতি বর্গ মাইলে লোক সংখ্যা ৭৪০০০, আর দার্জিলিংএ ১৯৫৫-৫৬ সনে ইউনিয়ন গভর্ণমেন্টের নিকট খণ পরিমাণ দাঁড়াবে প্রায় ১৬৩ কোটি টাকা। এর বাংসরিক স্কুদ হবে প্রায় ৫ কোটি টাকা। এবং সাধারণ ঋণ অর্থাৎ পার্বালক ডেট হবে প্রায় ২০ কোটি টাকা, এরও স্কুদ হবে প্রায় ১ কোটি টাকা। এই ছয় কোটি টাকা স্কুদের বোঝা পশ্চিমবাংলার ২ই কোটি লোকের টানতে হবে, অর্থাৎ মাথা পিছ, স্কুদের চাপ ২৷ টাকা। যার সংসারে দশজন লোক তাকে বংসরে স্কুদ দিতে হবে ২২॥ টাকা। এই টাকা প্রত্যক্ষভাবে আদায় না হয়ে পরোক্ষভাবে আদায় হচ্ছে, ক্রমবন্ধ্রমান ট্যাক্সের মাধ্যমে। কাজেই জীবনযান্তার ব্যয় ক্রমশঃ দ্বন্ধ্রিসহ হয়ে উঠ্ছে। টাকা জলের মতো আসছে, কিন্তু বাতাসের মত উড়ে যাছে।

কংগ্রেস হতে ইংরেজ সরকারকে এই প্রকার অপরাধের জন্য বহুবার দায়ী করা হয়েছে, সেই অপরাধ এখনো চলছে। প্রতি বর্গ মাইলে ৩৫০। এই দ্ইটীর গড় হিসেবে দাজিলিংএ বর্গ-মাইলে লোক সংখ্যা দাঁড়ায় প্রায় ৩৭০০০। এইরূপ ঢলা গড় হিসেবে সঠিক সংবাদ পাওয়া সম্ভব নয়। অর্থমন্থীর হিসেবে বংসরে ২৫০০ টাকার অধিক আয়ের কত পরিবারও এর কম আয়ের কত পরিবার পশ্চিমবাংলায়। আছে তার পরিসংখ্যানটি থাকলে প্রকৃত অবস্থা ব্রুতে পারা যেত। ১৯৬০-৬১ সনে মাথা প্রতি আয় ২১৬ টাকা হবে, এরূপ আশা পাওয়া গেল। এও হবে এর্মনি একটা গড় হিসেব! ১৯৫৬-৫৭ সনের বাজেট আলোচনায় দেখা যায় ১৯৫৪-৫৫ সন থেকে ৭ কোটি টাকা আয় বৃদ্ধি হবে এবং সেই সঙ্গে সঙ্গে বায়ও বৃদ্ধি হবে ১৪ কোটি টাকা। অথচ ক্যাপিটাল হেডএ বয় হবে ২৫ই কোটি টাকা। এ থেকে জমিদারী হস্তান্তরের ক্ষতিপ্রণ বাবদ ৭৪ লক্ষ্ টাকা, খাটাল স্থানান্তরিত করবার জন্য ৬৯ লক্ষ্ টাকা, কাঁচরাপাড়া অঞ্চলের উন্নতি বাবদ ১৩ লক্ষ্টাকা ও গ্রাদি বাবদ ২ কোটি ৫৩ লক্ষ্টাকা, মোট ৪ কোটি টাকা বদ দিলে অর্থকরী ক্যাপিটাল বায় হবে মাত্র ২১ই কোটি টাকা। সরকারী ব্যবস্থে শতকরা ৫ টাকা হিসেবে লাভ হলে ২৫ কোটি টাকার সন্দ ও আসল পরিশোধ হতে প্রায় ৫০ বংসর লাগবে। এ-কথা প্রের্থ বেলছি।

দেশের কল্যাণের জন্য অর্থ বায় আবশ্যক, কিন্তু তারও একটা সীমা আছে। সমগ্র দেশবাসীকে ঋণজালে জড়িয়ে ভবিষ্যতে চিরকালের মতো পঞ্জু করে বাখবার চেণ্টা করলে দেশের সামগ্রিক মঞ্গল হবার সম্ভাবনা কোথায়? কেবল কথার মারপর্যাচে ও দলীয় ভোটের জ্যোরে জনগণকে বিদ্রানত করে চলবারও একটা সীমারেখা আছে।

গত বংসর ও তংপ্র্ব বংসরে অর্থমন্ত্রী মহাশয় কেন্দ্রের নিকট থেকে আবগারী ও আয়করের অংশ পর্য্যাশত পরিমাণে পাচ্ছেন না বলে কঠোর অভিযোগ করেছেন। এবারের বন্ধৃতায় সেই অভিযোগ দেখছি না। অর্থমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, সেই অভিযোগের সন্তোষজনক সমাধান হয়েছে কি? এবারের বাজেটেও দেখা যায় পশ্চিমবংগর ভাগে আবগারীর ১৭১৬ ও আয়করের ১১ই রয়েছে এবং পাট-শ্রন্তেকরও সেই প্রোতন ১ই কোটি টাকাই রয়েছে।

- ২। গত বংসর অর্থমন্দ্রী মহাশয় মধ্যবিত্ত শিক্ষিত বেকারদের কর্ম্মব্যবস্থার প্রশ্ন উত্থাপন করেছিলেন, হাস্যাস্পদ স্বল্প বেতনে ১৮ হাজার প্রাথমিক শিক্ষক নিযুক্ত করা ছাড়া এদিকে আর কতদ্রে অগ্রসর হয়েছেন তা জানাবেন কি?
- ৩। গত বংসরের বাজেট বন্ধতায় অর্থমন্ত্রী মহাশয় ৭০০ কোটি টাকা ম্লেধন বায় করে ১২ লক্ষ বেকার বাণগালীর কাজ যোগানো সম্ভব এই কথা বলেছিলেন। এর জবাবে আমি

একটা পরিকলপনা দির্মেছলাম, পশ্চিম-বাংলায় ৮০০ শিলপ প্রতিষ্ঠানে বাঙালী শ্রমিক নিযুক্ত করবার, যাতে ৩ কোটি টাকা বায়ে ১ লক্ষ লোকের প্রায়ী পুনর্বসতি হয়, এবং তারি সাথে পশ্চিমবাংলার শিলপ প্রতিষ্ঠানগর্বলতে কি পরিমাণ বাঙালী শ্রমিক কাজ করে তার একটা পরিসংখ্যান চেয়েছিলাম। তখন মোটাম্টি শিসেবে মোট শ্রমিকের শতকরা ২০ জনের অধিক বাঙালী শ্রমিক ছিল না। এই এক বছরে অবপ্রার কতথানি উন্নতি হয়েছে সে বিষয়ে অর্থমন্ত্রী কিছুই বলেন নি। একমাত্র ছেটি টাল্সপোর্টএ ৪০০০ বাঙালী নিয়োগের কথা আছে মাত্র। কিবুত্ব দুর্গাপ্রের লোহা, কয়লা, বিদ্যুৎ প্রভৃতি বড় বড় শিলেপ বাঙালী কম্মীর সংখ্যা কির্মুপ হবে তার কোনই আভাষ নাই। এদিকে সিন্দ্রি ও চিত্তরঞ্জনে বাঙালী কম্মীর সংখ্যা কমে যাছে এর্প সংবাদ আমরা পেয়েছি। ধানবাদ ফ্রেল রিসার্চ ইনন্টিটিউটএ বাঙালী কম্মী দুতভাবে কমে আসছে। পশ্চিমবাংলায় ও তারই নিকানবর্তী প্রথানের শিলেপ বাঙালী কম্মী নিয়োগের অবস্থা যদি এইব্প হয় তবে অনা প্রদেশে শিলপ প্রতিষ্ঠান স্থাপন করে সেখানে বাঙালী শ্রমিক নিযুন্তের পরিকম্পনা সভাই অভিনর ও চানত দাণিউভগাীর পরিচায়ক।

আমি আশা করি অথমিকী মহশেয় উপয়োজ সমস্যাগ**্লি রাজনৈতিক ধা**প্যাবাজী হিসাবে। নিশ্চয়ই উত্থাপন করেন নি।

তারপর বাসতুহারাঃ ১৯৬৬-৫৭ সনের বাজেটে দেখা যায় যে বাসতুহারাদের পুনর্বসিতি বাবদ প্রায় ৯ কেটি টাবা বায় হবে। অর্থানলী দেখিয়েছেন যে এপর্যানত এই বাবদ (পি ২২) ৬৭ কোটি টাকা বায় হয়েছে ও ১৬ লক্ষ লোকের পুনর্বসিতি হয়েছে। সর্বপ্রকার বায় মিলিয়ে বাসতুহারাদের বাবদ ১০০ কোটি টাকার অধিক বায় হয়েছে বলে মনে হয়। অতি দঃখের সহিত বলতে হচ্ছে, এই টাকায় সত্যিকার পুনর্বসিতি ১০ লক্ষের বেশী লোকের হয় নাই। বাসতুহারা কলোনীগৃলি অন্সন্ধান করলেও তাদের দারিদ্রা ভয়াবহর্পে ফুটে উঠেছে দেখা যায়।

প্রশিচ্মবাংলায় জ্রামদারী প্রথা লোপ হ'ল। জমি প্নর্বর্গনের পরে প্রায় ৫০ লক্ষ্ণ লোক জামহীন হবে, এবং আরো প্রায় ৩০ লক্ষ্ণ বাস্তৃত্যাগী এসে পড়বে। এদের কাজ দিতে হবে। প্রশিচ্যবঙ্গের লোক সংখ্যা প্রতি বর্গমাইলে প্রায় ১,০০০ হবে। এ অবস্থায় পশ্চিমবাংলার লিলেক শিল্প প্রধান প্রদেশে পরিণত করা ছাড়া উপায় নাই। এ পর্যন্ত পশ্চিমবাংলার উল্লয়ন কার্যে ৯৪ কোটি টাকা বায় হয়েছে। (পি ১৪) ফল এখনো বিশেষ দেখা যাছেছ না। আলি প্রস্তাব করি প্রার্বস্থিতি খাতে ৯ কোটি টাকা হ'তে প্রত্যেকটী প্রায় ১ কোটি টাকা মাল্রধন করে ৮।১০টি বৃহৎ শিলপ ৮ কোটি টাকা ব্যয়ে পশ্চিমবাংলার প্রতি জেলায় অপেক্ষাকৃত জনবিরল স্থানে গড়ে তোলা হোক। এই কাজ তিন বছরে হওয়া সম্ভব। খাঁটি বাঙালী প্রসিক ও কম্মী দ্বারা এগ্র্লিকে চাল্ করা হোক। এই সকল প্রতিষ্ঠানে ও সর্বরাহকারী দল মিলিয়ো প্রায় ৫ লক্ষ্ণ লোকের স্থায়ী অর্থ করী কার্য্য সংস্থান হবে। এইভাবে কয়ের বংসরের মধ্যে সারা পশ্চিমবাংলার স্কার্র গ্রেমেও আয়ানির্ভরশীল সহর গড়ে উঠবে এবং চারদিকে নতুন ধরণের চাষ ও গ্রেশিক্ষপ গড়ে উঠবে। অন্বর চরকাও আকাশ থেকে মাটীতে নেমে চলতে স্কার্র করের, বিশেষত, যেখানে সম্তায় বিদ্যাং সর্বরাহ থাকবে। পশ্চিমবাংলা যদি নিজ দেশবাসীকৈ কাজ দিতে না পারে, ত'হলে অন্য প্রদেশে শিলপ প্রতিষ্ঠান গড়ে তাতে কাজ দেওয়া কথনই সম্ভব হবে না।

অর্থ মন্দ্রী এদিকে আরো মনোযোগ দিন, এই আমার প্রার্থনা। শিবের তাল্ডব আমরা দেখতে চাই না, দেখতে চাই তাঁর মার্গালিক কার্য্যাবলী।

[11-10-11-20 a.m.]

Sj. Bankim Chandra Banerji:

মাননীয় সভাপতি মহাশয়, আমি এই বাজেট সম্বন্ধে গত বংসরও বর্লোছ, আজও বলছি ভাল কান্ত করতে গেলে টাকার প্রয়োজন। সত্তরাং বাজেটে ঘাটতি হবেই। কিন্তু আমি ২।৪টি বিষয় নিয়ে আলোচনা করতে চাই, যাতে বাজেটের আয় বৃন্ধি হয়। সেটা হচ্ছে

ট্যাক্সেস। আমি গতবারেও বলেছিলাম বেটিং ট্যাক্স আরো বাড়ান উচিত। ২**নং বলেছিলাম** হাই কোর্টএর যে মামলা হয়, সেখানে কোর্টফি, ষ্ট্যাম্প বাবদ রেভিনিউ যা পাওয়া যায় সেটা আরো বাড়ান উচিত। আর একটা কথা বলেছিলাম, হোটেলএর উপর এ্যামিউজমেন্ট টাাক্স এবং খাওয়ার বিলের উপর, যা বিহারেও আছে, হওয়া উচিত। তারপর সেলস ট্যাক্সএর কথা। সেখানে গভর্ণমেন্ট থেকে অনেক চেন্টা করেছেন যাতে সেলস ট্যাক্সটর ফাঁকি ধরা পড়ে। কিন্তু এখনও অনেক গলদ রয়েছে। সেলস ট্যাক্স সম্বন্ধে সামান্য একটা উদাহরণ দিচ্ছি। আমাদের সার্কুলার রোডএর উপর অনেকগ্রাল দোকান আছে, তারা অকশন থেকে भान रकत नक नक ग्रेकात। रमशात এकक्षन वावमाशी আছে य वश्मरत २४।०० नक টাকার মাল কেনে। এবং সেখানে দেখতে পাওয়া যায় যে রবার ঘ্ট্যাম্প দিয়ে তার বিল তৈরী করে সে মাল বিক্রয় করে। অথচ সে সেলস ট্যাক্স একটা পয়সাও দেয় না। এইগুর্নল ধরবার বাবস্থা সরকার কর্ন। তারপর নিউ মাকেটিএ আমি মাঝে মাঝে যাই সেখানে দেখেছি যে, যদি একজন ৫০ হাজার টাকার মাল কিনতে চায় তাহলে সে এক পয়সা সেলস ট্যাক্স না দিয়ে মাল কিনতে পারে। সেটা ধরবার কোন বন্দোবস্ত করা হয় নি। ধরাটা খুরই সহজ। তাই আমার মনে হয় যে সেলস ট্যাক্সএর কারবার কতকগ**্রাল মাডোয়াডী করতো** সেগুলি কিছু কিছু কমেছে কিন্তু এইসব সেলস ট্যাক্স ধরবার যদি বাবস্থা না করা হয় তাহলে আমাদের রেভিনিউ বাড়তে পারে না। এই সেলস ট্যাক্স ধরতে পারলে আমার মনে হয় আরো ৫।৬ কোটি টাকা পেতে পারেন।

তারপর উদ্বাহতু সমস্যা। আমি জানি পানাগড়ে ৪০ স্কোয়ার মাইল এরিয়া নিয়ে সেখানে ইণ্ডিয়া গভর্গমেন্টএর একটা সেড আছে। সেখানে ৮ লক্ষ্ণ টাকা মাসে প্রায়় খরচ করেন মেনটেন্যান্সএর জন্য। সেখানে প্রাণো লোহার কতকগ্নলি পার্টস রাখা আছে। সেটা যদি ইণ্ডিয়া গভর্গমেন্টএর কাছ থেকে বন্দোবহুত করে নেওয়া যায় তাহলে সেখানে ১০।১৫ হাজার রেফিউজি রিসেটেলমেন্ট এর ব্যবহুথা করতে পারা যায়। সেইদিকে গভর্গমেন্টএর চেন্টা করা উচিত। তাতে বাড়ী, সিনেমা, হাসপাতাল, বাজার সব কিছুই আছে।

তারপর শিলিগন্ডি, সেখানে আমার যাতায়াত আছে। সেখানে একটা গভর্ণমেন্টএর নতন বাজার তৈয়ারী হয়েছে, কিন্তু আজ ৪।৫ বৎসর যাবৎ সে বাজার খোলা আর হছে না—এর কারণ কি? এর কারণ হছে—সেখানে রেফিউজিদের জন্য প্রথমে ২০০ খানা ঘর নিয়ে বাজার খোলা হবে ঠিক করা হ'ল। কিন্তু রেফিউজিরা দাবী করল ২০০ খানা ঘর ওদের পক্ষে বাজার খোলা সম্ভব নয়, অন্ততঃ ৫০০ ঘর করতে হবে। তারপর রেফিউজিরা রুমশঃ সংখ্যায় বাড়তে লাগল আর তাদের দাবীও সেই অনুপাতে বাড়তে লাগল। রেফিউজিদের দাবী মেটান না হোলে কি এই বাজার আর খোলা হবে না? এতে আমাদের দেশের লোকের মনে হবে যে, আমাদের গভর্গমেন্টএর ক্ষমতা নেই এই বাজার খ্লতে। এই বিষয়ে লক্ষ্য় করা উচিত। কোনদিন আর বাজার হবে ব'লে লোকের বিশ্বাস নেই। সেখানে যে করটি ঘর আছে সেখানে আগে বাজার বসান উচিত, তারপর প্রয়োজন মত ঘর বাড়ান উচিত। কারণ সেখানকার দরজা-জানালা সব লোকে নিয়ে যাছে, বন-জগল হয়ে গিয়েছে, অথচ সরকার যেখানে বহু টাকা খরচ করেছেন, সেখানে আজ শেয়াল-কুকুরের বাসা হয়েছে। (দি অনারেবল প্রফ্লাচন্দ্র সেনঃ দরজা, জানলাগ্বলিও শেয়ালে চুরি করছে?) না, দরজা, জানলাগ্বলি চুরী করছে মানুষে, আর বাস করছে শেয়াল-কুকুরে। এই বাজার খোলা হ'লে গভর্গমেন্টএর আয় অনেক বাড়তো।

আর একটা জিনিষ আমাদের দেশে দেখতে পাছিছ, সে বিষয়টার দিকে আমি গভর্ণমেন্টএর দৃণি আকর্ষণ করছি। আমাদের দেশে যারা বিলাতী মদ বিক্রয় করে তাদের কথা বলছি। যারা রিটেলএ (যথা হোটেল বা বার) মদ বিক্রয় করে, তারা বিয়ারএ বোতল পিছ্ন ॥ (আট আনা) বা হর্ম্মিকি, রাণ্ডিতে রোতল পিছ্ন ২॥ (আড়াই টাকা) বেশী এক্সসাইজ ডিউটি দেয়। কিন্তু যদি হোলসেলএ বা যারা প্রা বোতল বিক্রয় করে বা যে খরিন্দার সেই দোকান থেকে কেনে তারা উভয়ে সেই ॥ আনা বা ২॥ টাকা কম পায়। এই অসামঞ্জস্য থাকায় হোটেলে এবং পানওয়ালার দোকানে এই লাভে মদ বিক্রয় হয়। তা ছাড়া নিতাই বাংলা ও

বিহার বর্ডারে মদের চোরাকারবারী হয়, তার কারণ বিহারে মদের দাম বাংলাদেশ হইতে কম। এই কারণে রিটেল এ্যাপ্ড হোলসেলএর এক রকম রেট করা উচিত। রিটেল এবং হোলসেলএর ভিন্ন রেট থাকা উচিত নয়। একরকম করলে অনেক চুরী কমে যায়। এই করেকটি পয়েশ্টএর উপর আমার বলবার ছিল, আর কিছ্ব বলবার নেই।

[11-20-11-30 a.m.]

Si. Satya Priya Roy:

মাননীয় সভাপতি মহাশয়, গত বংসর এই বাজেট আলোচনার সময় পরিষ্কার করে বলেছিলাম যে পশ্চিমবংগ সরকার দেউলিয়া হতে চলেছে এবং পশ্চিমবংগকে সম্পূর্ণ দেউলিয়া করে তাঁরা তারপর গদি ছাড়বেন। আফটার মি দি ডেলিউজ এই নীতি পশ্চিমবংগ সরকার গ্রহণ করেছেন, এই কথা আমি গত বংসরে বলেছিলাম। এই বংসরও সেই লক্ষণ আরো পরিষ্কারভাবে পরিষ্ফার্ট হয়ে উঠেছে। এই বংসরের আয়-বংস দেখলো দেখবো যে ঘাটতি কি পরিমাণ হয়েছে। ১৭ কোটি টাকা ঘাটতি হয়েছে, ৬ কোটি টাকা গত বংসরের উদ্বৃত্ত ছিল সেটা বাদ দিলে ১০ কোটি টাকা নেগেটিভ ব্যালাম্স নিয়ে এই বাজেট হচেচ।

বেজিনিউ সাইডে যদি বিসিট দেখি সেখানে দেখবো পরিকাৰ কমতি ১ কোটি ৩৩ লক্ষ্ণ টাকা এবার আমাদের রেভিনিউ রিসিটে কম হয়েছে। এক্সপেণ্ডিচার সাইড যদি দেখি তাহলে দেখবো যখন এ বছবের একটা পরিকল্পনা শেষ হয়ে গেল সেই মুখে কোথায় আমাদের রেভিনিউ রিসিট্ এ্যান্ড এক্সপেন্ডিচার দিনের পর দিন উর্দ্ধান্মী হতে থাকরে তা ন্যু, সেখানে দেখা যাচ্ছে যে হাজার দিক থেকে ঋণ সংগ্রহ করে দেশটাকে ঋণেব শোঝায় র্ডাবয়ে দেওয়া হচ্ছে। এক্সপেণ্ডিচার সাইডে গত বছবের অধ্ক বাখতে পারেন নি সে জায়গায় গত বছরের অংক থেকে তাকে নামিয়ে দেওয়া হচ্ছে। কাজেই পারিক লোন সেন্ট্রাল গ্রুপ্রেন্টের লোন, ইত্যাদি করে দেখা যাচ্ছে যে ১৯৫৫ সালে যাছিল ১৩৬ কোটি টাকা সেখানে ১৯৫৬ সালে ১৬২ কোটি টাকা ঋণ পাবে শ্ব্যু সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছ থেকে। এতুসর খণ সংগ্রহ করে দেখা যাচ্ছে যে পশ্চিমবাংলা সরকার তাদের যে এক্সপেণ্ডিচার সাইড সেই সাইডে খুরচ কমিয়ে দিতে বাধা হচ্ছেন। কাজেই এই বাজেট সম্বন্ধে বলতে গিয়ে সবচেয়ে প্রথমে যে-কথা আমি বলতে চাচ্ছি সেটা এই যে, পশ্চিমবাংলা সরকারকে আরো ধীরভাবে বিবেচনা করতে হবে। পরিকম্পনার নামে কতকগালি পবিকম্পনাবিহীন কাজে হাত দিয়ে তাঁরা কোটি কোটি টাকা অপচয় করছেন। এই যে গৌরী সেনের টাকা জলেব মত অসেছে, যে-কথা আমাদের চার্ সান্যাল মহাশয় বলেছেন যে মান,যের রক্ত নিংড়ে যে টাকা আদায় করা হয়েছে সেই টাকা জলের মত খরচ করছেন। কোন হিসাব-নিকাশ নেই কোন রকমে জাতির কোন উর্ন্নাত হচ্ছে কিনা সেদিকে সরকারের কিছুমাত লক্ষ্য নেই। প্রথমতঃ মুখামূলী মহাশুয়ের বাজেট বিবরণী যদি পড়া যায় তাহলে মনে হবে যে আমরা প্রায় রাম রাজত্বের মুখে গিয়ে দাঁড়িয়েছি, দেশের যা অভাব-অভিযোগ তা প্রায় সব মিটে গেছে এবং স্বর্গরাজ্যে যেতে বোধ হয় আমাদের আর বেশী দিন বাকী নেই। মুখামন্ত্রীর বাজেট বক্তৃতা থেকে তাই মনে হয়। মান্ধের আয় সম্বশ্ধে আমার বন্ধ্বর চার্ সান্যাল মহাশয় ইতিপূর্বে বলেছেন. ২৫০ টাকা গড়ে নাকি ব্যক্তির আয় হয়েছে। তাহলে তিনি যে হিসাব দেখিয়েছেন ১০জন পরিবারের ২॥ হাজার টাকা প্রতি বছর পরিবারের আয় হতে হবে, কিন্ত কটা পরিবারের ২॥ হাজার টাকা আয় আছে? আমার বন্ধবের চার, সান্যাল মহাশয়ের সেই প্রশেনর উত্তর সরকারপক্ষ দেবেন বলে আশা করি। দেশের সম্মির কথা বলতে গিরে বলেছেন যে ইন্ডাম্ম্রিয়াল প্রোডাকসন নাকি বাড়তে বাড়তে ৫৮ পার্সেন্ট ইনক্রিজ হয়েছে, ফ্রম ১৯৪৬ ট্ ১৯৫৬ এবং শ্ধ্ ১৯৫৫ থেকে ১৯৫৬এ ১২ পার্সেন্ট ইনক্রিজ হয়েছে। তাছাড়া এখন আমাদের পশ্চিমবুণ্গ সরকার জাতীয় উৎপাদনের মূল্য নির্ম্পারণ করছেন ১০০ কোটি টাকার ইউনিট আবজা, বলছেন ৮২ আবজা থেকে নাকি আমাদের জাতীয় উৎপাদনের মূল; এসে দাঁড়িরেছে ৯৬-৪৫ আবজা, দ্যাট ইজ এয়ান ইনক্রিজ অব্ ১৭-৫ পার্সেন্ট। যাদ বাস্তবিকই যে ছবি তাঁরা একেছেন, যে তথ্যাদি এই বাজেটের মধ্যে সরবরাহ করেছেন সেগ্রিল ষদি সত্য হয়ে থাকে তাহ*লে* আমাদের কথা এই যে জন পিছ, আয় বাড়লো বলে সরকার

र्य मार्वी कतरहन, रम ठाका राम काथाय? रमरे ठाका भर्मिक्स करायकक्षरनत शास्त्र सारक्ष्य ম্বাণ্টমেয় কয়েকজন শিলপমালিক কোটি কোটি টাকা লাভ করছেন এবং এমন বিরোধী অবস্থার স্থাতি করছেন যার শ্বারা প্রাচুর্য্যের মধ্যে আমাদের অভাব দিন দিন বেড়ে চলেছে। এ-কথা সত্য হয়ত ইন্ডান্ট্রিয়াল আউটপুটে বেড়েছে কিন্তু এ-কথাও সতা যে ইন্ডান্ট্রিয়াল আউটপুটে বাড়ার সংখ্যা কম্পেসংস্থান বেশী হয় নি বরং বেকারীর সংখ্যা দিন দিন বেডে চলেছে। ন্যাশনাল ইনকাম বলে জে জিনিষ সেটা হয়ত বেড়েছে কিন্তু সেই ন্যাশনাল ইনকামের যে ল্যায়ন্স শেয়ার যে বড় ভাগ, সেই বড় ভাগ–যদিও ভারত সরকারের নীতি হচ্ছে যে সমাজতান্ত্রিক ধাঁচে শাসনব্যবস্থা চালাতে হবে তব**ুও পশ্চিমবংগ সরকার** নিজেকে বিকিয়ে দিয়েছেন কতকগুলি শিল্পমালিকের কাছে এবং তার ফলে দেশের যা জ্বাতীয় আয় বেড়েছে তাতে জনসাধারণের কোন কল্যাণ বা উপকার হয় নি। কেন কল্যাণ বা উপকার হয় নি তার কারণ পরিব্দার ব্রুমা যাবে, যখন আমরা বাজেটে রিসিট সাইতে আয়ের দিকে তাকাই বিভিন্ন খাতে যে অঙ্কগর্মল দেখানো হয়েছে সেখানে দেখা যাবে প্রায় প্রতি খাতে ১৯৫০ সাল থেকে ১৯৫৫ সাল পর্য্যন্ত পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা গ্রহণের সঞ্জে দেশের আয় যেমন বেড়েছে তেমন করে বিভিন্ন খাতে। বাজেটে আয় কমে গেছে। এই যে আয় কমে যাওয়া রোভনিউ সাইডে এটা অতি অভ্ত রকমের। যেখানে মানুষের আয় বেডেছে যেখানে উৎপন্ন দুব্য বেড়েছে, সেখানে কি করে রাজন্বের বিভিন্ন খাতে আয় কমে যেতে পারে? ১৯৫২-৫৩ সালে যে আয় হয়েছে, ১৯৫৪-৫৫ সালে সেই আয় হয় নি, ১৯৫৫-৫৬ সালে সেই আয় হয় নি। ক্রমশঃ এই যে অবনতি আয়ের দিক থেকে এটা কি করে সম্ভব, আমাদের মুখামন্ত্রী মহাশয় সেটা পরিজ্ঞার করে উত্তর দেবার সময় আমাদের বুরিরেয়ে দেবেন এই আশা আমরা করি।

আমি একটা একটা করে ধরছি। প্রথম, রাজন্তেবর কথা বলতে গিয়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাশ্চমবাংলা সরকার তার প্রাপ্য রাজন্বের অংশ হিসাবে যা পান সে সম্পর্কে আাম বলবো। অবশ্য এ সম্পর্কে আমার বন্ধ্বের চার্ন সান্যাল মহাশয় আগে কিছু বলে গেছেন, তাহলেও সেটার প্রনর্রন্তি করে সেদিকে মুখামল্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো এবং আশা করবো তিনি এ সম্পর্কে তাঁর বস্তুতার সময় আমাদের কাছে কিছু বলবেন। ইউনিয়ন একসাইজ ডিউটিজ তার শতকরা ৭-১৬ পার্সেন্ট হচ্ছে পশ্চিমবাংলা সরকারের পাওনা। ইন ১৯৫২-৫৩তে আমরা দেখতে পাচ্ছি, যে এাাকচুয়াল রিসিট্স ছিল সেই হিসাবে পশ্চিমবাংল। সরকার পেয়েছেন ১ কোটি ২৫ লক্ষ ৭৬ হাজার টাকা। ১৯৫৬-৫৭ সালে যখন দেখা যাচেছ যে জাতীয় উৎপাদন ১৭·৫ পার্সেন্ট বেড়ে গেছে সেই সময় দেখা যাচ্ছে যে এই বাবদ আমাদের পশ্চিমবাংলা সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাচ্ছেন ১ কোটি ৩০ লক্ষ টাকা, অর্থাৎ শুধ্ব ৪ পার্সেন্ট ইনক্রিজ হয়েছে। তারপর ইনকাম ট্যাক্স এবং এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের একটা অংশ পশ্চিমবাংলা সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেয়ে থাকেন। ইনকাম ট্যাক্সের যে অংশ বিভিন্ন রাজ্যের মধ্যে বন্টন করে দেওয়ার কথা সংবিধানে আছে তার ১১·৪ পার্সেন্ট পেয়ে থাকেন আমাদের পশ্চিমবাংলা সরকার। ১৯৫২-৫৩ সালে দেখা যাচ্ছে যে এই ইনকাম ট্যাক্স এবং এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স হিসাবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমাদের পশ্চিমবঙ্গ সরকার পেয়েছেন ৭ কোটি ৫৩ লক্ষ ৯৮ হাজার টাকা। কিন্তু দেশের সমৃদ্ধি যথন নাকি চরমে গিয়ে পেণচৈছে, যথন একটা পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা শেষ হয়েছে, আবার আর একটা দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা আরম্ভ হতে যাচ্ছে সেই মুখে ১৯৫৬-৫৭ সালে আমরা দেখতে পাচ্ছি ষে ইনকাম ট্যাক্স এবং এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স খাতে আমরা পাচ্ছি মাত্র ৭ কোটি ৪ লক্ষ ৮৬ হাজার টাকা অর্থাৎ এই খাতে ১৯৫২-৫৩ সালে আমরা যে টাকা পেরেছি তার চেরে ৪৯ লক্ষ্ণ টাকা আমরা কম পাচ্ছি। এর কৈফিয়ং কি? যে দেশের আয় বেড়েছে, উৎপাদন বেড়েছে এবং ১৭-৫ পার্সেন্ট ইনক্লিজ হয়েছে, সেখানে ইনকাম ট্যাক্স এবং এগ্রিকালচারাল ইনকাম ট্যাব্রে ১৯৫২-৫৩ সালে পশ্চিমবাংলা সরকার যে টাকা পেরেছেন তার থেকে ১৯৫৬-৫৭ সালের বাজেটে ৪৯ লক্ষ টাকা কম। যেখানে অন্ততঃ কয়েক কোটি টাকা বেশী :হওয়ার কথা, সেখানে দেখা বাচ্ছে এই খাতে ৪৯ **লক্ষ** টাকা কম বরান্দ ধরেছেন ১৯৫৬-৫৭

সালের বাজেটে। এর কারণ পরিজ্কার বোঝা যাচ্ছে। এর কারণ হচ্ছে, কারা দেয়? যাদের প্রাচুর্য্য আছে, যাদের উদ্বৃত্ত আছে, যারা পরের প্রাপ্য সমাজ থেকে লন্ঠন করে নিয়ে নিজেদের মুনাফার পাহাড় গড়ে তুলছে, তারাই দেবে ইনকাম ট্যাক্স।

[11-30-11-40 a.m.]

যারা পরের প্রাপ্যটা সমাজ থেকে লা-্ঠন করে নিয়ে নিজেদের মানাফার অৎক বান্ধি করছে তারাই দেবে ইনকাম টাক্সি—তারা সরকারের কাছে অনুগৃহীত। এই সরকারকে তারাই চালাচ্ছে। ইনকাম ট্যাক্স খাতে ১৯৫২-৫৩ সালে যে আয় বেড়েছিল অর্থাৎ প্রথম পঞ্চবাধিকী পরিকল্পনার গোড়ায়, ১৯৫৬-৫৭ সালে ইনকাম ট্যাক্স সেই জায়গায় আমরা ৪৯ লক্ষ টাকা ক্ম পাচ্ছি। স্টেট এক্সসাইজ ডিইটিজ ১৯৫২-৫৩ সালে পেয়েছিলাম ৫ কোটি ৭৭ লক্ষ ৯ হাজার টাকা, সেই জায়গায় '৫৬-৫৭ সালের বাজেটে দেখা বাচ্ছে বরান্দ করা হয়েছে ৪ কোটি ৯২ লক্ষ ২৯ হাজার টাকা। সেখানে এই স্টেট এক্সসাইজ ডিউটিজ দেখা যাচ্ছে যে ১৯৫২-৫৩ সালে প্রথম পশু-বার্ষিকী পরিকল্পনার প্রারন্তে আমরা যে টাকা পেয়েছিলাম এই খাতে তার থেকে ৮৪ লক্ষ্ক ৮০ হাজার টাকা কমে গিয়েছে, এই ১৯৫৬-৫৭ সালে যথন দাবী করা হয়েছে যে আমরা একটা পণ্ড-বার্যিকী পরিকল্পনা সাফল্যের সঙ্গে শেষ করে দ্বিতীয় পণ্য-বার্ষিকী পরিকল্পনার দিকে এগিয়ে যাচ্ছি। তারপর এই সরকার-এই প্রদন আমাদের বন্ধবের চার্বাব, আগেই করেছেন, আমিও কর্রাছ, এই সরকার কেন্দ্রীয় সরকারের কাছে নিজেকে বিকিয়ে দিয়েছেন এবং পশ্চিমবংগ সরকারের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নিজের যা অধিকার, যা দাবী তা আদায় করবার সাহস নেই, তা এই বাজেট থেকে পরিষ্কার বুঝা যায়। এখানে দেখতে পাচ্ছি পাট সম্পর্কে মুখামন্ত্রী বলছেন তাঁর বাজেট বিবরণীতে যে র জুট বেশ ভাল হয়েছে, জুট ফ্যাক্টরীগুর্নিতে বেশী কাজ চলছে এবং যে সমস্ত লুমুস বন্ধ ছিল তার মধ্যে বেশ একটা সংখ্যা নোতৃন করে চাল, হয়েছে। কাজেই পাট সম্পর্কে আমাদের মুখামন্ত্রী বেশ সান্দর ছবি দিয়েছেন এবং সে-কথা হয় ত সতি। কিন্ত এই যে এক কোটি ৫০ লক্ষ টাকা আগাগোড়া পশ্চিমবর্ণ্য সরকার পাচ্ছে, সেখানে পাট যে ভাল হ'ল তার জন্য কোন বেশী বরান্দ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেতে হবে সেরকম কোন দাবী এখানে নেই, সেই আগের, বরাবরের মতই দাবী রাখা ২য়েছে। এর কারণ পরিষ্কার, কেন্দ্রীয় সরকারের কাছ থেনে পশ্চিমবংগ সরকারের ন্যায্য দাবী আদায় করবার ক্ষমতা এই সরকারের নেই এবং তার পরিব্দার স্বীকৃতি এই বাজেটে দেখতে পাচ্ছি। অবশ্য এতে আশ্চর্য্যের কিছু নেই। এই কেন্দ্রীয় সরকারের চাপে আমাদের মুখামন্দ্রী মহাশয় তাঁর নিজের যে দেশ, বংগজননীকে বিকিয়ে দিতে কুণিঠত হচ্ছেন না; সেই জায়গায়, এই কেন্দ্রীয় সরকারের কান্ত থেকে এক কোটি পণ্ডাশ লক্ষ টাকার পরিবর্ত্তে আমাদের যে ন্যায্য দাবী, যা পশ্চিমবঙ্গ সরকারের পাওয়া উচিৎ ছিল তা আদায় ক'রে এ'রা নেবেন সেরকম সং সাহসের পরিচয় অর্থ মন্ত্রী দিতে পারেন না এটা আমর। ব্রিথ।

সেলস ট্যাক্স সম্পর্কে আমি বলতে চাই যে আমি খ্রই আনন্দিত হয়েছি যে, বিরোধীপক্ষের বন্ধ্বর বিন্কমবাব্ সরকারী নীতিকে তীব্র সমালোচনা করেছেন। সবচেয়ে বেশী দ্নীতি রয়েছে ইনকাম ট্যাক্স এবং সেলস ট্যাক্সএর ক্ষেত্রে। দেখা যাচ্ছে ১৯৫৪-৫৫ সালে সেলস ট্যাক্স রিসিট ছিল ৬ কোটি ২৯ লক্ষ ৫২ টাকা, ১৯৫৬-৫৭ সালে সেলস ট্যাক্স বরান্দ ৬ কোটি ৮০ লক্ষ টাকা। আপাততঃ এতে মনে হচ্ছে হয়ত ৫১ লক্ষ টাকা বেশী বরান্দ করা হয়েছে, কিন্তু মনে রাখতে হবে যে, ১৯৫৬-৫৭ সালে এবং ১৯৫৫ সালের শেষদিকে কতকগ্রিল নোতুন বিধয়কে সেলস ট্যাক্স র মন্তর্ভুক্ত করা হয়েছে, যেমন, চিনি, সোনা, সোনার তৈরী গহনা ইত্যাদি এবং যখন সেলস ট্যাক্স সম্পর্কে আলোচনা এখানে হয় তথ্নি চিনির উপর যাতে নোতুন করে সেলস ট্যাক্স না বর্গান হয় বলেছিলাম, কিন্তু মুখ্যমন্দ্রী তার জবাবে বলেছিলেন যে ৮০ লক্ষ টাকা চিনির উপর সেলস ট্যাক্স থেকে তিনি আদায় করতে পারবেন। আমি বলছি ৮০ লক্ষ টাকা যদি এইভাবে আদায় করে থাকেন তাহলে সোনা বা সোনার তৈরী গহনা থেকে আরও ২০ লক্ষ টাকা আদায় করা হয়েছে বলে ধরতে পারি। তাই যদি হয় তাহলে ১৯৫৬-৫৭ সালে সেলস ট্যাক্স বাবদ যে বরান্দ ধরা হয়েছে সেখানে দেখা যাবে অনততঃ ৫০।৬০

লক্ষ্ণ টাকা সেলস ট্যাক্স খাতে কম আদায় হয়েছে। এদিকে সরকার আবার সাফাই দিচ্ছেন, এই ষে ৬ কোটি ৮০ লক্ষ্ণ টাকা আদায় হ'ল, সেটা নাকি ভ্যেন্দেনিং অফ এ্যাডমিনিজ্যেশনএর জন্য হয়েছে। ভ্রেন্দেনিং অফ এ্যাডমিনিজ্যেশনএর জন্য আমরা দেখতে পাচ্ছি সেলস ট্যাক্স খাতে যা আদায় হওয়া উচিত ছিল তার চেয়ে ৮০ লক্ষ্ণ টাকা কম আদায় হওয়া উচিত ছিল তার চেয়ে ৮০ লক্ষ্ণ টাকা কম আদায় হওয়া উচিত ছিল তার চেয়ে ৮০

তারপর, এ্যাডার্মানন্ট্রেশন অফ জান্টিস, এই সরকারের সর্বত্র কি রকম শিথিলতা আছে তাঁ রাজন্দের আয়ের দিক থেকে সর্ব্বত্র কিরকম কমে যাছে দেখলে ব্ব্যা যায়। এই যে প্রকণ্পর বিরোধী একটা অবন্ধা এর বির্দেধ বারবার আমরা বলতে চাই। এ্যাডার্মানন্ট্রেশন অফ জান্ট্রিসএর দিক থেকে রাজন্বের আয়ের কথা বিবেচনা করলে দেখব ১৯৫৩-৫৪ সালে এই খাতে আয় ছিল ১১৯ লক্ষ ১৬ হাজার টাকা আর আজকে দ্বিতীয় পণ্ট-বার্ষিকী পরিকল্পনার যখন আরম্ভ হতে যাছে এবং সম্দ্রির পথে যখন অনেকখানি নাকি আমরা এগিয়ে চলেছি তখন ১৯৫৬-৫৭ সালে সেই জারগায় আয় ৩৩ লক্ষ ৫৭ হাজার টাকা অর্থাৎ ১৯৫৩-৫৪ সালে এই খাতে যে আয় হরেছিল তার চেয়ে ৭ লক্ষ টাকা আয় ১৯৫৬-৫৭ সালে কমে গিয়েছে। জেলমন্দ্রী মহান্যর এখানে ছিলেন, এখন তাঁকে দেখছি না, অবন্য, আমি আমাদের সভার চেরারম্যানকে ধন্যবাদ জানাছি এই জন্যে যে তিনি ট্রেজারী বেণ্ডকে নিন্দেশ দিয়েছেন যে অন্ততঃ বাজেট আলোচনার সময় তাঁরা এখানে উপস্থিত থাকবেন। জেলের ক্ষেত্রে দেখাছ ১৯৫৩-৫৪ সালের ৭ লক্ষ ৭৯ হাজার টাকা আয়ের জারগায় ১৯৫৬-৫৭ সালে রাজন্বের আয় বরান্দ ৬ লক্ষ ৩৬ হাজার টাকা অর্থাৎ এখানে পরিহ্বার দেখা যাছে—

there is a decrease of one lac forty-three thousand.

মেডিক্যাল খাতে দেখা যাক। হয় ত হসপিটাল কিছ্ন বেড়েছে, শ্লেন বেডএর সংখ্যাও বেড়েছে, কিন্তু স্বাভাবিকভাবে যথন আমরা মেডিক্যাল খাতের আয় পরীক্ষা করব তথন আমরা জিজ্ঞাসা করব যে যেখানে আয়ের একটা বৃদ্ধি হয়েছে সেখানে দেখা যাচ্ছে আয় কমে গিয়েছে। মেডিক্যাল ফ্যাকালটিজএ ১৯৫৩-৫৪ সালে রাজস্বের খাতে আয় হয়েছিল ৪৪ লক্ষ ৯১ হাজার টাকা, আজকে ১৯৫৬-৫৭ সালে মেডিক্যাল খাতে আয় দেখা যাচ্ছে ৩৫ লক্ষ ৩ হাজার টাকা অর্থাৎ প্রায় ১০ লক্ষ টাকা কম আদায় হয়েছে এই খাতে।

মিসসেলেনিয়স হেডএ দেখা যাচ্ছে যে প্রায় এক কোটি টাকা আয় কম দেখান হয়েছে এবং মোটমাট ইনক্লিজ এ্যান্ড ডিক্লিজ সমস্ত হিসাব দিয়ে দেখা যাচ্ছে গত বছরের যে ব্রিভাইজড বাজেট ছিল তার থেকে এক কোটি ৩৩ লক্ষ টাকা রাজস্ব খাতে আয় কম হয়েছে।

[11-40-11-50 a.m.]

ফলে ১ কোটি ৩৩ লক্ষ টাকা রাজন্ব খাতে আর কম হয়েছে, যদিও এ-কথা আমাদের মনে রাখতে হবে—এর মধ্যে সরকার অন্ততঃ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১৬ কোটি টাকার বেশী ঋণ এনেছেন এবং সাধারণভাবে লোন রেজ করেছেন এবং ঋণের বোঝা দিনের পর দিন বাড়িয়ে চলেছেন। তা সত্বেও রেভিনিউ সাইডএ, রিসিট সাইডএ দেখা যাচ্ছে ১ কোটি ৩৩ লক্ষ টাকা আয় আমাদের এ বছর কম হচ্ছে।

বাজেট ঋণকে সমর্থন করতে গিয়ে এমন কি পরিকল্পনার নামে অন্গৃহীত জনগণের মধ্যে প্রসাদ বিতরণের যে বিরাট প্রচেন্টা চলেছে তার সমর্থনের জন্য সরকার বলে থাকেন দেশের যদি উন্নয়নমূলক কাজ করতে হয়, তাহলে আয় থেকে ব্যয় বেশী করে যেতে হবে, ব্যয়ের মাত্রা বাডিয়ে যাব। কারণ দেশকে আমরা গঠন করতে যাচ্চি।

১৯৫৫-৫৬ সালের সংশোধিত বাজেটে যে টাকা তাঁরা খরচ করতে পেরেছিলেন, দেশে খণের বোঝা অনেক বাড়িয়েও ১৯৫৬-৫৭ সালের বাজেটে সেই খরচ তাঁরা করতে পারেন নি। তব্ ও এর মধ্যে দেখতে পাওয়া যাচ্ছে ১৭ কোটি টাকা ডেফিসিট হচ্ছে। এবং ৬ কোটি টাকা গতবারের যা উম্বৃত্ত ছিল তা কেটে দিয়ে অন্ততঃ ১০ কোটির মত নেগেটিভ ব্যাল্যান্স রেখে আমাদের এই বাজেট শেষ হচ্ছে। তা সত্তেও বলছেন খরচের হার বাজবে। সেদিক

থেকে তাঁরা সব রকম চেণ্টা করেও বাধ্য হয়েছেন খরচ ১৯৫৫-৫৬ সালে যা ছিল তার চেয়ে কমিয়ে দিতে। রেভিনিউ এক্সপেণ্ডিচারএ আমাদের খণের বোঝা কিরকম করে বাড়ছে তা বলা দরকার।

যখন রাজ্যপালের ভাষণ পড়েছিলাম সেখানেও দে গ্রছিলাম একটা কথা আছে ১৯৪৭-৪৮ সালে দ্ব-কোটি আড়াই কোটি টাকা ঋণ নিঃ। পশ্চিমবঙ্গা সরকারের কাজ আরম্ভ হরেছিল। সেখানে আজ তাঁরা প্রথম পঞ্চ-বার্যিকী পরিকলপনায় দেশের উন্নয়নের জনা সবশ্বস্থা, ৯৪ কোটি টাকা খরচ করেছেন। এই ৯৪ কোটি টাকা দেশের উন্নয়নে খরচ করতে গিয়ে ১৬২ কোটি টাকা একটা হেভি ঋণ করেছেন, সে কথা তাঁরা আগে কোথাও উল্লেখ করেন নাই। এই যে ঋণের বোঝা ক্রমশঃ চাপিয়ে উন্নয়নের কথা বলছেন, এটা নিতাশ্তই খেলো কথা। আপনারা যে পশ্চিমবঙ্গকে ক্রমশঃ দেউলিয়া করবার পথে নিয়ে যাচ্ছেন, সে বিষয়ে আমুরা নিঃসন্দেহ।

এবার রেভিনিউ এক্সপেণ্ডিচার, মুখামন্ত্রী মহাশয় বাজেটে বলেছেন, গত সংশোধিত বাজেটে যে খরচ করা হর্মেছিল তা থেকে দ্-কোটি টাকা কম খরচ হবে। এটা বিশেষ করে লক্ষ্য করতে হবে, তাঁরা বারবার করে বলে যাচ্ছেন যে করে হোক দেশকে গঠনের জন্য বায় করে যাবো। অথচ সেখানে তাঁরা প্রোন হার বজায় রাখতে পারছেন না। ফলে বোঝা যাচ্ছে বাংলার অর্থ নৈতিক কাঠামো সম্পূর্ণ ধনুসে পড়বার মুখে এসে দাঁড়িয়েছে। আর দু-এক বছর যদি এবা মন্ত্রিছে থাকতে পারেন তাহলে বাংলার আর্থিক অবস্থা যা হবে, তাতে আর বাজেট করা সম্ভবপর হবে না। বাংলার আজ যা কিছু আর্থিক ক্রেডিট, তা সম্পূর্ণ ধরংশ হয়ে গেছে। এখন এই যে দ্-কোটি টাকা রাজস্ব খাতে কম খরচ হচ্ছে এর মধ্যে ৯৩ লক্ষ টাকা থরচ কমিয়ে দেওয়া হয়েছে, যা চার চন্দ্র সান্যাল মহাশয় বলেছেন বন্যা থেকে উত্তর-বংগের লোকজনদের রক্ষা করবার জন্য যে ব্যবস্থা ছিল, তা থেকে। আমি উত্তর-বংগ্যের প্রত্যেক জেলায় গিয়েছি। জলপাইগর্বাড়তেও গিয়েছি। সেখানে দেখেছি কতকগ্রলি পাথর ফেলে দিয়ে সাময়িকভাবে এক বছর বন্যা প্রতিরোধ করা হয়েছে। তখন আমাদের যিনি বন্যা প্রতিরোধের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়, তিনি বলেছিলেন এটা সাময়িকভাবে করছি যাতে স্থায়ীভাবে উত্তর-বংগকে বন্যার হাত থেকে রক্ষা কার যায়, তার ব্যবস্থা করবো। এবারেও দেখছি মুখামন্ত্রী মহাশয় এবং রাজ্যপাল মহাশয়ের ভাষণে পরিক্ষার লেখা আছে যে সিকিমের যে সমস্ত ক্যাচ্মেন্ট এরিয়া আছে, সেই সমস্ত জায়গায় পশ্চিমবংগ থেকে সরকারী কর্ম্মচারীরা গিয়েছে এবং তাঁরা সেথানকাব পর্যানেক্ষণের কাজ শেষ করে এসেছে। গত বছর সেখানে বন্যা হয় নি। তাঁরা ভগবানের উপর নির্ভার করেন এবং আমিও ব**লবো** ভগবানের আশীর্ব্বাদে গত বছর বন্যার প্রকোপ এত প্রবল হয়ে দেখা দেয় নি. এবং তার জন্য এই বাঁধটা টিকে গিয়েছে, এবং এবারও যেন ভগবানের উপর নির্ভার করে দেশের লোককে থাকতে হয়, তার জন্য আমি প্রার্থনা করি। কিন্তু তা না হয়ে যদি বন্যার প্রকোপ প্রবল হয়ে দেখা দেয়, এবং বাঁধগুলো ভেণ্ডে ভেসে, ধনুসে যায় তাহলেও হয় ত পশ্চিমবণ্গ সরকার বলবেন ভগবান এটা করেছেন, আমাদের পক্ষে জনসাধারণকে রক্ষা করবার কোন উপায় নাই। অথচ পার্মানেন্টভাবে কাজ করবার জন্য, খরচের যে টাকা বরান্দ করা হয়েছিল, তা তাঁরা খরচ করছেন না। গত বছর যে টাকা খরচ করবার কথা হর্মোছল, তার থেকে অনেক **কমিয়ে** দেওয়া হয়েছে এ-বছর। ১৯৫৫-৫৬ সালের বাজেটে উত্তর-ব**ে**গর বন্যা প্রতিরোধ করবার জ্বন্য যে টাকা ব্রান্দ হয়েছিল, এ-বছর সেই টাকা থেকে ৯৩ লক্ষ টাকা কমিয়ে দেওয়া হয়েছে। (শ্রীযুক্ত মহীতোষ রায় চৌধুরীঃ বাঁধগুলির কি দোষ হয়েছে, এবং কি করা উচিত ছিল?) বাঁধগুলি স্থায়ীভাবে থাকবার ব্যবস্থা নেই; এবং এগুলি স্থায়ী করবার প্রয়োজন আছে, এ-कथा মুখ্যমন্ত্রী মহাশয় স্বীকার করেছেন; এবং মন্ত্রীমহাশয় এ-কথাও বলেছেন ষে আমাদের সরকারী কম্মচারীরা সিকিমে কাজ করতে গিরেছিলেন এবং স্থায়ীভাবে বাঁধ বাধবার জন্য কি করা প্রয়োজন ছিল তা তাঁদের বন্তব্যে বলেছেন। এবং এই স্থায়ী ব্যবস্থা করবার জন্য মন্দ্রীমহাশয় বলেছিলেন, যখন উত্তরবধ্গ বন্যার প্রকোপে ভেসে গিয়ে হাজার, হাজার লোক মৃত্যুম্থে পতিত হয়েছিল। কিন্তু, গত বছর ভগবানের রূপায় বন্যার প্রকোপ কিছু কম হওয়ায় হঠাং দেখা গেল যে, বাজেটে যে ৯৩ লক্ষ টাকা এরজন্য বরান্দ ছিল সেটা কমিয়ে দেওয়া হয়েছে। এই হচ্ছে আমার প্রথম বন্তব্য।

তারপর আমার দ্বিতীয় বস্তব্য হচ্ছে ফেমিন্ ও রিলিফএর জন্য যে বরান্দের টাকা সাধারণতঃ ধরা হয়ে থাকে, তা থেকে অনেক টাকা কমিয়ে দেওয়া হয়েছে। খাদ্যমন্দ্রী, য়াঁকে দ্বভিক্ষমন্দ্রী বলা হ'ত, তিনি যতই স্বন্দর করে ছবি আঁকুন না কেন; বাস্তবিক, দেশে দ্বভিক্ষ লেগেই আছে, মান্য এখনও অনাহারের স্তরে রয়েছে। মান্য এখন অনাহারের স্তর থেকে খাদ্যের প্রাচুর্য্যের স্তরে এসে পৌচেছে এ-কথা কিছ্বতেই বলা চলে না; এ-কথা নিশ্চয়ই মাননীয় মন্দ্রীমহাশয় স্বীকার করবেন। ভারতবর্ষের মান্য, অগনিত জনসাধারণ আজ এমন একটা স্তরে বাস করছে, যেখানে দ্বভিক্ষ, তাদের নিত্য সঙ্গা। এখনও তাঁরা তাঁদের ময়্রাক্ষী বা দামোদর সম্পর্কে যতই ঢক্কানিনাদ করে হাজার হাজার টাকা বায় করে প্রচার কাজ কর্বন না কেন; এখনও দেশের লোককে নির্ভর করে থাকতে হয় আকাশের দিকে, বর্ষার দিকে; যদি বর্ষা না আসে, যদি ফসল ক্ষতিগ্রস্ত হয় তাহলে কিছ্বতেই দেশের লোককে রক্ষা করতে পারবো না, সরকার র্যাদ আগে থেকে প্রস্তৃত না থাকেন।

[11-50-12 noon]

এর চেয়ে বোধ হয় নির্দর্শয়, নির্মাম, এর চেয়ে অব্যবস্থা, এর চেয়ে অদ্রদর্শিতা বোধ হয় আর কিছ্ব হতে পারে না। এবার যদি দেশে দর্ভিক্ষ দেখা দেয়, তাহলে ওঁরা আবার হাত তলে আকাশের দিকে তাকিয়ে বলবেন আমরা কি ক'রব, ভগবান বির্প, ভগবান এই দ্বভিক্ষ স্পিট করেছেন, কাজেই লক্ষ লক্ষ লোক স্বাভাবিকভাবে মরবে। কিন্তু এই বাজেটে যা করা উচিত ছিল, এই বাজেটে আরও ঐজন্য টাকা বাড়ান উচিত ছিল। তা না কোরে উল্টো ২ কোটি ২৫ লক্ষ টাকা ফেমিন রিলিফ অপারেশন থেকে কমান হয়েছে। আর কমান হরেছে শিক্ষা বিভাগে। ১৯৫৫-৫৬ সালের যে রিভাইজড বাজেট তাতে ৯ কোটি ৩৯ লক্ষ টাকা শিক্ষা বাবতে বরান্দ ছিল, আর আজ ১৯৫৬-৫৭ সালের বাজেটে দেখছি ১ কোটি ১৬ লক্ষ টাকা মোট বরান্দ করা হয়েছে, অর্থাৎ এখানে ২৩ লক্ষ টাকা খরচ কমান হয়েছে এবং তা এমন একটা সময়ে যখন সরকার বলছেন যে শিক্ষার ব্যবস্থাকে সম্পূর্ণ ন্তন ধাঁচে কোরে তুলব, প্রান যা কিছ্ম জরাজীর্ণ তাকে আর সহ্য করা হবে না. সব কিছ্ম ভেশ্যেচরে ধরংস কোরে দিয়ে যেমন কোরে একটা নিউ চায়না শপ্ করতে গেলে করা হয় তেমনি কোরে এই বর্তমান ব্যবস্থাকে ধরংস কোরে দিয়ে তার পরিবর্তে ন্তন একটা রাজ্য গড়ে তুলতে হবে। এই কথা যে সরকার বলছেন তাঁদের কথাতেই দেখছি গত বছর চলতি বছরের সংশোধিত বাজেটে যে ব্যয় বরান্দ ধরা হয়েছিল তার চেয়ে ২৩ লক্ষ টাকা বরান্দ কমিয়ে দেওয়া হয়েছে। কিসে খরচ বেড়ে যাচ্ছে সেটা দেখতে হবে। সর্বাই দেখতে পাচ্ছি যে এাডিমিনিন্টেশনএর খাতে হৃত্ব, কোরে খরচ বেড়ে যাচ্ছে বছরের পর বছর। এ সম্বন্ধে আমি কয়েকটা উদাহরণ দিচ্ছি। ভেটট এক্সসাইজ ডিউটি—এই খাতে যে বায় দেখান হ'ল তাতে দেখছি যে ১ লক্ষ টাকা বায় বেড়ে গেছে। ১৯৫৪-৫৫ সালের বাজেটে খরচ ছিল ২৯ লক্ষ ২৬ হাজার, ১৯৫৫-৫৬ সালে বরান্দ করা হয়েছে ৩০ লক্ষ ৩৯ হাজার টাকা, অর্থাৎ এই বিভাগের প্রশাসনিক খাতে এক লক্ষ টাকা ব্যয়-বরান্দ বাড়ছে, কিন্তু এর আগেই আমি বলেছি এই খাতে আয় না বাড়লেও এই খাতে প্রশাসনিক খরচ দিনের পর দিন বেড়ে চলেছে। আরও দেখতে পাচ্ছি সার্য়োন্টফিক ডিপার্টমেন্টএর, সেখানেও ১৯৫৫-৫৬ **সালে**র সংশোধিত বাজেট থেকে এই সরকার ৪০ পার্সেন্ট কম কোরে দিয়েছেন। কাজেই গঠনমূলক কাজ—যেমন শিক্ষা বা সার্যেন্টিফিক ডিপার্টমেন্ট অথবা ফেমিন রিলিফ বা ফুড রিলিফ, সেই সব জায়গায় খরচ কমান হচ্ছে আর খরচ বাড়ছে প্রশাসনিক খাতে। সরকারের বাজেটের এই সাধারণ রূপ।

পারিক হেল্থ সম্বন্ধে এই সরকারী বিবরণীতে মুখ্যমন্ত্রী মহাশর বলছেন যে পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার ৪ হাজার রোগীর শয্যা বাড়াতে পেরেছি। সারা পশ্চিমবাংলার ৪ হাজার আর কয়েক শত হবে সেটা স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলতে পারবেন। মোটাম্বটি রাউণ্ড ফিগারএ বলতে পারি যে ৪ হাজার রোগীর শয্যা বাড়ান হয়েছে ৫ বছরে।

এ কোরে আমাদের রোগীর শয্যার চেয়ে রোগীর সংখ্যা যে দিনের পর দিন বেড়ে যাচ্ছে তা দেখতে পাচ্ছি, যদিও গভর্ণমেন্টের রিপোর্টে দেখছি আমরা নাকি দেশ থেকে রোগকে একেবারে সরিয়ে দিয়ে মান্মকে দীর্ঘজীবী কোরে তুর্লোছ। ভগবানের এটা অভিশাপ ষে মান্ম কি কোরে না খেয়ে দীর্ঘজীবী হয়ে থাকে। না খেয়ে মান্মের জীবন যদি দীর্ঘতর হয় তাহলে সেটা মান্মের জীবনের পক্ষে মদত বড় অভিশাপ বলতে হবে। তাই বলছি এই ৫ বছরে যে ৪ হাজার রোগীর শয্যা বাড়াতে পেরেছেন এজন্য পশ্চিমবঙ্গ সরকারকে অভিনন্দন জানান যায় না।

তার পরে শিক্ষা সন্বন্ধে। শিক্ষাবিদ্ হিসাবে এবং শিক্ষক হিসাবে আমার প্রধান বন্ধব্য এই শিক্ষা সন্পর্কে। দ্বংথের বিষয় প্রধান মন্দ্রীমহাশয় এথানে উপস্থিত নাই এবং শিক্ষামন্দ্রী মহাশয়ও নাই এবং স্বাভাবিকভাবে তিনি থাকেনও না—

The Honble Profulla Chandra Sen:

উপ-শিক্ষামন্ত্রী এখানে আছেন।

Sj. Satya Priya Roy:

উপ জিনিষটাই খারাপঃ দেবতা সম্বন্ধে ত খারাপই। আর যিনি উপ-মন্দ্রী আছেন তাঁর বয়সের দিক থেকে তিনি উপ-মন্দ্রী হ'লেও শিক্ষক-সমাজ খ্ব শ্রন্ধার চোখে তাঁকে দেখতে পারছেন না। যাইহোক এই শিক্ষা সম্পর্কে সরকারী বাজেটের যে কি চেহারা তা একট্র স্ক্র্যু বিশেলষণ কোরে দেখাতে চাই।

প্রথমতঃ, আমি শিক্ষাকে ভাগ করছি ৩টা স্তরে, যে ভাগ এখন প্রচলিত রয়েছে, অর্থাৎ বিশ্ববিদ্যালয় বা উচ্চতর শিক্ষা, মাধ্যমিক শিক্ষা এবং প্রাথমিক শিক্ষা। বিশ্ববিদ্যালয় সম্পর্কে সরকারের কি নীতি তা বাজেট থেকে পরিম্কার হয়ে যাবে। আমরা দেখতে পাচ্চি ১৯৫৩-৫৪ সালে পশ্চিমবাংলা সরকার কলিকাতা বিশ্ববিদ্যালয়কে ২৫ লক্ষ ৬৪ হাজার টাকা সাহায্য করেছিলেন, কিন্ত ১৯৫৬-৫৭ সালে দেখছি মাত্র ২১ লক্ষ ৬০ হাজার টাকা সাহায্য বরান্দ করেছেন, অর্থাৎ এই বিশ্ববিদ্যালয়ের খাতে পঞ্চ-বার্যিকী পরিকল্পনায় এক এক বছরে টাকা কমে আসছে এবং তা ২৫ লক্ষ থেকে ২১ লক্ষে নেমে এসেছে। বিশ্ববিদ্যা**লয়ের** সর্বাংগীন উন্নতি আমাদের পশ্চিমবাংলার মুখ্যমনতী চান এবং সে কথা বলেও থাকেন, কিন্তু তাঁর বাজেটে যে টাকা বরান্দ হয়েছে তা থেকে এই কথাই প্রমাণিত হয়, বিশেষ করে আমি মুখ্যমনতী মহাশয়কে প্রশ্ন ক'রব এবং আশা ক'রব যে তিনি উত্তর দেবেন यে এ-कथा সত্য किना य किन्दीय अवकादवत काছ थिएक य সমূহত টাকা এই বিশ্ববিদ্যালয় পেতে পারতেন যদি রাজ্য-সরকার তাঁর দেয় টাকা বাজেটে যা বরান্দ কোরেছেন তার বেশার ভাগ টাকা বিশ্ববিদ্যালয়ের জন্য দিতেন, সেইজন্য তাঁরা দেন না, আর এর একমাত্র কারণ পশ্চিমবাংলা সরকার তাঁর দেয় টাকা দিতে রাজী নন। আর এ-কথা কি সত্য যে এই নিয়ে আমাদের প্র্রেকার ভাইস-চ্যান্সেলার িয়নি আজকে প্ল্যানিং কমিশনের মেম্বর হয়েছেন, তিনি টাকা চেয়েছিলেন এবং তাঁর সংখ্য আমাদের ম্থামন্ত্রী মহাশয়ের তুম্ল বাদান বাদ হয়ে গেছে? এবং তিনি এই কেন্দ্রীয় সরকারের টাকা বিশ্ববিদ্যালয় নিতে পারছে না রাজ্য-সরকার টাকা দেন না বোলে, এইজন্য তিনি এখানকার ভাইস-চ্যান্সেলারশিপ থেকে পদত্যাগ করতে বাধ্য হয়েছেন। এ-কথা সত্য কিনা মুখামন্ত্রী মহাশয় যথন জবাব দেবেন তখন তা জানতে চাইব। কিন্তু আর যা হউক এটা অতি অম্ভূত ব্যাপার যে তিনি वलाइन ১৭ ६ शास्त्र नो न्यामन्यान आउठेश्र टे व्हार्ट्स धवः लाएकत आय व्हार्ट्स বলেছেন। অথচ শিক্ষার খাতে দেখছি বিশ্ববিদ্যালয়কে ২৫ লক্ষ টাকা থেকে ২১ লক্ষ টাকা সাহায্যের ব্যবস্থা করা হয়েছে। বেড়েছে কোথায়? বেড়েছে গভর্ণমেন্টের আর্টস্ करलार्छ। स्त्रथारन प्रत्था याष्ट्र এই ८ लक्क होका खिहा करूम राष्ट्र स्त्रथारन स्त्रहे ८ लक्क होका বেড়ে গেছে ঐ গভর্ণমেন্ট আর্টস্ কলেজের থরচের পিছনে। তারপর কলেজ সন্বন্ধে বলতে চাই এরা যেন দ্রো রাণীর সন্তান। প্রাইভেট কলেজগুলো বাদের বলে এয়ফিলিয়েটেড কলেজ, তারা না আমাদের পশ্চিমবাংলা সরকারের, না গ্র্যান্টস কমিশনের। কোথা থেকেও কোনরকম স্ক্রবিধা পাবার এদের উপায় নাই। গ্র্যান্টস কমিশন বলোছলেন এ্যাফিলিয়েটেড কলেজগুলোর সম্বন্ধে কিছুই করতে পারব না। পশ্চিমবাংলা সরকারের সেই বিমাতাস,লভ মনোভাব এই এ্যাফিলিয়েটেড কলেজগুলোর প্রতি দেখছি. অথচ এই

প্র্যাফিলিরেটেড কলেজগর্বলাই আজ উচ্চতর শিক্ষার শতকরা ৯৫ ভাগ ব্যবস্থা করছে। কিন্তু প্র্যাফিলিরেটেড কলেজগ্রলো পশ্চিমবাংলা সরকারের সাহায্য থেকে প্রায় সম্পূর্ণ বঞ্চিত এ-কথা পরিক্ষার কোরে বলা যেতে পারে।

[12-12-10 p.m.]

দেখতে পাছিছ গভর্ণমেন্ট আর্ট কলেজেস, তার সংখ্যা হচ্ছে প্রব্রুষদের ৮টি, মেরেদের ২টি, মোট ১০টি। তারজন্য ৩৪ লক্ষ্ণ টাকা থরচ করছেন। সেই জারগায় প্রায় ১০০টি নন-গভর্গমেন্ট কলেজেস এবং এ্যফিলিরেটেড কলেজ, তাদের জন্য ১৯৫৬-৫৭ সালে বরাদ্দ করা হয়েছে মাত্র ১৫ লক্ষ্ণ টাকা। দর্শটি গভর্ণমেন্ট কলেজএর জন্য যদি ৩০ লক্ষ্ণ টাকা থরচ হতে পারে তাহলে ১০০টি বে-সরকারী কলেজের জন্য কেন মাত্র ১৫ লক্ষ্ণ টাকা বরাদ্দ হয়েছে, তাতে দেশের শিক্ষিত জনসাধারণের কাছে মন্ত্রীমন্ডলী কোন জবাব দিতে পারবেন না। এই প্রদ্ন ন্তন নয়। এই সরকারী ও বে-সরকারী প্রতিষ্ঠানগুলির পার্থক্য তুলে দেবার দাবী মুখ্যমন্ত্রী মহাশ্র যথন গদিতে বসেন তথন জানান হয়েছিল, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সংস্থাগুলিও এ দাবী জানিরেছে, সেটা বারবার এবং এবারও এই দাবী জানাচ্ছি বে সরকারী ও বে-সরকারী কলেজের মধ্যে যে পার্থক্য ইংরাজ সরকার করে গিয়েছেন সেটা তুলে দেওয়া হ'ক। শুধু তাই নয়, মুদালিয়ার কমিশ্বন রিপোর্টওও ছিল—

This invidious distinction between the Government and non-government institutions should be abolished.

এই সমস্ত বারবার বলা সত্ত্বেও আজ পর্যান্ত এই ১৯৫৬-৫৭ সালে গভর্ণমেন্ট আর্ট কলেজএর ১০টির জন্য ৩৪ লক্ষ্ণ টাকা বরান্দ হয়েছে এবং ১০০টি প্রাইভেট কলেজএর জন্য মাত্র ১৫ লক্ষ্ণ টাকা বরান্দ করা হয়েছে। গ্রান্টস ট্র গভর্ণমেন্ট প্রফেসন্যাল কলেজেস ও নন-গভর্ণমেন্ট প্রফেসন্যাল কলেজেস ও নন-গভর্ণমেন্ট প্রফেসন্যাল কলেজেস—সেখানেও দেখবেন যে সরকারী ও বে-সরকারী । সরকারী গ্রন্থিল হচ্ছে স্যোরান্দী আর বে-সরকারী গর্লি হচ্ছে দ্যোরান্দী। এই সমস্ত সরকারী কলেজে হয়ত শতকরা ৫টি ছেলে-মেয়ে শিক্ষালাভ করে। আর শতকরা ৯৫ জন ছেলে-মেয়ে এইসব বে-সরকারী বিদ্যালয়ে শিক্ষালাভ করে। সমস্ত স্যোগ-স্বিধাগ্রিল যেমন বৈদেশিক সরকার সরকারী প্রতিষ্ঠানগ্র্লির উপর বজায় রাখতো তেমনি আজ এত বংসর স্বাধীনতার পরেও সেই একই দ্যুভিভগ্যী নিয়ে চলেছেন। বাজেটের প্রতি যদি দণ্টি দেওয়া যায় তাহলে পরিক্ষার ঘোষণা করা যায় যে গভর্ণমেন্ট প্রফেসন্যাল কলেজেসএর বেলায় দেখতে পাছিছ ৮ লক্ষ ১৭ হাজার টাকা বরান্দ করা হয়েছে ৫২,৩০০ টাকা। কাজেই গভর্ণমেন্ট ও নন-গভর্ণমেন্ট শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে যে বৈষম্য আছে পশ্চিমবংগ সরকারের এই বাজেট আলোচনা করার সময় এই কথা বলছি সেই বৈষম্য তুলে দেবার জন্য। যে নীতি সমস্ত কমিশন স্পারিক্ষাকরেছে সেটা গ্রহণ করবেন কিনা এবং বাজেটে সেইভাবে ব্যয়-বরান্দ্র থাকবে কিনা।

তারপর, আমার প্রশন হচ্ছে সেকেণ্ডারি এডুকেশন সম্পর্কে। সেই সম্বন্ধে বলতে গিয়ে বিশেষভাবে আমি এই কথাই বলবো, মুখামন্ত্রী বলেন এ-কথা, শিক্ষামন্ত্রী নীরব এবং শিক্ষাসচিব বলেন আর এক কথা। এই শিক্ষাসচিব যিনি স্নাতক, দুই বংসরে পাশ করেছেন, এক বংসরে পাশ করতে পারেন নি। তিনি এমন লোক নন, যার বিশেষ প্রতিভা আছে। এই ক্যাবিনেট ডিসিসনএর এগেন্ট্র কি করে এই এডুকেশন সেক্ট্রোর কথা ব'লেন সেই প্রশনই আমি করবো, আশা করি বাজেটের জবাবে তিনি যেন এটা বলেন। প্রথমতঃ আমি একটা রিপোর্ট্রের কথা বলছি—

Report of the Secondary Education Commission. West Bengal

এ সন্বশ্ধে শিক্ষাসচিব বিবৃতি দিলেন যে এই রিপোর্ট ১৯৫৫ সালের ডিসেন্বর মাসে বাজারে বেরিয়েছে এবং বিক্রয় হচ্ছে। অথচ, আমি চেয়ারম্যান ও মুখ্যমন্ত্রীর দৃষ্টি এদিকে আকর্ষণ করিছ যে এই মলাটের উপর পরিব্দার লেখা আছে যে ছাপান হয়েছে ১৯৫৬ সালে। এই প্রশ্ন আমি মুখ্যমন্ত্রীকে করেছিলাম কিন্তু তার জবাব দেন নি। আমাদের সরকারের নীতিই হচ্ছে সভ্যমেব জয়তে। সুভরাং সরকারী দশ্তর থেকে যদি কোন অসত্য ভারশ

হয়ে থাকে তাহলে সেই অসত্য ভাষণের জন্য যে দায়ী তার শান্তিম্লক ব্যবস্থা যদি না হয় তাহলে সরকারের নীতিকেই অপমান করা হয়। সেইজন্য আজকে এই বাজেট আলোচনার সময় ম্খামন্ত্রীকে প্রশ্ন কর্রাছ, সরকারপক্ষের শিক্ষাসচিব এই রকম অসত্য ভাষণ করেছেন। এখানে অত্যন্ত দ্বংথের কথা ক্যাবিনেট ডিসিসন হয় একরকম আর শিক্ষাসচিব বিব্তি দিয়ে বেড়ান অন্য রকম। এখানে পরিবুক্ষারভাবে বলা হয়েছে যে ন্তন সেট আপএ ক্যাবিনেট ডিসিসন হয় যে ৫।৬ বংসরের মধ্যে ১০ শ্রেণীর স্কুল যা আছে ওল্ড সেট আপএর মধ্যে তা নেবেন। কিন্তু হঠাং এডুকেশন সেরেটারি বলে দিলেন ৫।৬ বংসর নয়, ৬ থেকে ১০ বংসর—৬ বংসর হতে পারে, ১০ বংসরও হতে পারে। আমার এখানে প্রশ্ন হচ্ছে যে উনি কি করে ক্যাবিনেট ডিসিসন উল্টে দিচ্ছেন।

ন্বিতীয় কথা হচ্ছে যে, রিপোর্টএ বলেছে ৪০০ হাইয়ার স্কুলকে হাইয়ার সেকেন্ডারি স্কুল করা হবে। এই যে—

Cabinet decision—they have accepted generally the recommendation of the West Bengal Secondary Education Enquiry Commission.

আমরা তার বির্দেখ প্রতিবাদ করেছিলাম। এই ১৫ শত বিদ্যালয় গড়ে তুলবেন। কিন্তু এই ১০ বংসরের স্কুলের শিক্ষার সন্যোগ গ্রামের ছেলে-মেয়েরা পাছেছ নিজেদের ঘরের থেয়ে পরে, এই সমস্ত বিদ্যালয় তুলে দিয়ে ১,৫০০ বিদ্যালয়কে ৪২০টি বিদ্যালয় হঠাং করলে জাতির কল্যাণ হবে না। এইজন্য আমরা এই এনকোয়ারি কমিশনএর রিপোর্ট সম্পর্কে প্রতিবাদ জানিয়েছিলাম নিখিল বংগ শিক্ষক সম্মিলনীর পক্ষ থেকে এবং এই প্রতিবাদ শিক্ষাসাচবকেও জানিয়েছিলাম যে এই ১৫ শত বিদ্যালয়কে উন্নত কর্ন এবং ১১ শ্রেণীর যুক্ত-বিদ্যালয় হিসাবে গড়ে তুলুন। আমার প্রশ্ন হচ্ছে যে এই ১৫ শত স্কুলকে সাহায্য করতে যত টাকা লগেবে তা দিয়ে এই বিদ্যালয়েগ্রেলিকে তৈরী করতে হবে। তারপর ইন্টারমিডিয়েট এডুকেশন হচ্ছে কলেজগর্নালতে। এই ১১ শ্রেণীর স্কুলগ্র্নিতে এই কলেজ ন্ট্যান্ডার্ড আরুকেশন হচ্ছে কলেজগর্নালতে। এই ১১ শ্রেণীর স্কুলগ্র্নিত এই কলেজ ন্ট্যান্ডার্ড আনতে হবে। এবং এরজন্য ১৫ কোটি টাকা দরকার হবে। কিন্তু বাজেট বরান্দ তার সম্বন্ধে বেশী কিছু নেই। তারপের মাল্টিপারপাস স্কুলগ্র্নির বরান্দ দিন দিন কমে যাছে এর কারণ কি? প্রধানমন্ত্রী কি বলবেন যে ক্যাবিনেট ডিসিসন ব'লে যেটা লেখা হয়েছে সেটাই মানবেন না শিক্ষাস্টিব পত্রিকায় যে বিবরণ দিয়েছেন সেটাই মানতে হবে।

তারপর, এখানে বলা হয়েছে যে ১—১০—১১ ক্লাসএর স্কুলের যারা শিক্ষক হবে, তাদের অনততঃ শিক্ষকতা করবার জন্য ইন্টারমিডিয়েট কলেজএর যোগ্যতা থাকতে হবে, অর্থাৎ এম.এ. সেকেন্ড ক্লাস, তার প্রয়োজন হবে। এখানে শিক্ষাসচিব বলেছেন যে এটা জেনেরালি এ্যাকসেপ্টেড। আমরা তার প্রতিবাদ জানিয়েছি, কারণ, হঠাৎ এক অবস্থা থেকে আর এক অবস্থায় যেতে হ'লে রাতারাতি যাওয়া যায় না। যদি যেতেই হয় তাহ'লে একটা প্রস্তৃতির পর্বর মধ্যে দিয়ে যেতে হয়।

[12-10-12-20 p.m.]

সরকারের কোন প্রস্তৃতি নেই। শৃধ্ হঠাৎ কোথা থেকে এক-একটা করে উদ্ভট পরিকল্পনা নিয়ে দেশের অর্থ অপচয় করেন, এই হচ্ছে পরিকল্পনার মোটামাটি অর্থ। যাই হোক এখানে দেখতে পাচ্ছি যে, মাল্টিপার্পাস স্কুলে এক কোটি টাকার মত বরান্দ কমে যাচ্ছে, কমে তো যাবেই, যখন কেন্দ্রীয় সরকারের শিক্ষাদণ্ডর থেকে ১,০৮০ কোটি টাকা চাওয়া হয়েছিল, পরিকল্পনা কমিশনের কাছে শিক্ষা খাতে তখন সেই টাকা পরিকল্পনা কমিশন শিক্ষা খাতে দিতে রাজী হন নি। মৌলানা আজাদ শিক্ষামন্দ্রীর পক্ষ থেকে যে দাবী জানান হয়েছিল সেটা ছিল যে শিক্ষা খাতে অন্ততঃ ৫২৬ কোটি টাকা বরান্দ করতে ন্বিতীয় পণ্ট-বার্ষিকী পরিকল্পনার কিন্তু পরিকল্পনা কমিশন সেটাকু টাকাও শিক্ষা খাতে দিতে রাজী হন নি। তারা ৩২০ কোটি টাকা মাত্র বরান্দ করেছেন শিক্ষা খাতে, আগামী পাঁচ বছরের উলয়নের জন্য। যখন কেন্দ্রীয় সরকার ১,০৮০ কোটি টাকার কথা ভেবেছিলেন তখন তারা ভেবেছিলেন বে পরিকল্পনা কমিশন তাদের এই দাবী মেনে মেবে। তখন তারা বলেছিলেন ১ হাজার

মালটি-পারপাস স্কুল তাঁরা করবেন আগামী পাঁচ বছরে। ট্র ভাগ বদি জনসংখ্যার অনুপাত ধরে নিই, তাহলে পশ্চিমবাংলায় ৬০টি মাল্টিপার্পাস স্কুল হ'তে পারে, কিন্তু সেই টাকা কমতে কমতে এসে ৩২০ কোটিতে দাঁড়িয়েছে। ১৫টির বেশী মাল্টিপার্পাস স্কুল পশ্চিমবাংলা সরকারের সাধ্য নাই পশ্চিমবাংলায় করেন। অথচ সে সম্বন্ধে নানা রকম বিদ্রান্তিকর প্রচার আমাদের শিক্ষাসচিব যে করছেন তার সপ্পে ক্যাবিনেট ডিসিসনএর কোন রকম সর্পাত নাই। এখানে আমার কথা হছে যে এবারের বাজেটে শিক্ষা খাতে উন্নয়নের জন্য যে টাকা ধরা হয়েছে তাতে আমরা দেখতে পাছিছ যে অস্ভূত কতকগ্নলি প্রতিষ্ঠান, যে প্রতিষ্ঠানের অস্তিত আজ পর্যান্ত নেই এবং যার সন্ত্র্মু পরিকল্পনা এখন পর্যান্ত শিক্ষাবিভাগের মন্তিকে আসে নি সে সমন্ত বিদ্যালয়গ্র্নির জন্য বেশীর ভাগ টাকা বরান্দ করে রাখা হয়েছে। মাল্টিপার্পাস স্কুল সম্পর্কে আমরা, শিক্ষকরা গিয়েছি, সেখানে হেড্মাণ্টারদের সত্যে আলোচনা করেছি এবং সেখানে বাড়ীঘর বাড়িয়ে লক্ষ লক্ষ টাকা থরচ করা হয়েছে, ও এ্যাম্লায়ান্সেস কিছু কিনে এনে ফেলে রাখা হয়েছে কিন্তু আমরা বরাবর শিক্ষাদম্ভরে চিঠি দিয়েও জানতে পাছিছ না যে ঐ বাড়ীতে আমরা কি করবো, সাজ-সরঞ্জাম নিয়ে কি করবো, কিভাবে পড়াতে হবে—

[At this stage the blue light was lit.]

আমার আরও সময় লাগবে স্যার।

Mr. Chairman: You have spoken for nearly an hour.

8]. Satya Priya Roy: I am an educationist and you have allowed only three days for discussion.

Mr. Chairman: Nearabout one hour you have spoken. Please try to be brief and to the point.

Sj. Satya Priya Roy: I shall be very brief. I shall finish.

দেখা যাচ্ছে যে ৪৪ লক্ষ টাকা নানারকম উন্নয়ণ পরিকলপনার জনা বরাদ্দ করা হয়েছে, তার মধ্যে ৩০ লক্ষ টাকা চলে যাচ্ছে মালটি-পারপস স্কুলএর জন্য, ৬ লক্ষ টাকা চলে যাচ্ছে ইলেভেন্ত ক্লাস হাই স্কুলএর জন্য, আর সাধারণ বিদ্যালয়গালির জন্য ৮ লক্ষ টাকা থাকছে। অর্থাৎ উন্নয়ণ পরিকলপনার যে টাকা তার শতকরা ৮০ ভাগ খরচ হয়ে যাচ্ছে এই মালটি-পারপস স্কুল এবং ইলেভেন্থ ক্লাস হাই স্কুলএর জন্য। আমাদের পরিজ্লার সেখানে এনকোয়ারি কমিশনএর সনুপারিশ এবং শিক্ষাবিদদের নিয়ে আলোচনা করতে পারেন যে আজকে মালটি-পারপস স্কুল এবং ইলেভেন্ত ইয়ার ক্লাসএর স্বশ্ন না দেখে যে বিদ্যালয়গালি মরে যাচ্ছে, যে বিদ্যালয়গালিতে শতকরা ৯৫ ভাগ ছেলে-মেয়ে লেখাপড়া শিখছে তাদের টাকা দিয়ে বাচিয়ে রাখা হোক। তাদের সনুস্থ, বলিষ্ঠ এবং পান্ট করে তোলা হোক যাতে করে যে সমস্ত টাকা উন্নয়ণ থাতে এই দশ বছরে খরচ্ছ হবে তাতে ১০ বছর বাদে এই বিদ্যালয়গান্ত্রি এমন সনুস্থ, বলিষ্ঠ ও সমান্থ হবে যে তখন দশম শ্রেণী থেকে একাদশ শ্রেণীতে উত্তোলন খন্ন স্বাভাবিক ও সহজ হতে পারবে।

দ্বিতীয়তঃ এনকোয়ারি কমিশন পশ্চিমবণ্গ সরকার বসিরেছিলেন—হয়ত মৃখ্যমন্দ্রী মহাশয় বলবেন, আমরা জানতে চাই তাতে যে ২৭ হাজার টাকা দেওয়া হয়েছিল, মেন্বারসদের বারা এই রিপোর্ট তৈরী করেছিলেন তারা যে সমস্ত স্পারিশ করেছেন সেই সমস্ত এখন কার্য্যকরী করা হবে তার কোন ইপ্গিত বা আভাষ আমাদের এই বাজেটে পাওয়া যাছে না। আমরা যথন শিক্ষক আন্দোলনে নেমে পড়তে বাধ্য হয়েছিলাম তখন শিক্ষকদের নিন্নতম বৈতন বাড়াতে বাধ্য হয়েছিলেন। তাদের বেতন পে স্কেল উন্পত্ম বেতন আগে যা ছিল তাই রাখা হয়েছে। একটা উদাহরণ দিলেই পরিজ্ঞার হয়ে যাবে। একজন এম,এ, বি,টি, শিক্ষক তার বেতন ১০০ খেকে ১৫০ টাকা ছিল, আন্দোলনের পর সরকার বঙ্কোন বে আপনারা যখন বলছেন তখন ১২৫ টাকা স্বীকার করে নিছি। স্বাভাবিকভাবেই আমরা মনে করেছিলাম ১২৫ টাকা যদি নিন্নতম হয় তাহলে ১৫০ টাকা কোন যুক্তিতেই উধ্বর্তম

সীমা হিসাবে থাকতে পারে না। কিন্তু আমাদের এই সরকার সেখানে ক্লেল করে রেখেছেন ১২৫ থেকে ১৫০ পর্যান্ত। ৫ বছর চাকুরি করার পর সে ১৫০ টাকায় পোছি যাবে এবং সেই টাকাতেই বাকী জীবন আর কোন রকম মাইনে বৃদ্ধি ছাড়াই তাকে কোন রকমে চালিয়ে বেতে হবে। ওয়েন্ট বেণ্গল এনকোয়ারি কমিশনএর রিপোর্ট এ জিনিষ পরিজ্কার বলা হয়েছে যে নৃতন একটা ক্লেল এবং সেই ক্লেল এখানে রেকমেন্ড করা যাচ্ছে কিন্তু তা মানা হয় নি। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী, শিক্ষামন্ত্রী বা তার দম্ভরের এই এনকোয়ারি কমিশনএর রিপোর্ট কখনো পড়বার সময় হয়েছে কিনা জানি না, সেখানে পরিজ্কার লেখা আছে—

The scale offered to graduates by the Government of West Bengal in the Education Department notification, dated the 28th June, 1954, starts as the same point but, strangely enough, it ends at Rs. 150 for reasons which are not clearly stated therein.

মাননীয় অধ্যক্ষমহোদয়, যে বাজেট সম্বন্ধে আমরা আগে আলোচনা করেছি তার মঞ্জরীর জন্য এখন এই বিল আনা হয়েছে। বাজেটের সময় আমাদের এই উচ্চ পরিষদে, আমাদের বিভিন্ন বিষয়ে আলোচনার অবকাশ নিম্ন পরিষদের চেয়ে কম থাকে; সেইজন্য আমাদের আবার হয়ত বাজেটের ভিন্ন ভিন্ন মঞ্জুরী সম্পর্কে উল্লেখ করতে হবে। বাজেটের সময় আমরা যখন আলোচনা করেছিলাম, তার উত্তরে আমাদের যিনি অর্থমন্ত্রী, তিনি একটা সমালোচনা করেছিলেন যে. বাজেটের যে নীতি সেই সম্পর্কে আলোচনা না করে. বাজেটের বহিভূতি একটা বিষয়, অর্থাৎ বঙ্গা-বিহার সংঘ্রন্তি করণের বিষয় নিয়ে, তার উপর আমরা বেশি করে স্ট্রেস দিয়ে আলোচনা কর্রেছি, এই রকম একটা অভিযোগ করেছিলেন। তাঁর সেই অভিযোগের প্রত্যুত্তর দেওয়া সম্ভবপর হয়ে উঠে নি. কারণ তার অবকাশ ছিল না। কিল্ডু এখন তাঁকে আবার মনে করিয়ে দিতে চাই যে. বিরোধী পক্ষের বহু সদস্য বাজেটের নীতি সম্পর্কে এবং মন্দ্রীমহাশয় বাজেট উত্থাপন করে বেসমুহত বন্ধব্য উপস্থিত করেছিলেন সেই সমুহত বন্ধবোর বিপক্ষে আমরা অনেক যুক্তি দিয়েছিলাম এবং তাঁর দুট্টি আকর্ষণ করেছিলাম। কিন্তু তার কোন জবাব উনি দেন নি। দুষ্টান্তস্বর প বলি, উনি বিভিন্ন পরিসংখ্যানের কথা উল্লেখ করে বলতে চের্মোছলেন যে, বাংলা দেশের লোকের মাথা পিছ, যে আয়, সেই আয় বেডে গিয়েছে। আমি তখন আমার নিজের বস্তুতায় বলি যে বাংলা দেশের মাথা পিছ, যে আয়, যার কথা উনি চিন্তা করছেন, সেটা বাংলার যারা অধিবাসী তাদের আয়ের সঙ্গে সামঞ্জস্য নেই। তার কারণ বাংলায়, বিশেষ করে কলকাতার শিল্পাঞ্চলে বাইরে থেকে শতকরা ৫৬ ভাগ লোক থাকে: এবং এদেশে, বিশেষ করে কলকাতায় তাঁরা যে আয় করেন, বিভিন্ন জায়গায় চাকরি করে, বাবসা করে, তাদের সেই আয়ের অধ্ক প্রতিফলিত হয়, যখন বাংলা দেশের মাথা পিছ, আয় গণনা করা হয়, অর্থাৎ কিনা বাংলা দেশের যে অবস্থার উন্নতির কথা তিনি বলতে চেয়েছেন, যা তিনি লক্ষ্য করেছেন, সেই উন্নতিটা বাঙ্গালীর উন্নতির পরিচারক নয়। তার কারণ, আমরা দেখছি বাংলা দেশের বাইরে থেকে লোক অনবরত এখানে আসার ফলে. বিশেষতঃ শিল্পাণ্ডলে যেসমস্ত চাকরি বাংলা দেশের বাইরের লোকেরা করে এবং তাদের থাকার ফলে আমাদের যারা এথানকার স্থানীয় অধিবাসী তাদের অবস্থা অত্যন্ত খারাপ হচ্ছে; তাদের মধ্যে বেকার সমস্যা আরও বেশি বাড়ছে; এবং এই যে আয়ের উন্নতির কথা বঙ্গা হরেছে, তাতে সমগ্র বাণ্গালীর আয় প্রতিফলিত হয় নি। সেইজন্য বিরোধী পক্ষের বন্তাগণ

বাংলা দেশের যেসমুহত শিল্প আছে, এবং তাতে বেভাবে লোক নিয়োগ করা হয়, সেই নীতির সমালোচনা করেছিলেন। গত বাজেটের সময় ও তার আগের বাজেটে উনি যেসমুহত পরিসংখ্যান দিয়েছিলেন এবং তা ছাড়া ওয়েস্ট বেণ্গল পর্কিতকায় উনি যে পরিসংখ্যান দিয়েছিলেন, এই সমুহত থেকে এবং আরও যেসমুহত তথ্য সাধারণ পত্রিকা ইত্যাদি থেকে জানা যায়, তা থেকে আমরা দেখেছিলাম বাংলা দেশে বর্তমানে যে ১২ লক্ষ বেকার আছে, তা ক্রমশঃই বেড়ে যাচ্ছে এবং তার মধ্যে বেশির ভাগই সংখ্যার প্রায় শত ভাগ বাঙ্গালী। ঐ পত্নতকের মধ্যে পাই তারা ওভার এমপ্লয়েড, সংখ্যার তলনায় চাকরি বেশি পায়। এই নীতির যদি পরিবর্তন না হয়, এই <u> भिल्लाक्षरल</u> य कात्रथाना आर्ष्ट म्पटे कात्रथानाय लाक निरंग्रारंगत नमय यिन এ कथा जारनंत वरल ना मिख्या दय य. এখন থেকে একটা চাকরি খালি হ'লে ও সেই চাকরির জন্য যদি উপযুক্ত বাঙ্গালী থাকে তাহ'লে সেটা তাকে দিতে হবে, নাহ'লে বেকার সমস্যা বাঙ্গালীর দূরে হবে না। বতক্ষণ না এই নীতির প্রয়োগ হয়, যতদিন তাদের প্রোন নীতি আড়কাঠি মারফং বিলাসপরে থেকে, বিহার, ইউ, পি, থেকে সেই লোক নিয়ে আসার নীতির পরিবর্তন না হয়, ততদিন পর্যক্ত এই অবস্থা চলতে থাকবে। আমাদের মাননীয় বন্ধ, ক্ষিতীশ প্রসাদ চট্টোপাধ্যায়ও তাঁর বাজেট বক্তুতা প্রসঙ্গে এ বিষয়ে বিশেষভাবে উল্লেখ করেছেন। আমিও তখন এ বিষয়ে আলোচনা করেছিলাম। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে সে সম্বন্ধে কোন আশ্বাস পাই নি। আমি আবার বলি বাংলা দেশে যারা আগে থেকে কাজ করছে, তাদের চাকরি ছাডিয়ে দেবার কথা বলি না, তারা চাকরি কর্ক। কিন্তু যদি একটা লোকের কর্ম সংস্থানের সম্ভাবনা থাকে. যদি একটা **लारकत ठाकीत थामित म**म्जायना थारक, जाता स्मिणे मतकाती निर्मां भराता करत वा जना तकमजार এই ব্যবস্থা কার্যকরী করতে হবে যে সেথানে বাঙ্গালী নিতে হবে। তা যদি না হয়. আগের নিয়োগের নীতি যদি তাদের অনুসরণ করতে দেওয়া হয়, তাহ'লে বাণ্গালী ও বাংলা দেশের বেকার সমস্যা বিন্দুমাত্র কমবে না। ওদিকে বাংলা দেশে বেকারের সংখ্যা ক্রমশঃ বেড়ে যাচ্ছে। বিভিন্ন পত্রিকা মারফং আমরা জানতে পারি যে শিক্ষিত বেকারের সংখ্যা শুধু বাংলা দেশে জনসংখ্যার অনুপাতে ৮০ হাজারের মত। আমার মনে হয় তার সংখ্যা আরও বেশি। এই সমস্ত শিক্ষিত বেকার যারা কলে কারখানায় কাজ করতে পারে, এই রকম কারিগরি শিক্ষিত বেকার সংখ্যার উল্লেখ করছি। আমাকে অত্যন্ত দুঃখের সংগে বলতে হচ্ছে যে বাংলা দেশের কল কারখানায় যে কারিগার শিক্ষিত লোক, উচ্চতর ইঞ্জিনিয়ারিং শিক্ষিত লোকের দরকার হয়, বি.এস-সি. এম.এস-সি. পাস করা লোকের দরকার হয়, সেখানেও বাণ্গালীর চেয়ে অবাণ্গালীর সংখ্যা বেশি। শুধু তাই নয়—সম্প্রতি যেসমস্ত কল কারখানা ইংরেজদের হাত থেকে ভারতীয়দের হাতে এসেছে, সেখানেও এক বছরের মধ্যে দেখা যাচ্ছে যেখানে যেখানে উচ্চতর পদে বাণ্গালী কর্মচারী ছিলেন, সেখান থেকে তাদের বিতাড়িত করা হয়েছে এবং তাদের জায়গায় অন্য প্রদেশবাসী লোককে নিয়োগ করা হচ্ছে। এই জিনিস যতিদন না বন্ধ হয়, ততিদন পর্যন্ত বাশ্যালীর বেকার সমস্যা সমাধানের কোন উপায় নাই। এ বিষয়ে বার বার সরকারের দুষ্টি আকর্ষণ করেছি এবং আবারও করি যে, যতাদন এটা নীতি হিসেবে সম্ভবপর করতে না পারবেন, যতাদন সরকার সেইরূপ নিদেশি না দিতে পারবেন, ততাদন বাঙ্গালীর বেকার সমস্যা সমাধান হবার উপায় নাই। এজন্য বিশেষ করে সরকারের কাছে আবেদন করি ও তাঁদের দূণ্টি আকর্ষণ করি।

[10-50—11 a.m.]

অত্যন্ত দ্বংখের কথা, আমি শ্নলাম, বার্নপ্রের যেখানে ইন্ডিয়ান আয়রন এ্যান্ড স্টাল কোম্পানির কারখানা, সেখানে সম্প্রতি যে কয়টা এপ্রেন্টিস নিয়োগ করা হয়েছে সেগ্রিল সব অবাগালী। কলিকাতার আশপাশে বিভিন্ন যত কারখানা আছে তাদের সংগ্য অন্ততঃ কেমিক্যাল কারখানা যেগ্রেলি আছে তাদের সংগ্য আমি বিশেষ পরিচিত, কারণ, আমাকে ছাত্রদের নিয়ে পরিদর্শনের জন্য যেতে হয়। সেখানে আমি দেখেছি যেসমস্ত কর্মে বাগালীর নিয়োগ হতে পারে সেখানে তাদের সংখ্যা কম, এবং আরও কমে যাছে। মনে হয় এ সম্বশ্যে যদি সরকার অবহিত না হন তাহ'লে শিক্ষিত বাগালী বেকারের সংখ্যা বেড়ে যাবে, আর অশিক্ষিত বেকারের সংখ্যা ত বেড়ে আছেই। আর শিক্ষাণ্ডলে যেসমস্ত নিয়োগ নীতি তার পরিবর্তন না হ'লে এর কেন পরিবর্তন হওয়ার সম্ভাবনা নাই।

তাৰপরে বন্তব্য হচ্ছে যে টাকাগুলো বিভিন্ন বরান্দে থরচের কথা ছিল সে থরচ করা হয় নি একথা আমরা বাজেটের সময় উল্লেখ করেছিলাম। আমরা সাধারণভাবে দেখছি গত বছর বাজেটে যে উন্বত্ত হয়েছে তা প্রায় পৌনে চার কোটি টাকা। সেগ্রিক উন্নয়ন বিভাগে খরচ না হয়ে—তার মধ্যে দেখি মেডিকেল এবং পার্বালক হেল্থএর ভারপ্রাণ্ড মন্দ্রী মাননীয় বন্ধ, অম্লাধন মুখার্জির সেখানে হাসপাতালের জন্য বরান্দ ছিল ৫৩ লক্ষ ৫৫ হাজার; তার মধ্যে ৪ বছরে খরচ হয়েছে ২০ লাখ ৫১ হাজার টাকা। এই রকম বিভিন্ন ডিস্টিক্টে বহু লাখ টাকা হাসপাতালে খরচ করা উচিত ছিল। বাংলা দেশে হাসপাতালের প্রয়োজন। বিশেষ ক'রে কলিকাতায় হাসপাতালের প্রয়োজন আছে। আমি কা**ল মেডিকেল কলেজ হাসপাতালে গিয়েছিলাম**: দেখলাম রোগীরা মেজের উপর পড়ে রয়েছে—এত রোগী যে তাদের রাখবার জায়গা নাই। অথচ লেক হাসপাতাল তলে দেওয়া হ'ল। তখন বললেন লেক হাসপাতালে যে শয্যা ছিল সেগ্রলি কলিকাতার হাসপাতালে দেওয়া হয়েছে। তা সত্ত্বেও দেখতে পাচ্ছি এবং উনিও স্বীকার করবেন যে, **এখন** প্রত্যেকটা হাসপাতালে রোগীর সংখ্যার চেয়ে শয্যার সংখ্যা কম, রোগীদের রাখবার জায়গা নেই: উপরন্তু যে টাকা হাসপাতালের জন্য বরান্দ হয়েছে সে টাকা থরচ হচ্ছে না। এর জৰাব কি? ওঁরা ত বাজেট পাস করিয়ে নেন, আমরাও পাস করে দিলাম, কিল্ড দেশে যেসমুস্ত ব্যাপারে অত্যধিক অভাব আছে সেসমুস্ত ব্যাপারে যদি টাকা খরচ না হয় তাহ'লে নিশ্চয়ই তাতে সংশিল্পট বিভাগীয় মন্ত্রীর কর্মক্ষমতার প্রমাণ হয় না।

ভারপরে শিক্ষা বিভাগের কথা। শিক্ষামন্ত্রী মহাশয়—তিনি শারীরিক অস্ত্রেশতার জনাই হউক বা যে কারণেই হউক, আমরা দেখি যে শিক্ষা বিভাগের প্রতি যথাসাধ্য নজর দিতে পারেন না। কিন্তু শিক্ষা বিভাগে এত গলদ আছে যে তার প্রতিকার যদি না হয় তবে আমাদের আশঞ্কা হয় যে শিক্ষা বিভাগের সমস্ত কাজ বন্ধ হয়ে যাবার সম্ভাবনা। এর আগে সত্যপ্রিয় বাব পে এ্যান্ড এ্যাকাউন্টসএর গোলমালের জন্য শিক্ষকদের বিভিন্ন খরচের কথার উল্লেখ করেছেন। গত ৩-৪ মাস যাবং বা তার চেয়েও বেশি বিভিন্ন জেলায়—কুচবিহারে, মালদহে, বাঁকুড়ায়, ২৪-পরগনায় —এই রকম কয়েকটি জেলায় প্রাথমিক শিক্ষকেরা কেউ ৫-৬ মাস. কেউ ৩ মাস মাহিনা পাচ্ছেন না। আপনারা বিবেচনা কর্ন প্রাথমিক শিক্ষকেরা তাঁরা যে সামান্য বেতন পান তাতে তাঁদের ৫ মাসের বেতন না পেলে অবস্থাটা কি হয়। এরজন্য দায়ী কে? যদি দায়ী করতে হয় তবে শিক্ষা বিভাগকে এবং মন্ত্রীমহাশয়কেই দায়ী করতে হয়, মুখ্যমন্ত্রী মহাশয়কেই করতে হয়, যিনি অযোগ্যভাবে শিক্ষা বিভাগ পরিচালিত হওয়া সত্ত্বেও তার স্বোবন্ধা করছেন না। তারপরে শিক্ষকদের, বিশেষ ক'রে প্রাথমিক শিক্ষকদের, কোন রকম ছুর্টির নিয়ম নাই। এখনও পর্যস্ত জানা যাচ্ছে যে ছুটি নাই; এই ছুটির নিয়ম ক'রে দেওয়া যায় না তা বিশ্বাস করি না। মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে আন্দোলন করার ফলে তাঁদের কোন কোন বিষয়ে কিছু, কিছু, সূর্বিধা ক'রে দিয়েছেন। মাধ্যমিক শিক্ষকদের স্বাস্থ্যের স্কীমে বরাদ্দ ৭৭,০০০ টাকা। তার মধ্যে মাত্র ১০,০০০ টাকা খরচ হয়েছে, বাকী খরচ হচ্ছে না। (শ্রীযুক্ত সত্যপ্রিয় রায়ঃ এক পয়সাও খরচ হয় না।) সত্যপ্রিয় বাব, ভাল জানেন: তিনি বলছেন এক পয়সাও থরচ হয় না। মাধ্যমিক শিক্ষকদের অন্ততঃ যে আশ্বাস দিয়েছিলেন, আমি জিজ্ঞাসা করি প্রাথমিক শিক্ষকদের সম্বন্ধেও এই স্বাস্থ্যের ব্যবস্থা প্রযান্ত হওয়া উচিত। তা ছাড়া প্রাথমিক শিক্ষকদের প্রভিডেন্ট ফন্ড. গ্রাচইটি, ইত্যাদির ব্যবস্থাও করা উচিত। আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে, এবং তার অভাবে মুখ্যমন্ত্রী মহাশয়কে জানিয়ে দিতে চাই যে মান্দ্রাজ রাজ্যে ইতিমধ্যেই প্রাথমিক শিক্ষকদের পেন্সনের ব্যবস্থা হয়েছে।

কিশলয়ের অভাব সম্পর্কে অনেক বার উল্লেখ করা হয়েছে। আমি আবার বলি যে বাস্তবিক কিশলয় বিতরণ সম্পর্কে একটা ব্যবস্থা হওয়া দরকার।

তারপরে বিভিন্ন এলাকায় এক শ্রেণীর শিক্ষকদের মধ্যে বেতনের তারতম্য আছে। আমি দেখেছি মেদিনীপরে জেলায় বালিকাবিদ্যালয়ের যাঁরা শিক্ষক তাঁরা অন্য শিক্ষকদের সমান, এক স্তরের শিক্ষক, কিন্তু তাঁরা সমান বেতন পান না। তারা শিক্ষা অনুযায়ী করেকটা জেলায় পুরা এ্যালাউয়েন্স পাচ্ছেন, করেকটায় পাচ্ছেন না। বিশেষ ক'রে যাঁরা মাধ্যমিক বিদ্যালয়ের প্রাথমিক বিভাগের শিক্ষক তাদের প্রাথমিক শিক্ষক হিসাবে ১৯ টাকা পাওয়ার কথা; অথবা মাধ্যমিক শিক্ষকদের ১৭॥ টাকা দেওয়া হয় তাও তারা পাচ্ছেন না: তারা ১০ টাকা মাত্র পাচ্ছেন।

হয় তাঁদের প্রাথমিক শিক্ষক হিসাবে দেওয়া হউক, এবং তাই করা উচিত, বেহেতু মাধ্যমিক শিক্ষা বিভাগ থেকে প্রাথমিক শিক্ষা বিভাগ আলাদা করা হয়েছে। প্রাথমিক শিক্ষক হিসাবে তাদের দের ১৯ টাকা দেওয়ার বাবস্থা কর্ন; সেটা তাঁরা পাচ্ছেন না। আবার ১৭॥ টাকা মাধ্যমিক শিক্ষক হিসাবে পেতে পারতেন সেটা সর্ত সাপেক্ষে—সেটাও পাচ্ছেন না। এ ব্যাপারে অসঙ্গতি ও অস্ববিধা বহুদিন থেকেই চলে আসছে; বহুবার শিক্ষামন্ত্রীর এবং শিক্ষা বিভাগের দ্র্তি আকর্ষণ করা হয়েছে; কিন্তু প্রতিকার হচ্ছে না। অথচ এর সঙ্গত কারণও নাই। তাহ'লে আমরা একটিমার সিন্ধান্ত করতে বাধ্য হই যে আজ এই পরিচালন ব্যবস্থায় অত্যধিক ব্রুটি আছে।

আমি বিগত বাজেট বিতকের সময় পশ্চিমবঙ্গ সরকারের শিল্পনীতি সম্পর্কে এবং শিল্প-নীতির প্রয়োগ সম্পর্কে আলোচনা করেছিলাম। মুখ্যমন্ত্রী মহাশয় কোন উত্তর দেন নি। আমি দুর্গাপুরের কথা আলোচনা করেছিলাম। দুর্গাপুরের ব্যাপারে যে জিনিসটা ঘটেছে ব'লে আমাদের কানে এসেছে তাতে আমরা শৃষ্কিত হচ্ছি; আমাদের মনে হচ্ছে এই ব্যাপারে অনেক কিছু জিনিস জনসাধারণের কাছ থেকে ল,কিয়ে রাখা হচ্ছে। কোক-ওভেন, গ্যাস গ্রিড এবং থারম্যাল স্ল্যান্টএর কন্ট্রাক্ট দেওয়ার ব্যাপারে কিছু হয়েছে বলেই মনে হচ্ছে। আর এ সম্বন্ধে তদন্তের অবকাশও আছে —কোক-ওভেন, গ্যাস গ্রিড এবং থারম্যাল পাওয়ার সম্পর্কে সমুস্ত অনুসন্ধান করার জন্য। ডক্টর সি. অটো এন্ড কোম্পানিকে ভার দেওয়া হয়েছিল। তাঁরা ৩টা বিভিন্ন কোম্পানির কাছ থেকে হিসাব নিয়ে পশ্চিমবঙ্গ সরকারের নিকট হিসাব দাখিল করেছেন। দেখা গেল যাদের কাছ থেকে হিসাব নিয়েছিলেন সেই হিসাব অনুযায়ী তাঁদের আলাদা করে কন্ট্রাক্ট না দিয়ে. আলাদা টেন্ডার আহনান না ক'রে. একমাত্র সি, অটো এন্ড কোম্পানিকে সমস্ত দেওয়া হয়েছে প্রোজেক্টের সমস্ত কন্ট্রাক্টএর তথ্য না নিয়ে। এটা করা যেতে পারে যে ভিন্ন ভিন্ন প্রোজেক্টের বিভিন্ন বিষয়ে যারা বিশেষজ্ঞ তাদের কাছ থেকে সে সম্বন্ধে তথ্য নেওয়া উচিত, এবং তাদের কাছ থেকে ওপিনিয়ন নেওয়া উচিত। একটিমাত্র কোম্পানিকে দেওয়া হ'ল, তারজন্য খরচও হ'ল, যে বিষয়ে যারা বিশেষজ্ঞ তাদের অনেককে না দিয়ে। আর অন্য একটা কোম্পানিকে দেওয়া হয়েছিল —উইলিয়াম এনন্ড কোম্পানিকে—এ সম্পর্কেও অনেক তদন্তের অবকাশ আছে। কার্ন অনেক অর্থের অপচয় ও অপব্যায় হয়েছে এ খবর আমরা পাচ্ছি।

কণ্টাইতে নুন তৈরির পরিকল্পনা ছিল, যার জন্য ফরাসী ইঞ্জিনিয়ার এনে দ্ব'লক্ষ টাকা খরচ করা হয়েছে। সে সন্বন্ধে উপযুক্ত কোন সিম্পান্ত নেওয়া হ'ল না। আমরা শ্বনতে পেলাম নুনের পরিকল্পনা ঠিক হয় কি না সে সন্বন্ধে অনুসন্ধান করার জন্য যে কমিটি হয়েছিল তাতে এক্সপার্ট বিশেষ কেউ ছিলেন না। একটি এক্সপার্ট ছিলেন টাটা এন্ড কোম্পানির। তাঁর স্বার্থ নয় যে বাংলা দেশে নুনের কারখানা হয়, বা নুন উৎপাদন হয়।

[11-11-10 a.m.]

ন্দ্রন ছাড়া কম্টিক সোড়া প্রভৃতি আরও অনেক শিল্পের উন্নতি করার কথা বলা যেতে পারে কিন্তু সেই সম্পর্কে কোন সিম্পান্ত নেওয়া হচ্ছে না যেহেতু তাতে কতকগ্র্নি স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের স্বার্থে আঘাত লাগবে। আমি শিল্পমন্দ্রী মহাশয়কে অনুরোধ করব তিনি এসব বিষয়ে নিরপেক্ষভাবে অনুসন্ধান কর্ন এবং এ সম্বন্ধে ব্যবস্থা কর্ন।

আমি আর একটা কথা বলে আমার বন্ধব্য শেষ করব। সেটা হচ্ছে বাংলাদেশে এই যে শিলেপান্নতি হবে—যেমন দুর্গাপ্রের তাতে বলা হয়েছে যে, ১৪ হাজার লােকের কাজের সংস্থান হবে। সেখানে যদি ১৪ হাজার লােকের কাজের সংস্থান হয় ভাল কথা—টেকনিসিয়ানস প্রভৃতি নিয়ে এই ১৪ হাজার লােক বদি বাংলাদেশেরই লােক কাজ পায়। সরকারীভাবে এই রক্মভাবে আশ্বাস দেওয়া হচ্ছে কিল্তু সপাে সপ্তো আমরা দেখছি দামােদর ভ্যালি কপােরেশনএ ছাঁটাইয়ের নােটিস দেওয়া হচ্ছে—সেই নােটিস এখনও প্রত্যাহার করা হয় নি। আমি আশা করি ডাঃ বিধান ভদ্দ রায় এ বিষয়ে অবহিত হবেন যাতে বাংলাদেশের বেকার সমস্যা সমাধান হয় এবং বাংলাদেশের প্রত্যেকটি কমীসংস্থানে যাতে বাংলালী নিয়ােগ হয়।

8j, Annada Prosad Chaudhuri:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে এ্যাপ্রোপ্রিয়েশন বিলএ যেসব বিষয় উল্লিখিত হয়েছে সে বিষয়ে আমরা ইতিপূর্বেও আলোচনা করেছি। এর উপর বিস্কৃতভাবে বলতে অনেক কিছু থাকলেও সময় সংক্ষিণত। আমি একটা বিষয়ের উপর সরকারের দূখি আকর্ষণ করতে চাই। আমরা সকলেই মানি যে আমাদের দেশে বেকার সমস্যা অত্যন্ত গরেতের এবং জটিল আকার ধারণ করেছে। এবং সেই বেকার সমস্যা দূরে করবার জন্য সরকার পক্ষ থেকে এবং বাইরের সকলেই স্বীকার করবেন যে কটেজ এ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ বোধ হয় এর প্রতিকারের পথের সন্ধান দিতে পারে। একট্ব আগেই বন্ধ্বর অধ্যাপক নির্মালচন্দ্র ভট্টাচার্য মহাশয়ের বক্কতার উত্তরে বলতে শ্বনলাম যে কলকাতা শহরে ২৫টি ডিপো খোলা হয়েছে আর মফঃস্বলে ৭০টি। যে ডিপো আছে তাতে কয়জন লোক থাকে, এবং যে হারে ডিপো করছেন তাতে এই বেকার সমস্যার সমাধান হবে কি না! কুটিরশিল্প স্থাপন করে যদি বেকার সমস্যার সমাধান করতে হয় তাহ'লে সে কাব্রু কতদ্র এগিয়েছে তা কেবল সংখ্যা স্বারা ব্ঝান যায় না, তা স্বারা কতটা জিনিস বিজয় হয়েছে— আর্টিজ্যানরা যারা করেছিল তাদের কত আয় হয়েছে—আগে আয় কত ছিল—সেই আয় কি পরিমাণ বেডেছে—এর প্রত্যেকটি অবস্থার যদি পরিচয় পাওয়া যায় তাহ'লে একটা পরেরা উত্তর भाखरा यात्व वर्ल मत्न कित्। भूष २०वे फिल्मा वनलारे रत्व ना। এकवे भत्तरे छेखत प्रत्यन সেইজন্য বলে রাখি আমি বহুকাল ধরে একটি কৃটির্রাশল্প-খন্দর-সংশ্ব সংশ্লিষ্ট আছি। এখানে মূলধন নির্ধারণ করে দিন--্যে টাকা মূলধন খাটবে, তার তিন গুণ বিক্রয় হওয়া চাই--र्याम विक्या ना रुप्त जार ल व व्यवस्था किक्य किलाह ना। २०-७० किला मरत धर १०के মফঃস্বলে আছে—তাতে যত মূলধন খাটে, তার কগণে জিনিস বিক্রয় হয় এবং তা শ্বারা এই শিল্প কতটা উপার্জন করবে--এটা দেখা দরকার। আমি সরকারের অবগতির জন্য বলচ্ছি যে আমরা খন্দর প্রচেন্টার সময় জানি যে এই কাপড মিলের কাপডের চেয়ে বিক্রি করা শন্ত। কিল্ড বলি এই কাজ করে এক পয়সাও লোকসান দেই নি। তাই আমি জানতে চাই এইসব ডিপো খুলে कृष्टिर्त्रामन्न्यत्क र्वागराः प्रतात क्रमा स्मर्टे फिर्या श्रीत्रज्ञानमा करत मतकारत्नत नाच राष्ट्र मा लाकनान २८७५—ना नमान नमान ठलएए। योष वर्लन भरवर्षा करा २८७६—তारकना थरा २८७६। অনেক রকম এক্সপেরিমেন্ট হয় তারজন্য খরচ হয় তাহ'লে সেই খরচ করা আলাদা করে দেখান। তাহ'লেই ব্রুঝব, নইলে ব্রুঝতে পারব না। আর একটা কথা বলি, বাংলাদেশে, ভারতবর্ষে কৃষির পরেই যত লোক বেশি নির্ভার করে তা হচ্ছে কুটির শিল্পের উপর এবং তার মধ্যে তাঁত শিল্পের উপর। বাংলাদেশে তাঁত শিল্পের পরেই যে শিল্পের উপর সবচেয়ে বেশি লোক নির্ভার করে তা হচ্ছে বেল মোট্যাল অর্থাৎ কাঁসার বাসন। কিন্তু দুঃথের বিষয় সারা ভারতবর্ষে স্মল স্কেল কটেজ ইন্ডাম্মিজের মধ্যে কোথাও একে খ'রেজ পেলাম না। কারতে কামিটর রিপোর্ট এ কোথাও খুঁজে পেলাম না। এর মধ্যে বাংলাদেশের কাঁসা বা বাসন শিল্পের কোন উল্লেখ কোন জাযগায় পেলাম না। এই রকম একটা শিল্পের কথা কি আমার রাজ্যসরকারের তরফ থেকে তাদের কাছে বলা হয় নি—কোন তথাই কি তাদের কাছে উপস্থিত করা হয় নি? সব রকমের হ্যান্ডিকাফট্স্, পাল দেকল কটেজ ইন্ডাস্ট্রিজ এবং স্মাল স্কেল ইন্ডাস্ট্রিজ সম্বন্ধে কি করা উচিত, তার অবস্থা কি করলে ভাল হবে তার সম্বন্ধে মতামত প্রকাশ করেছেন এবং তার উপর ভিত্তি করে কেন্দ্রীয় সরকার বহু লক্ষ্ণ লক্ষ্ণ টাকা দিচ্ছেন উৎসাহ দেবার জন্য কিন্তু এই কারভে কমিটির রিপোর্টএ এত বড় একটা শিল্পের উল্লেখ দেখতে পেলাম না। তাই মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে চাই কেন তাতে এই শিদ্পের কথা উল্লেখ নাই, কেন সরকার তরফ থেকে এই বাসন শিদ্পের কথা তাদের কাছে উল্লেখ করা হয় নি। আমরাই যদি না বলি তাহ'লে বাইরের লোকেরা কেন সাহায্য করবে? এর পরে বলছি আর একটা কথা—নীতি যে রকম চলছে তাতে কুটির শিল্পকে উৎসাহ দেওয়া হয় না! কুটির শিল্প ধনংসের পথে যাচ্ছে। যদিও এই তাঁত শিল্পের জন্য সরকার কয়েক লক্ষ্ণ টাকা বরান্দ করেছেন, কিন্ত ষেভাবে এদিকে নজর দেওয়া দরকার তা দেওয়া হয় নি। তারপর আমাদের মন্ত্রীমহাশয় নিজেই বলেছেন যে গ্রামে গ্রামে ধান বা চা'ল থেকে চিড়ে তৈরি হয় সে শিল্প এথনও চাল, আছে। কিন্তু এই শিল্প আর কিছ,দিন পরেই ধনংসপ্রাপ্ত হবে কারণ গভন মেন্ট শহর থেকে মেসিন এনে চিডে তৈরির ব্যবস্থা করছেন—দিনে ৭ মণ চিড়ে তৈরি হবে। সত্যি সত্যি যদি মনে করেন কুটির শিল্পের উন্নতি করে বৈকার সমস্যা সমাধান হবে সে বিশ্বাস যদি আপনাদের থাকে তাহ'লে যেসব শিল্প ধ্বংসের পথে যাচেছ তাদের রক্ষা

করতে হবে। আপনারা প্রথমে লাইসেন্স দিয়ে ধান ভাষ্গার ব্যবস্থা করলেন বার ফলে ঢেকিতে ধান ভাষ্গা শিক্ষটি নন্ট হয়ে গেল। এখন আবার মণপ্রতি ॥• আনা সাবসিডি দেবার ব্যবস্থা করা হচ্ছে।

[11-10-11-20 a.m.]

তাদের আমি এখানে আবার বলব যে অতি অলপ সংখ্যক এখন চিড়ে তৈরি করে। সরকারকে অবহিত হতে বলি তাদের হাতে বদি কোন শক্তি থাকে তাহ'লে সে শক্তি প্রয়োগ কর্ন। একটা জিনিস আমরা দেখছি কলকাতা শহরের বাসওয়ালাদের ঠেলে বার করে দিচ্ছেন। তাতে স্টেট ট্রান্সপোর্টএর কাজ আরও বাড়বে। তাদের লোকসান যা হচ্ছিল সে লোকসানের পথ বন্ধ হবে। স্টেট ট্রান্সপোর্টকে ক্যান করে সিস্টেমেটিক্যালি বালীগঞ্জে যেটা চলছিল তাদের গড়িয়ায় ঠেলে দেওয়া হয়েছে, কাজেই সেখানে বাসের কাজ বাড়িয়ে দিয়েছেন। যদি আপনারা সত্যসতাই কুটির দিলেপর উপর আম্থা রাখেন, বিশ্বাস রাখেন এবং তা ন্বারা যদি আমাদের দেশের বেকার সমস্যা সমাধান সম্ভব হয় তাহ'লে যে রকম ক্যান করে সিস্টেমেটিক্যালি বাসওয়ালাদের শহরের বাইরে ঠেলে দিচ্ছেন তেমনি বড় হোক, ধনী হোক, কোটিপতি হোক, বারা মিলের কাপড় করে তাদের বেলায়ও হোক, তাদের বেলায়ও এই নীতি সিস্টেমেটিক্যালি যেন প্রয়োগ করে কুটির শিলপকে বাঁচাবার জন্য চেন্টা করা হয়। তবেই বেকার সমস্যার সমাধান সম্ভব হবে এবং এই যে কুটির শিলেপর জন্য এত লক্ষ লক্ষ টাকা বরান্দ করা হচ্ছে—আমরা ২৩টি ডিপো কলকাতায় খ্লেছি এবং ৭০টি ডিপো মফঃক্ষেলে খ্লেছি বলা হয়েছে—তাহ'লে এর গোরব করা সার্থক হবে।

8]. K. P. Chattopadhyay: Mr. Chairman, Sir, I shall confine my brief speech on this Bill to educational matters. It is a matter of great regret that neither the Hon'ble Minister-in-charge of Education nor is his deputy should be present in the House. So we shall take it that the Hon'ble Chief Minister who by virtue of his office represents all the portfolios will take due note. On more than one occasion I have asked for information regarding the number of children in the different classes of primary schools. The object is to ascertain whether there is wastage. That information has been denied. We are told nothing about the introduction of compulsory education in the State although we are told that the attendance is in the neighbourhood of 75 per cent. or more. It is well known that our people are neither better nor worse than any other people. Therefore, it would be fantastic to assume that a state of affairs which is not possible anywhere in the world, will certainly sprout and blossom in this particular State. It is not possible to secure attendance at schools without wastage beyond a particular limit. This has been proved in this State also—in the big cities—in the city of Calcutta, for example, it was found that there was considerable wastage until compulsion was introduced in a particular area, then it stopped. In other areas unfortunately in the city of Calcutta compulsion has not been extended and the wastage continues as before. It is also the same in other parts of India. In Bombay they found that wastage occurred and they introduced compulsion in the city long ago. But unfortunately in this State whenever any question is raised about compulsion we are met with complete silence or we are told that the attendance is very high. There is no need to waste the money of our State by not introducing compulsory attendance in primary schools. I would repeat again that proper attention should be given to this aspect of the matter by the Education Ministry.

I shall pass on to another topic about which I have also tried to draw the attention of the Education Minister and the Chief Minister. The University grant for a particular year—1951—was never received. We were told in this House by the Hon'ble Chief Minister that he would see to it. I mentioned this in connection with the budget—possibly it annoyed

the Hon'ble Chief Minister very much—for he made an attack alleging that I had said something about electricity supply which I had not. I read out the relevant extracts from my typed speech. I would again mention, Sir, that the University has not received anything for that year 1951.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: About five lakh rupees—orders have been issued day before yesterday.

Sj. K. P. Chattopadhyay: We are glad that orders have been issued. We receive it with acclamation. About secondary education, there is one point to which I would like to draw the attention of the Hon'ble Chief Minister. He has been trying to introduce a certain higher type of schools -he has been trying to do it with the help of the Ministry of Education at the Centre-and there is also the rule that teachers in secondary schools should preferably be trained. This is a very good principle. Principles may be good but the operation may prove very ineffective. In order that the teachers may be trained there should be adequate facilities for their training. I should like to point out very humbly that when the Congress Ministry first came into power, I had drawn their attention to the need of starting a number of training institutions and given in my published work the detailed plans which would be absolutely essential in order that the supply of trained teachers should be up to the requirement for them. At the present time there are roughly speaking 25,000 teachers-I understand from my friend Shri Satya Priya Roy—in the high schools. I am ignoring the junior high schools. Now on an average we may take it that a man will serve 25 years in a school-I am ignoring sudden death-the average mortality rate is somewhat higher than this.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It is the lowest in the whole of India.

Sj. K. P. Chattopadhyay: Still people do die.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am glad that some of them do die.

8j. K. P. Chattopadhyay: But 25 years is, I think, the average life of a teacher-I do not mean average life in the State-25 years in the service is an average. Therefore, roughly speaking, 4 per cent. should be the minimum provision for replacements. Now that means one thousand more trained teachers per annum. The existing facilities for the training of teachers are limited to 700 or perhaps a little more than that, 750. I am not absolutely sure about that, but it is nearly so, and the number of passes is near about 600. The position at present seems to be that we are not able even to replace the teachers who die or retire. But in that case how can we improve schools? It is very good to talk about improving schools by having only trained teachers, thus introducing better methods of teaching. But if such teachers are not available, it means spending more money, but the wherewithals for improved teaching are not provided. Surely, the Government when it embarks on a scheme of this kind should also arrange for proper training of teachers. I should like to draw the attention of the Hon'ble Chief Minister in the absence of the Education Minister or his deputy to the fact that far greater facilities are necessary for training of teachers.

[11-20-11-30 a.m.]

Janab Abdul Halim:

মিঃ চেরারম্যান, স্যার, মাননীর অর্থমন্দ্রী মহাশর আমাদের সামনে এ্যাপ্রোপ্রিয়েশন বিল এনেছেন, ১০৮ কোটি টাকার অর্থের দাবী তিনি রেখেছেন। এই বাজেট আলোচনার সমর বলেছি আমাদের বাংলাদেশের যে ঘার্টাত বাজেট তাতে কিন্তাবে অর্থের অপচয় হয় এবং বিভিন্ন স্থানে যে অর্থের অপচয় হয় এবং বিভিন্ন স্থানে যে অর্থের অপচয় হয় এবং তারও উল্লেখ করেছি। এই প্রসংগ্য আমি একটা কথা বলব। তিনি প্রেই বলেছেন যে জনসাধারণের আয়, মাথাপিছ্ যে আয় তা বৃদ্ধি হয়েছে কিন্তু সেকথা সত্য নয়। বর্তমানে প্রত্যেকটি জিনিসের—নিতাপ্রয়োজনীয় জিনিসের—চাল, ডাল, তেল প্রভৃতির দাম বেড়ে গিয়েছে এবং অল্প আয়বিশিন্ট লোকদের খ্বই কন্ট হচ্ছে। কাল্কেই তিনি যা বলেছেন তা সত্য নয়। প্রমিকদেরও আয় বাড়ে নাই। প্রত্যেকটি জিনিসের দাম বেড়ে গেছে—তেল, সাবান, ডাল ইত্যাদির দাম বেড়ে গেছে একথা তো তারা নিজেরাই স্বীকার করেছেন। কাজেই আয় তো বাড়ে নি বরং দাম জিনিসের বৃদ্ধি পাওয়ায় আয় কমেছে বলতে হবে। কারণ এই যে প্রচুর টাকা রিলিফএর জন্য খরচ করতে হয় সাণিলমেন্টারি বাজেটে যে টাকা চাওয়া হয়েছে এতেই তো প্রমাণিত হচ্ছে যে দেশের লোকের আয় কত কমে গিয়েছে।

এখানে আপনারা বলছেন দেশের লোকের আয় বেড়ে গিয়েছে, দেশের লোকের স্বাস্থ্য ভাল হয়ে গিয়েছে। আমি বাজেট আলোচনার সময় বিভিন্ন খাতে সমালোচনা করেছিলাম কিল্ত মন্ত্রীমহাশয়েরা কোন উত্তর দেন নি। শিক্ষা ব্যাপার সম্বন্ধে আমার বন্ধরা অনেক সমালোচনা करत्रष्ट्रनः। আমি এখানে সামান্য কিছ্ দে সম্বন্ধে বলব। প্রাইমারী শিক্ষা—এমনও অনেক গ্রাম আছে যেথানে ২০০-৩০০ ছেলে আছে কিন্তু সেথানে কোন স্কুল নাই। এখানে আমরা দেখতে পাচ্ছি প্রাইমারী এডুকেশন খেয়ালখ্রিশমত চালাচ্ছেন। ডিস্টিক্ট ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর তাদের নিজেদের খেয়ালখ্নিমত স্কুলকে গ্রান্ট দেন। আমি জানি ৩-৪ বছর ধরে অনেক স্কুল গ্রান্ট পায় নি। প্রাইমারী শিক্ষকরা বেতন ২-৩ মাস পায় নি, এমন কি অনেক জায়গায় ৫-৬ মাস পর্যন্ত বেতন পায় নি। আমি আপনাদের জিজ্ঞাসা করি যারা মাসে ৫০ টাকা করে মাইনে পায়, ২-৩ মাস যদি তারা মাইনে না পায় তাহ'লে স্হাী-পূত্র নিয়ে তারা কি করে বাঁচতে পারে? তাদের ত আর রোজগারের অন্য পন্থা নেই। তারা না থেয়ে শিক্ষাই বা কি করে দিতে পারে? শিক্ষা খাতে বায়বরান্দ করা হয়েছে ৯ কোটি টাকা। আপনারা বলছেন যে শিক্ষা ব্যবস্থা দিন দিন প্রসার লাভ করছে এবং শতকরা ৭৫ জন ছেলেমেয়ে দেশে শিক্ষা পাচ্ছে এটা একবারে অসত্য কথা। আমি জানি গ্রামে শতকরা ২৫ ভাগ ছাত্রছাত্রী স্কলে যায় কিনা সন্দেহ। তারপরে হেল্থএ নাকি অনেক টাকা খরচ করা হচ্ছে। মাননীয় স্বাস্থামন্ত্রী মহাশয় বলেছেন যে ৩০ হাজার টিউবওয়েল করার সিম্পান্ত করেছেন কিন্ত বেভাবে টিউবওয়েল খনন করা হচ্ছে তাতে ২০ কিম্বা ৩০ বছর কিম্বা ১৩০ বছর লাগবে তা তিনিই জানেন। আমি সম্প্রতি বীরভ্রমে গিয়েছিলাম, সেথানে ২টি গ্রামে অনেক লোক বাস করে, গত ১ বছর ধরে সেথানে টিউবওয়েল নষ্ট হয়ে গেছে তা সারানো হয় নি. গ্রামের লোকেরা টাকা তলে ইউনিয়নের প্রেসিডেন্টের হাতে দিয়েছে কিন্তু এখনও পর্যন্ত কোন টিউবওয়েল খনন করা হ'ল না। গ্রামের মেয়েদের এক मारेल मृत र्यटक भानीय कल সংগ্রহ করতে হয়। এই গ্রীষ্মকালে কি দারনে অবস্থা একবার ভেবে দেখুন। এদিকে স্বাস্থামন্ত্রী বলছেন যে, জনসাধারণের স্বাস্থা ভাল হচ্ছে, গ্রামে পানীয় জলের সমস্যার সমাধান তিনি করেছেন। তারপরে যা ২-১টা টিউবওয়েল খোঁড়া হচ্ছে, তা সামান্য ক্ষেক ফটে খুড়েই ছেডে দেওয়া হচ্ছে তাতে পানীয় জলের অভাব মিটছে না। সেইজন্য গ্রামে আজকে পানীয় জলের কি অবস্থা হয়েছে, তার দিকে একটা বিশেষ নজর দিতে বলি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on a point of order. The difficulty is if he goes into all these details, we are not ready here with any reply because we have not got the facts.

Janab Abdul Halim: I have drawn their attention to the question of primary schools for the last four years but that has not been fulfilled. How am I to believe that they will do it?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: In the Appropriation Bill it is inappropriate.

Janah Abdul Halim: I say this because you do not pay proper attention, you do not take measures. Why should we grant the money?

Mr. Chairman: If you bring in matters of detail it may not be possible for the Minister to reply.

Janab Abdul Halim: I am simply referring to one or two cases. I am not taking a long time. I am simply referring to how the Government moves.

লেবার সম্বন্ধে আমি দু'একটা কথা বলব।

I do not want to dilate much on this

লেবারএ আমরা দেখছি যে ট্রেড ইউনিয়ন এ্যান্টিভিটি নিয়ে যখনই আন্দোলন চলে, তথনই সেখানে মিল কর্তৃপক্ষের তরফ থেকে খ্ব বাধা দেওয়া হয়, ইন্টার্ফিয়ারেন্স করা হয়, কিন্তৃ লেবার ডিপার্টমেন্ট সেদিকে বিশেষ লক্ষ্য দেন না। সাধারণ যেসমস্ত নর্ম্যাল এ্যান্টিভিটিজ সেগ্রেল বন্ধ করে দেওয়া উচিত নয়। সেখানে শ্রমিক নেতা যারা ইউনিয়নের পক্ষে কাঞ্জ করে, শ্রমিক আন্দোলনকে সহায়তা করে, তাদের বিনা কারণে প্রিভেন্টিভ ডিটেন্সন এ্যান্টএ আটক করা হয়। শ্রমিক নেতা সীতারাম সিংকে প্রিভেন্টিভ ডিটেন্সন এ্যান্টএ এক বছর আটক করে রাখা হয়। তারপর দার্জিলিংএর কোন এক চা-বাগানে বোনাসএর দাবী নিয়ে আন্দোলন হয়েছিল তখন ট্রাইব্নাল এবং আই, এন, টি, ইউ, সি, ও ট্রেড ইউনিয়ন সকলে মিলিত হয়ে এক সিম্পান্ত উপনীত হয়েছিলেন য়ে, সেখানকার শ্রমিকদের বোনাস দেওয়া দরকার; অথচ সেখানকার মিল মালিকরা সেগ্রিল কার্যকরী করেন নি। এই হচ্ছে সাধারণভাবে শ্রমিক দম্ভরের গাফিলতি; এইভাবে লেবার ডিপার্টমেন্ট শ্রমিকের ন্বার্থে, তাদের উন্নতির জন্য কাজ করছেন। কিন্তু সতি্যকার তাঁরা কেবল মালিকেরই ন্বার্থ দেখেন।

দ্পীকার মহাশয়, আমি এখন প্রলিস সম্পর্কে দ্ব্রেকটা কথা বলতে চাই। ব্টিশ আমলে বাজেট আলোচনার সময়, তখনকার সরকার তাঁদের প্রলিসকে যেভাবে ডিফেন্ড করতেন, আজকে বর্তমানে আমাদের দেশ স্বাধীন হবার পরও, ঠিক সেই প্রেকার মনোভাব নিয়ে পশ্চিম বাংলা সরকার আমাদের প্রলিসকে ডিফেন্ড করছেন। আজ আমরা দেখছি বাংলার জনসাধারণ বঙ্গাবিহার সংঘ্রিভ চায় না, অথচ ডাঃ রায় নিজে থেকে এই প্রস্তাব করে বসলেন। এবং তার এই প্রস্তাব প্রচারের জন্য ও সমর্থনের জন্য তাঁরা প্রলিসের সাহায়্য নিয়ে বিভিন্ন জায়গায় মিটিং করছেন; সেখানে গাড়ি গাড়ি প্রলিস নিয়ে গায়ে বাবহার করছেন। জনমত যে প্রস্তাবের বির্দেধ, জনমত যা সমর্থন করে না, তাকে বিধান পরিষদে জাের করে প্রিলসের সাহায়্য প্রভৃতি নিয়ে স্বীকার করাবার চেন্টা হচ্ছে। এটা অত্যান্ত অন্যায় বলে আমি মনে করি।

তারপর এই প্রিলস সম্পর্কে দেশের লোকের ভীতি রয়েছে, তারা প্রিলসকে ঘ্ণার চোথে দেখে। ব্টিশ আমলে তাঁরা প্রিলসকে যেভাবে ব্যবহার করতেন, সেটা পরিবর্তন করেন নি। সেই সময় জনসাধারণের সপ্রেলস সহযোগিতা করেন নি: উপরক্তু তারাই দ্বনীতির প্রশ্রম্ম দেয়। সাতাকার যদি জনসাধারণের সহযোগিতা নিয়ে দ্বনীতি দ্র করতে চান, তাহ'লে নিশ্চয়ই এই দ্বনীতি দ্র হয়। থানাতে কেউ কিছু বলতে গেলে, তাকে গ্রাহ্য করা হয় না, তাকে কোন রকম প্রিলসের সাহায্য দেওয়া হয় না। আমাদের বাংলাদেশের বাজেটে যে ঘাটতি ও দেশের অর্থনৈতিক সংকটজনক যে অবস্থা, তাতে আমাদের প্রত্যেক বছর সেক্ষাল গভর্নমেন্টএর কাছে ঋণ করতে হয়। তার উপর রিফিউজী সমস্যা অত্যন্ত জটিল এবং বেকার সমস্যা ক্রমশঃ বেড়ে বাচছে। দ্বিতীয় পশুবার্ষিকী পরিকল্পনায় ডাঃ রায় স্বীকার করেছেন যে, ২ লক্ষ ৫০ হাজার লোকের চেয়ে বেশি লোকের সমস্যা দ্র করা সম্ভব হবে না। সেক্ষেত্রে আমরা কেমন করে এই অর্থ প্রয়োগ বিলকে সমর্থন করতে পারি? বাংলাদেশের জনসাধারণের অর্থ আমরা এইভাবে অপবায় করতে দিতে পারি না। অবশ্য সতিয়কার ভাবে, ঠিকমত বদি এই অর্থ বায় হয়, তাতে আমাদের আপত্তি নেই। সেইজন্য এই মাথাভারী বাজেট যদি জনসাধারণের সত্তিকারের উর্লাতর দিকে লক্ষ্য রাখা না হয়, তাহ'লে আমরা এই বাজেটকৈ কিছুতেই সমর্থন করতে পারি না।

[11-30—11-40 a.m.]

8j. Satya Priya Roy:

মিঃ চেয়ারম্যান, স্যার, এ্যাপ্রোপ্রিয়েশন বিল সম্পর্কে প্রথমে যে কথা মনে হর্মোছল, সেটা হচ্ছে সরকারের হাতে আর এক পয়সাও দেওয়া সংগত হবে কি না সেটা বিচার করতে হবে। এই সরকার যে রাজনৈতিক দলের প্রতিনিধিত্ব করছেন, সেই কংগ্রেসের যিনি নারক আমাদের পশিচম বাংলার, তিনি ঘোষণা করেছেন যে পশিচম বাংলার বাঁচবার কোন উপার নেই, আজ যিদ পশিচম বাংলা বিহারের সংগ্য সংযুক্ত হয়ে না যায় তাহ'লে তার ধরংস অনিবার্য। যে পশিচম বাংলা বাঁচতে চায়, যে পশিচম বাংলা সম্শিখশালী হয়ে উঠতে চায়, সেই পশিচম বাংলাকে বিশেষ করে আজ পশিচম বাংলার মধ্যে থেকেই তাকে সম্শিখশালী করে তোলা সম্ভবপর, সেখানে, পশিচম বাংলা সরকার যদি পরাজিত মনোভাবসম্পন্ন সরকার হয়, তাহ'লে তার হাতে একটি পয়সাও দেব কি না, সেটা বিচার্য বিষয়। বাস্তবিক এই সরকার সমস্ত ক্ষেত্রে পরাজিত হয়েছেন সে কথা তাঁরা নিজেরাই স্বীকার করেছেন।

তাঁরা বলেছেন—পশ্চিম বাংলার বেকার সমস্যা দূরে করা সম্ভবপর হবে না যদি বিহার ও পশ্চিম বাংলা একহিত না হয়। তাহ'লে এ সরকারের পক্ষে এ কথা আজকে পরিক্ষার হয়ে मौफ़ाटक रय, भीम्ठम वाश्नात मर्र्या स्थरक, भीम्ठम वाश्नात अर्थ वास करत भीम्ठम वाश्नारक সম্বিধশালী করবার কোন আশা ভরসা ও স্বপ্ন আমাদের এই পশ্চিম বাংলা সরকারের নাই। পশ্চিম বাংলার মত ক্ষুদ্র দেশ ইউরোপে আছে, তারা অনেক বেশি সমূন্ধ, যেমন ডেনমার্ক ও স্ক্যান্ডেনেভিয়া কান্ট্রিজ, তারা তো কখনও এ কথা বলে না যে আমাদের এ দেশে বাঁচবার উপায় নাই—যদি আমরা বৃহত্তর দেশের সঞ্চে যুক্ত হয়ে নিজেদের আত্মসত্তা সম্পূর্ণ বিলোপ করে না দেই। যে সরকার আমাদের দেশে শাসন চালাচ্ছে, সেই সরকার পরাজিত মনোভাব পরিষ্কারভাবে ব্যক্ত করেছে। তারা বিশ্বাস করতে পারছে না যে, পশ্চিম বাংলাকে এমনভাবে সমূদ্ধ করে তোলা যায় যে, পশ্চিম বাংলার সমস্যাগ,লির সমাধান এই পশ্চিম বাংলার ভেতর थ्यक्केट कतरू भाता यात्र। भिष्ठम वाश्नात्र य भिष्म-नम्भित नम्जावना त्रस्तर्ह, स्न न्वन्न, स्न পরিকল্পনা এ সরকারের নাই। আমি প্রশ্ন করি পশ্চিম বাংলা সরকারের কাছে যে. পশ্চিম বাংলায় শিল্প গ'ড়ে তুলবার সম্ভাবনা, তার ক্রষিব্যবস্থা উন্নততর করবার সম্ভাবনা কি সম্পূর্ণ শেষ হয়ে গেছে? সেদিক থেকে কিছু করবার উপায় নাই? যদি এই সরকার মনে করে খাকেন ষে, পশ্চিম বাংলার উদ্বাস্ত সমস্যার সমাধান তাঁরা করতে পারবেন না, তা'হলে এই সরকার যেন দেশের জনসাধারণের আর এক পয়সাও অপবার না করেন। এই পরাঞ্চিত মনোভাবসম্পত্ন সরকারের হাতে এই মোটা টাকা বার করবার ক্ষমতা দেওরা উচিত কি না তা ভাবতে হবে।

আমি শিক্ষক, শিক্ষা সম্পর্কে বায়বরান্দ সম্পর্কে বলবো। অত্যন্ত দুঃখের কথা বলবো— শিক্ষামলী বা শিক্ষা উপমন্ত্রী কেউই আজকের এই আলোচনা-সভায় উপস্থিত নাই। এটা যে আকস্মিক ঘটনা, তা নয়। শিক্ষাজগতে পশ্চিম বাংলার নিয়ম নীতি কিছু নাই। শিক্ষাজগতে বাংলাদেশ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে না। তার কারণ হচ্ছে যখনই শিক্ষা সম্পর্কে আলোচনা হয়ে থাকে. তখনই সাধারণভাবে দেখা যায় শিক্ষামল্ডী ও শিক্ষা উপমল্ডী দু'জনই অনুপস্থিত থাকেন। মুখ্যমন্ত্রী মহাশয়ের উপর যদি সমস্ত কিছু ব্যবস্থা করবার ভার এসে পড়ে তাহ'লে পরিন্কার বোঝা যায় তিনি তাঁর হাজার রকম কাজের মধ্যে নিশ্চয়ই সময় করে উঠতে পারবেন না যাতে শিক্ষার প্রত্যেকটা নীতি স্পরিচালিত করবার ভেতর দিয়ে শিক্ষানীতিতে সাফল্য লাভ করতে পারবেন। এই শিক্ষামন্ত্রীরা বোধ হয় তাঁদের দণ্ডরেও থাকেন না এবং শিক্ষা পরিচালনার দায়িত্ব ও সম্পূর্ণ অধিকার যে একজনের উপর দেওয়া হয়েছে তিনি হচ্ছেন শিক্ষাসচিব। অবশ্য তাঁর অনুপস্থিতিতে তাঁর সমালোচনা করছি না। শিক্ষামন্ত্রী ও শিক্ষা উপমন্ত্রী শিক্ষার দায়িত্ব এড়িয়ে সম্পূর্ণ অধিকার ও নীতির দায়িত্ব রেখে দিয়েছেন ঐ শিক্ষাসচিবের উপর। আমি তাই তার সমালোচনা করছি। বিশেষ করে আমাদের পশ্চিম বাংলার শিক্ষাসীচবের বিরুদ্ধে অভিযোগ শিক্ষক সমাজের পঞ্জীভূত হয়ে রয়েছে। শিক্ষাসচিবের উপর শিক্ষাজগতে কারও কোন আস্থা নাই এ কথা বার বার এই বিধান পরিষদে ঘোষণা করা হয়েছে। কিন্তু সেই সম্পর্কে মুখ্যমন্ত্রীই হোন বা শিক্ষামল্টীই হোন, কেউই এই শিক্ষাসচিবের বিরুম্থে অভিযোগ সম্পর্কে কোনরূপ তদম্ত করবার প্রয়োজনীয়তা অনুভব করেন নি। এই সম্পর্কে পশ্চিম বাংলার শিক্ষাজগতের সর্বত্র অনিয়মের রাজত্ব চলছে। এখানে শুধু টাকা খরচ হচ্ছে তা নয়, সেই টাকায় ভূতের ৰাপের শ্রাম্প হচ্ছে। তার একমাত কারণ হচ্ছে এই শিক্ষামন্ত্রী বা শিক্ষা উপমন্ত্রী কেউই এই শিক্ষানীতি পরিচালনা সম্পর্কে কোন দায়িত্ব গ্রহণ করছেন না। আমি সাধারণভাবে এ কথা বলতে পারি—প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাস্তর পর্যশ্ত এখানে এই পশ্চিম বাংলায় শিক্ষার কোন নিয়ম বা কোন নীতি নাই। এই প্রাথমিক শিক্ষার যে পাঠক্রম তৈরি করা হর, তার কোন নির্দিষ্ট ব্যবস্থা নাই। সম্পূর্ণ পাঠক্রম নির্ধারিত করবার ভার রয়েছে ডি, পি, আই-এর উপর, যে ডি, পি, আইকে কলেজগৃলির ইন্সপেক্সনএর ব্যবস্থা করতে হয়, যে ডি, পি, আইকে মাধ্যমিক শিক্ষার দারিত্ব গ্রহণ করতে হয়। স্তরাং মাধ্যমিক শিক্ষার সম্পূর্ণ দারিত্ব তার উপর চাপিয়ে দিয়ে, শুখু সাধারণ প্রশাসনিক কাজই নয়, কতটা কাজ কি করা হবে, কোন্ কোন্ বিষয়ে কি করা হবে, তারও নির্ধারণের দায়িত্ব যদি এই ডি, পি, আই-এর হাতে সম্পূর্ণ থাকে তাহ'লে স্কু পাঠক্রম এই প্রাথমিক শিক্ষা সম্পর্কে রচিত হওয়া সম্ভব নয়। বাস্তবিক পক্ষে পশ্চিম বাংলায় প্রাথমিক শিক্ষার কোন সুষ্ঠা পাঠক্রম নাই।

আজ নতন নিয়ম পশ্চিমবংগে প্রাথমিক শিক্ষায় প্রবৃতিত হয়েছে, এটা আদর্শের কথা হতে পারে। কিন্তু যেখানে শিক্ষক ৫৫ টাকা বেতন পাচ্ছেন, যেখানে শিক্ষক মন প্রাণ দিয়ে তাঁর দায়িত্ব পালন করবার সুযোগ থেকে বণ্ডিত হচ্ছেন, সেখানে শিক্ষার যেটুকু সুযোগ ছিল, পাঠ্য-প্রুস্তক রহিত করে দিয়ে আদর্শের ধনজা তুলে দেওয়া হয়েছে, ফলে যেটকু বাবস্থা আমাদের দেশে ছিল সেট্রকুও ধরংস করা হয়েছে। প্রাথমিক শিক্ষার পর পরীক্ষার ব্যবস্থা ছিল, সেই পরীক্ষা ব্যবস্থা তুলে দিয়ে যেটকু পরীক্ষা আছে—স্কলাসিপ পরীক্ষা—অবর্জেক্টিভ টেস্টের নামে অম্ভত জিনিসের অবতারণা করে প্রাথমিক শিক্ষার ষেট্রক ব্যবস্থা আমাদের দেশে ছিল সেট্রককেও নস্যাৎ করে দেওয়া হয়েছে। অবজেক্টিভ টেস্ট প্রচলন করা উচিত কি না সে সম্পর্কে পূথিবীর শিক্ষাবিদদের মধ্যে মততেদ দেখা দিয়েছে। আমাদের দেশের শিক্ষাবিদদের, বিশেষতঃ যারা সরকারী শিক্ষা পরিচালনা করছেন, তাঁদের মধ্যে দেখা যায় পৃথিবীর কোথাও কিছু অম্ভূত পরিকল্পনা গজালো কি অমনি সেটা তাড়াতাড়ি গ্রহণ করেন এবং এখানে যে ব্যবস্থা চাল, আছে তা নিয়ন্ত্রণের ব্যবস্থা না করে অম্ভত এবং অকেন্ডো পরিকল্পনা চালিয়ে দেবার ব্যবস্থা সরকারও করেন। তারপর প্রাথমিক শিক্ষার পাঠকমের সংখ্য মাধ্যমিক শিক্ষার পাঠকমের কোন যোগাযোগ নাই। প্রাথমিক শিক্ষা শেষ করে শিক্ষার্থী বখন মাধ্যমিক শিক্ষালয়ে এলে উপস্থিত হয় তখন পরিজ্কার দেখা যায় যে মাধ্যমিক শিক্ষালরে পাঠ আরম্ভ করবার জন্য বেসমস্ত যোগ্যতা তার প্রাথমিক বিদ্যালয়ে অর্জন করা উচিত ছিল সেসমস্ত সে অর্জন করতে পারে নাই। শিক্ষক আমরা, প্রাথমিক শিক্ষার ব্যাপারে যে যথেষ্ট কর্তব্য করতে পারছি সে দাবী আমরা করছি না, কিল্ড প্রাথমিক শিক্ষক, মাধ্যমিক শিক্ষক কি উচ্চ শিক্ষক তাদের বে আজ দেশের প্রতি, জাতির প্রতি আর সকল শ্রেণীর চেয়ে যে কর্মনীতি পৃথক এ থেকে তা বোঝা যাবে না, তাদের কর্তব্য সম্বন্ধে যে তারা সচেতন নন তা নয়, স্বাধীন ভারতবর্ষকে উন্নত করবার স্বণ্ন তাঁরাও দেখেন। কিন্তু অর্থনৈতিক জীবনে এমন একটা স্তরে তাঁদের রাখা হয়েছে যে, কিছুতেই তাঁদের দায়িত্ব সম্পূর্ণরূপে পালন করা সম্ভবপর নর।

দ্বিতীয়তঃ শিক্ষকদের শিক্ষানীতি সম্পর্কে সবচেয়ে বড় কথা হচ্ছে, শিক্ষকদের কোন রকম যোগ-জিজ্ঞাসা বা তাঁদের সপ্পে কোন রকম আলোচনা করা হয় না। জগতের মধ্যে পশ্চিম বাংলাতেই এই একটা অম্ভূত ব্যবস্থা যে, যে যেকাজ করে তাকে সেটা থেকে সরিয়ে রেখে যার ষেকাজ নয় তাকে সেখানে বসিয়ে দিয়ে নানা রকম বিশৃত্থলার স্, গ্টি করা, যেমন ম্কুল ফাইনাল পরীক্ষান্তে প্রমন্ধানে বিশ্ যায়। আমি শৃষ্ এই কথাই বলছি যে, যাঁরা মাধ্যমিক শিক্ষা পরিচালনা করেন না, তাঁদের উপর যতদিন বোর্ড পরিচালনার এবং প্রশ্ন রচনা করবার ভার থাকবে ততদিন প্রস্কৃত বিস্তুথলা হতে বাধ্য।

প্রাথমিক শিক্ষা সম্পর্কে আমাদের সরকার বলেছেন শতকরা ৭৫ জন ছান্রছানী প্রাথমিক বিদ্যালরে যোগদান করেছে। কিন্তু অধ্যাপক ক্ষিতীশ বাব্ যে পরিসংখ্যান নিরেছেন, তাতে বিভিন্ন প্রাথমিক বিদ্যালরে কত ছাত্র পড়ছে ২-৩ বছরের মধ্যেও সরকার সে সম্পর্কে কোন জবাব দেন নি। কেন জবাব দেন নি তা পরিজ্কার। কেননা সাধারণভাবে আমরা বলতে পারি যে, ৪র্থ শ্রেণীতে প্রাথমিক শিক্ষা সমাপন করে মান্র শতকরা ৩২ জন। আর শতকরা ৬৮ জন প্রথম, দ্বিতীর ও তৃতীর শ্রেণীতেই পাঠ সমাপন করে চলে যার। ও'রা যে কমিশন ও হার্টস কমিটি বিসরেছিলেন তারা পরিজ্কার ব্রিয়েছেন ৪র্থ শ্রেণী পর্যন্ত শিক্ষার কোন স্থারী শিক্ষা হতে পারে না, সেইজন্য ৬ বছর থেকে ১১ বছর অথবা ৫ বংসর প্রাথমিক শিক্ষার ব্যবস্থার জন্য আমাদের সমসত কমিশনের ও কেন্দ্রীর সরকারের নির্দেশ ররেছে।

[11-40-11-50 a.m.]

কিন্দু তা সত্ত্বেও পশ্চিম বাংলায় এই যে ৫ম শ্রেণীর অন্দুত ব্যবস্থা করা হয়ে গেছে এটা না প্রাথমিক শিক্ষায়, না মাধ্যমিক শিক্ষায় আছে। মাধ্যমিক শিক্ষা পর্যদ পরিন্দার বলেছেন ৫ম শ্রেণীর ব্যবস্থা করবার মতন তাঁদের কোন আয়োজন নাই। স্ত্রাং ৫ম শ্রেণীকে বলা যেতে পারে না ম্যানস ল্যান্ড—এটা প্রাথমিক শিক্ষার অন্তর্গতও নয়, মাধ্যমিক শিক্ষার অন্তর্গতও নয়, ৫ম শ্রেণী বিশন্ত্র মতন ঝুলে আছে। এবং ৫ বছরের প্রাথমিক শিক্ষার ব্যবস্থা যদি না করা হয়, তাহ'লে প্রাথমিক শিক্ষা খাতে যে অর্থ ব্যয় হচ্ছে তাতে শতকরা ৭০টি ছাত্র প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষালাভ করে কিছু দিন পরে নিরক্ষর হয়ে পড়ে। সেদিক থেকে প্রাথমিক শিক্ষা সন্দ্বন্ধে কোন নতন নীতি নাই আমাদের এই পশ্চিম বাংলায়।

দ্বিতীয়তঃ প্রাথমিক শিক্ষা সম্বন্থে ব্যবস্থা করতে গিয়ে যত বিভিন্ন রকমের প্রাথমিক শিক্ষা সরকার দিনের পর দিন গড়ে তুলছেন তা হিসাব করা কণ্টকর হয়ে দাঁড়িয়েছে। বেসিক স্কুল স্পান্সর্ড, রেফিউজী স্কুল, স্পোশাল ক্যাডার তারপর ওয়ান টিচার প্রাইমারী স্কুল—এই রকম বহু প্রেশীর স্কুল চলছে। এবং ঐ রকম করার ফলে বিশৃ, খেলার সৃণ্টি করে রেখেছেন। এবং এর ফলে প্রাথমিক শিক্ষার অগ্রগতি ব্যাহত হছে। প্রাথমিক শিক্ষার কথা বলতে গিয়ে যে কথা বন্ধ্বের আগে বলে গেলেন—২-৩-৪ মাস ধরে প্রাথমিক শিক্ষকেরা বেতন পান না, এ সমস্যা আজকের নয়, এ সমস্যা ন্তন দেখা দেয় নাই, এই সরকার যতদিন ধরে সরকারের গদিতে অধিষ্ঠিত আছেন, ততদিন থেকে প্রয়েজনীয় ব্যবস্থা না করার ফলে প্রাথমিক শিক্ষকরা বেতন পান না। ফলে প্রাথমিক শিক্ষককে আত্মহত্যা করতে হ'ল সময়্যমত বেতন পান নি বলে। যেমন ডি, ভি, সির কর্মচারীকে আত্মহত্যা করতে হয়েছে। এবং যথন ওরা শ্নাবেন যে প্রাথমিক শিক্ষক বেতন পান নাই এজন্য আত্মহত্যা করেছেন তখন বোধ হয় সরকার থেকে কিছু কিছু পাঠাবার ব্যবস্থা করবে, কিন্তু আমাদের প্রশন হচ্ছে এটা একটা ক্রনিক সমস্যা, একটা চিরন্তন সমস্যা, মান্ত ৫৫ টাকা বেতন, ভাও প্রাথমিক শিক্ষকরা মাস মাস পান না।

[At this stage the blue light was lit.]

Sir. I shall take some more time.

Mr. Chairman: How much longer do you want to speak?

- Sj. Satya Priya Roy: Sir, I shall take twenty minutes more. We are not allowed to move cut motions.
- Mr. Chairman: If you speak on salient points I am sure you will be able to finish quicker. You can speak for five minutes more.
- Sj. Nirmal Chandra Bhattacharyya: Our submission is that in fact we have to meet tomorrow. So, what is the harm if you give him more time?
 - Mr. Chairman: We are not meeting tomorrow.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Tomorrow is Saturday, and the Assembly will meet.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Then we can meet on Monday.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Monday is a holiday. After this, we have Appropriation Bill No. 2. That has to be passed, and there are two other Bills.

Sj. Nirmal Chandra Bhattacharyya: I can assure you, Sir, that on Appropriation Bill No. 2 we won't have much to say. Let the Chief Minister give us more time to discuss Appropriation Bill No. 1, the main one.

Mr. Chairman: Mr. Roy, please finish your speech quickly. If you confine yourself to the important points, you can finish within a much quicker time.

Sj. Satya Priya Roy: I shall try to obey the direction of the Chairman as far as it lies within my power.

মাধ্যমিক শিক্ষা সম্পর্কে সরকারের কোন নীতি নেই। আজ ২ বৎসরের উপর হ'ল, মাধ্যমিক শিক্ষা পর্যদ বাতিল হয়েছে, তা প্রনগঠিত হ'ল না। এই মাধ্যমিক শিক্ষা পর্যদ সম্পর্কে মন্ত্রীমণ্ডলীর বহু সিন্ধান্ত চালিয়ে দেওয়া হয়েছে। কিন্তু দঃখের বিষয় মাধামিক শিক্ষার প্রের্থিন একটা গ্রেম্পূর্ণ প্রশ্ন সেই প্রশ্ন মন্ত্রীমহাশয় তার দলের একটি সদস্যকেও জিজ্ঞাসা করেন নি। আমি কংগ্রেস পালি য়ামেন্টারী পার্টির বহু, সদস্যের সঙ্গে আলাপ আলোচনা করে দেখেছি, তারা পরিষ্কার করে বলেছেন যে কেবিনেট ডিসিশন তারা সমর্থন করে না। তাদের নিজেদের যে পরিকল্পনা রয়েছে সে পরিকল্পনায় মন্তীমহাশয় আমাদের সঙ্গে কোন রকম আলাপ আলোচনা না করেই মন্দ্রীসভা বা কেবিনেট সিম্পান্ত করেই বাজারে ছাপিয়ে প্রচার করে দিচ্ছেন। বাস্তবিক সিম্ধান্ত করার আগে—এই বৈপ্লবিক পরিকল্পনা করার আগে অন্ততঃ বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক শিক্ষা পর্যদ, পশ্চিমবংশের বিভিন্ন শিক্ষক সমিতি এবং বিশিষ্ট শিক্ষাবিদদের সংগ সরকারের গভীরভাবে আলোচনা করা উচিত ছিল। তারপর লক্ষ্ম দাক্ষ্ম টাকা সরকার যে শুধু মাল্টিপার্পাস ও ১১-ক্লাস হাই স্কলের জন্য খরচ করছেন সেটা সম্পূর্ণ অপচয় করছেন। আমরা সরকারের কাছে অনুরোধ জানিয়েছি এ সম্পর্কে আরও বিভিন্ন শিক্ষা সমিতি শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষাবিদদের সংখ্য আলাপ আলোচনা করে এই পরিকল্পনার পথে সরকারের অগুসর হওয়া উচিত। সরকারের বাজেটে দেখতে পাচ্ছি যে, উন্নয়ন খাতে মাধ্যমিক শিক্ষায় যে টাকা বরান্দ করা হয়েছে, তার শতকরা ৮০ ভাগ টাকা মাল্টিপার্পাস এবং ১১-ক্লাস স্কুলের জন্য বরান্দ করে রাখা হয়েছে। আমাদের অনুরোধ ও সাজেসসান হচ্ছে- এই যে টাকা, যে টাকা দিয়ে মাল্টিপ।পাস ও ১১-ক্লাস স্কুল করা হচ্ছে, সে টাকাটা মুন্টিমেয় ১০-১২-২০টা বিদ্যালয়ের পিছনে খরচ না করে পশ্চিমবংগের গ্রামাণ্ডলে যেসব বিদ্যালয় অর্থাভাবে সুষ্ঠুভাবে কার্য পরিচালনা করতে পারে না সেই স্কুলগালিকে যদি সুস্ঠা, সুস্থ ও সবল ও শঙিশালী করে তলে ক্রমশঃ একটা প্রস্তুতির মধ্য দিয়ে বর্তমান কাঠামোকে পরিবর্তিত করে সরকারের অগ্রসর হওয়া উচিত। মাধামিক শিক্ষা সম্পর্কে যে বোর্ড বাতিল হয়ে গেল সেই বোর্ড কতকগ্রিল নিয়মাবলী রচনা করেছিল। সেই নিয়মাবলী আজ ৪ বংসর হ'ল সরকারী দশ্তরে পড়ে আছে। সেগালি সরকার অনুমোদন করলেন কি করলেন না সেই সম্পর্কে কোন বিজ্ঞাপিত সরকার পক্ষ থেকে আজ পর্যানত আসে নি। বিশ্ববিদ্যালয়ের আমলে যেসব নিয়ম-কাননে ছিল সেই নিয়ম-কান্ন অনুসারে আজও মাধ্যমিক বিদ্যালয়গুলি পরিচালিত হচ্ছে অথচ সেই নিয়মকান্ন সম্বশ্ধে **रका**न ছाপान वरे विन्वविमानासार काছ थारक পाওয়া यात्र ना। তात करन, প্रधान निक्कता এवर পরিচালক সমিতি—তারা জানে না কোন নিয়মাবলী অনুসারে তাদের বিদ্যালয়গুলি পরিচালিত করতে হবে। তারপর গ্রান্ট-ইন-এইড রূলস সম্পর্কে বলা হয়েছে--হেডমাস্টার হবার যোগাতা হবে-এম-এ, বি-টি, किन्दा গুড এম-এ। তারপর এ্যাসিস্ট্যান্ট হেডমাস্টারদের যে যোগ্যতা থাকতে হবে তা হচ্ছে গুড় এম-এ, অর গুড় বি-টি। আমাদের দেশে এই রকম গুড় এম-এ, এবং গড়ে বি-টির সংখ্যা কত তা সরকার বিবেচনা করে দেখেছেন কি?

[11-50-12 noon.]

এইভাবে যদি শিক্ষক নিয়োগ করা হয়, তাহ'লে ৩০০টার কম দ্কুল পাওয়া যাবে। এইজন্য যদি এই নিয়মের পরিবর্তন না করা যায় তাহ'লে এখন ৯০০ বিদ্যালয় সরকার থেকে সাহায্য পাছেছ তার মধ্যে ৩০০টার বেশি কোন রকমেই সাহায্য পেতে পারবে না এবং ৬০০টা দ্কুল এই গ্রান্ট-ইন-এইড পাবে না।

Mr. Chairman: Sj. Roy, how long you will require?

Sj. Satya Priya Roy: Sir, I have several more points to raise. I am not dilating unnecessarily on one point. I am passing from one point to another. The Chief Minister ought to have allotted more time to the Opposition.

Mr. Chairman: Try to finish as quickly as possible.

Si. Satva Priva Roy: Only four members are speaking from our side and others are not speaking, but, Sir, if a member is gagged in this way, I am helpless. I am telling something which is useful to the Government. एप्रीनः मन्भटकं वना इराइए-यात्रा जानएप्रेटेन्ड िकार्म. जाता ७ वश्मदात्र मध्या यीन एप्रीनः ना त्नम् তাহ'লে ১৯৫৪ সালের পহেলা এপ্রিল থেকে যারা চাকরি করছিল তাদের চাকরি থাকবে না। এখন ১৯৫৪ সাল থেকে ২ বংসর চলেই গেল-আর ১ বংসর মাত্র আছে। এর মধ্যে চুচুড়ার শুধু একটা কলেজ করা হয়েছে সেখানে যেভাবে শিক্ষাদানের ব্যবস্থা করা হয়েছে তাতে ১০০টার বেশি শিক্ষার্থী কোন রক্মেই শিক্ষণ শিক্ষালাভ করতে পারে না। আন্ডার-গ্র্যাজ্বয়েট টিচারদের সংখ্যা শতকরা ৪০ জন—এইসব আন্ডার-গ্রাজ্রয়েট টিচারদের প্রত্যেককেই ট্রেনিং নিতে হবে র্বাদ সরকারী সাহাষ্য লাভ করতে হয়। অথচ আন্ডার-গ্র্যাজ্রয়েটদের ট্রেনিংএর কোন রকম ব্যবস্থা পশ্চিমবঙ্গে নেই। শা্ধ্ ১৫ জন আন্ডার-গ্র্যাজ্বয়েট টিচারের ট্রেনিংএর ব্যবস্থা করা হয়েছে। তারপর বাণীপুর বেসিক ট্রেনিং কলেজ। সেখানে তাদের কোন ডেপ্টেেশন এ্যালাউয়েন্স নেই। ১০ হাজার আন্ডার-গ্রাজ্বয়েট টিচার্স আছে—এর শিক্ষণ শিক্ষার কি ব্যবস্থা হয়েছে।—আর ১ বছরের মধ্যে এই শিক্ষণ শিক্ষা লাভ করতে না পারলে তারা চাকরি থেকে বরখাস্ত হবে। এই শিক্ষণ শিক্ষা দেবার দায়িত্ব সরকারের ছিল সে সম্পর্কে তারা কি করছেন? এ সম্বন্ধে ওয়েন্ট বেঞাল সেকেন্ডারী এনকোয়ারি কমিশন রিপোর্ট দিয়েছে তাতে নানা রকমভাবে তারা সরকারের কাছে সপোরিস করেছে কিন্তু বাজেটে এরজন্য মাত্র ২ লক্ষ টাকা আছে এবং এ দিয়ে একটামাত্র **কলেজ চচ**ডায় করা হয়েছে—এ ছাডা অন্য আর কোন ট্রেনিং ব্যবস্থা সম্ভব হয় নি।

তারপর উচ্চ শিক্ষা সম্পর্কে আমি বলি যে সরকারী কলেজ আছে, বে-সরকারী কলেজ আছে, তার মধ্যে আবার স্পান্সর্ভ বলে নৃতন শ্রেণীর কলেজ করে তার পিছনে যে টাকা দেওরা হচ্ছে সেটা সম্পূর্ণ দ্রান্ত নীতি। সেই দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ কর্রছি—এখানে স্পন্টভাবে সে পার্থক্য দেখা যায়।

শিক্ষা ছাড়াও আর একটা কথা বলতে চাই। কলকাতা হতে আরামবাগ ৪৬ মাইল দ্রে। আমাদের এখানে যখন টেনেসি ভ্যালির মত স্কীম ইতিমধ্যেই ৬৭ কোটি টাকা খরচ হরেছে। এর ফলে যদি আরামবাগ প্রভৃতি জারগা সমৃন্ধ না হয়ে ওঠে তাহ'লে কেন পশ্চিমবঙ্গের গরীব জনসাধারণের কাছ থেকে রাজস্ব আদায় করে এই ৬৭ কোটি টাকা খরচ করা হয়েছে! এই যে ডি, ভি, সি, হচ্ছে—এর সাহায্য নিয়ে ইলেকট্রিক ট্রেইন চালানর বন্দোবস্ত করা উচিত যাতে আরামবাগ, বাসরহাট, বারাসতে যা পশ্চিমবঙ্গের প্রাণকেন্দ্র তাদের সঙ্গে যোগাযোগ বারস্থার উন্নতি করা যায়। বাংলার স্কুর্র গ্রামাণ্ডলে যাতে যাতারাতের ও ব্যবসা-বাণিজ্যের স্কুবিধা হয় তারজন্য ইলেকট্রিক ট্রেনএর ব্যবস্থা করুন।

ম্বিতীয় হচ্ছে যে সরকার কোন পরিকল্পনা নিয়ে কাজ করেন না। ডি, ভি, সির যারা কর্মচারী, তাদের অন্য পরিকল্পনায় নিয়ে যাওয়া যাবে কি না, সে সম্বন্ধে তাঁদের কোন ছক্ নেই। বখন ডি, ভি, সির কর্মচারী বেকার হয়ে আত্মহত্যা করল, তখন সরকারের টনক নড়ল। আমি আশা করি সরকার এই সমস্ত বেকার সমস্যা সমাধানের দিকে দুল্টি দেবেন এবং দেশের যে অর্থনৈতিক দুর্দিন ঘনিয়ে এসেছে, তার সুবাহা করবার জন্য সরকার চেণ্টা করবেন।

আর একটা কথা বলে আমি আমার বন্ধবা শেষ করব। আমি আমাদের চেরারম্যান মহাশারকে ধন্যবাদ জানাছি, তিনি আমাকে ধথেন্ট সময় দিয়েছেন কিন্তু আর বেশি সময় না নিয়ে শা্ধ্ব একটা প্রশন করব যে, ৫৮ লক্ষ টাকা আমরা দেখতে পাছি সাশ্লিমেন্টারি বাজেটে এগ্রিকালচার ডিপার্টমেন্টের অফিসারদের জন্য এবং এন্টার্বালসমেন্টের জন্য থরচের ব্যবস্থা আছে। মন্ত্রী-মহাশয় বললেন যে পশ্চিম বাংলার দারিত্ব হচ্ছে শা্ধ্ব ঐ এন্টার্বালসমেন্ট রাখা। আমার কথা হচ্ছে যে এত টাকা খরচ করে এই সমস্ত করা হচ্ছে কিন্তু কত টাকার সার দেওয়া হয়েছে, মন্ত্রী-মহাশয় যখন জবাব দেবেন তার উত্তরে আমরা এটা জানতে চাই।

